গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# ২০১৮-২০১৯ অর্থবছরের
# কার্যাবলি সম্পর্কিত বার্ষিক প্রতিবেদন

বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়

# সূচীপত্র


| বিষয় | পৃষ্ঠা নং |
|---|---|
| পটভূমি ও ক্রমবিকাশ | ২-৩ |
| রুপকল্প, অভিলক্ষ্য ও কার্যাবলী | ৪ |
| সিটিজেন চার্টার | ৫-১৫ |
| অর্গানোগ্রাম | ১৬-১৮ |
| অধ্যায়- ১: প্রশাসন অধিশাখা | ১৯-২০ |
| অধ্যায়- ২: এনফোর্সমেন্ট অধিশাখা | ২১-৩১ |
| অধ্যায়-৩: ইঞ্জিনিয়ারিং অধিশাখা | ৩২-৪৫ |
| অধ্যায়- ৪: অপারেশন অধিশাখা | ৪৬-৬১ |
| অধ্যায়- ৫: রোড সেফটি অধিশাখা | ৬২-৭০ |
| অধ্যায় –৬: প্রশিক্ষণ অধিশাখা | ৭১-৭৭ |
| অধ্যায়- ৭: সচিব অধিশাখা | ৭৮-৭৯ |
| উত্তম চর্চা | ৮০ |

## পটভূমিঃ

বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি (বিআরটিএ) সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়াধীন একটি সরকারী প্রতিষ্ঠান। সড়ক পরিবহনের সার্বিক তত্ত্বাবধান, ব্যবস্থাপনা ও সুষ্ঠু নিয়ন্ত্রণের উদ্দেশ্যে মোটরযান অধ্যাদেশ, ১৯৮৩ এর ২এ ধারার ক্ষমতাবলে ১৯৮৭ সনের ডিসেম্বর মাসে বিআরটিএ গঠন করা হয়। সড়ক পরিবহন ব্যবস্থা নিরাপদ, প্রযুক্তি নির্ভর, সুশৃঙ্খল ও পরিবেশ বান্ধব করে গড়ে তোলা, সড়ক নিরাপত্তা সম্পর্কিত পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন, কারিগরি ও শিক্ষামূলক কার্যক্রম গ্রহণের মাধ্যমে দক্ষ চালক সৃষ্টি এবং সড়ক দূর্ঘটনা হ্রাসকরণের জন্য জনসচেতনতা বৃদ্ধির নিমিত্ত বিআরটিএ নিরলসভাবে কাজ করে যাচ্ছে। এ সংস্থা মোটরযান চালনার চালনার ড্রাইভিং লাইসেন্স, মোটরযানের রেজিস্ট্রেশন, ফিটনেস সার্টিফিকেট, ড্রাইভিং ইনস্ট্রাক্টর লাইসেন্স, রুট পারমিট, মোটরযান প্রস্তুতকারী  সংযোনকারী প্রতিষ্ঠান, মোটরযান বিক্রয়কারী প্রতিষ্ঠান, মোটরযান ওয়ার্কশপ, ড্রাইভিং প্রশিক্ষণ স্কুল, মোটরযান দূষণ পরীক্ষাকারী প্রতিষ্ঠান ইত্যাদির রেজিস্ট্রেশন প্রদান করে থাকে।

## ক্রমবিকাশঃ

১৯৬২ বাংলাদেশ  রোড ট্রান্সপোর্ট অথরিটি ১৯৬২ সালে "সুপারিনটেনডেন্ট অব রোড ট্রান্সপোর্ট মেইন্টেন্যান্স (SRTM)" হিসেবে আত্মপ্রকাশ করে। ৪৭ জনবল বিশিষ্ট (SRTM) এর পদগুলোর মধ্যে ১টি 'সুপারিনটেনডেন্ট এবং 'মোটর ভেহিক্যাল ইন্সপেক্টর', 'মেকানিক্যাল এসিসট্যান্ট' পদগুলো উল্লেখযোগ্য ছিল। 'SRTM'প্রথমে মোটরযানের ফিটনেস সার্টিফিকেট প্রদান, সরকারি গাড়ী মেরামত সংক্রান্ত পরিদর্শন রিপোর্ট প্রদান, দুর্ঘটনা কবলিত মোটরযান পরিদর্শন, লাইসেন্স কর্তৃপক্ষের নির্দেশক্রমে ড্রাইভিং পরীক্ষার্থীদের যোগ্যতা যাচাই, রেজিস্ট্রেশন কর্তৃপক্ষের নির্দেশক্রমে ড্রাইভিং পরীক্ষার্থীদের যোগ্যতা যাচাই, রেজিস্ট্রেশন কর্তৃপক্ষের নির্দেশক্রমে মোটরযানের পরিদর্শন রিপোর্ট প্রদান ইত্যাদির মাধ্যমে কার্যক্রম শুরু করে।

১৯৭৭ দেশের রাস্তা-ঘাট ও মোটরযানের সংখ্যা বৃদ্ধি পাওয়ায় ১৯৭৭ সনে 'সুপারিনটেনডেন্ট অব রোড ট্রান্সপোর্ট মেইন্টেন্যান্স (SRTM)' পুনর্গঠন করে 'ডাইরেক্টরেট অব রোড ট্রান্সপোর্ট মেইন্টেন্যান্স (DRTM)' নামকরণ করা হয়। এ সময়ে "ডাইরেক্টরেট অব রোড ট্রান্সপোর্ট মেইন্টেন্যান্স (DRTM)" এর জনবল ৪৭ থেকে বৃদ্ধি করে ৬২তে উন্নীত করা হয়।

১৯৮২ ১৯৮২ সাল পর্যন্ত ড্রাইভিং লাইসেন্স প্রদান সংক্রান্ত কাজ জেলা প্রশাসন হতে সম্পন্ন করা হত। ১৯৮২ সালের পর হতে বিআরটিএ গঠনের পূর্ব পর্যন্ত ড্রাইভিং লাইসেন্স প্রদান সংক্রান্ত কাজ পুলিশ বিভাগের উপর ন্যস্ত ছিল। পুলিশ বিভাগ কর্তৃক ড্রাইভিং লাইসেন্স প্রদানের সময় ড্রাইভিং পরীক্ষার্থীদের দক্ষতা যাচাইয়ের জন্য পৃথক একটি কম্পিটেন্সি বোর্ড থাকলেও এ বোর্ডের কার্যক্রম খুব একটা দেখা যেত না। লাইসেন্স কর্তৃপক্ষ (মেট্রোপলিটন এলাকার জন্য উপ-পুলিশ কমিশনার ট্রাফিক এবং জেলার জন্য পুলিশ সুপার) এর নির্দেশক্রমে সার্জেন্ট বা মোটরযান পরিদর্শক কর্তৃক ড্রাইভিং পরীক্ষার্থীদের পরীক্ষা গ্রহণ করা হতো।

১৯৮৭ বিআরটিএ গঠনের পূর্বে মোটরযান সংক্রান্ত বিভিন্ন কার্যাবলী যেমন- মোটরযান রেজিস্ট্রেশন, ফিটনেস সার্টিফিকেট প্রদান, সরকারি গাড়ী মেরামত ও অকেজো ঘোষণাকরণ, ড্রাইভিং লাইসেন্স ইস্যু ও নবায়ন, রুট পারমিট প্রদান, মোটরযানের রাজস্ব আদায় ইত্যাদি মন্ত্রণালয় ও বিভিন্ন সংস্থার উপর ন্যস্ত ছিল। মোটরযান রেজিস্ট্রেশন ও ড্রাইভিং লাইসেন্স সংক্রান্ত কাজ পুলিশ বিভাগ, আন্তঃজেলা রুট পারমিট ও বিশেষ রেজিস্ট্রেশন সংক্রান্ত কাজ তদানিন্তন যোগাযোগ মন্ত্রণালয়, আঞ্চলিক রুট পারমিট সংক্রান্ত কাজ জেলা প্রশাসন, রাজস্ব আদায় ডাকবিভাগ ও মোটরযানের ফিটনেস ইস্যু/নবায়ন সংক্রান্ত কাজ DRTM সম্পাদন করত। মোটরযান সংক্রান্ত কাজ একই সংস্থা থেকে সমপাদন করার লক্ষ্যে মালিক সমিতির দাবীর প্রেক্ষিতে ১৯৮৭ সনে "ডাইরেক্টরেট অব রোড ট্রান্সপোর্ট মেইন্টেন্যান্স (DRTM)" এর ৬২ জনবলসহ মোট ২৯১ জনবল সম্বলিত বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি সৃষ্টি করা হয়। এর মধ্যে উল্লেখযোগ্য পদগুলো ছিলো ১ (এক) জন চেয়ারম্যানের অধীনে ২ (দুই) জন পরিচালক, ১ (এক) জন সচিব, ৪ (চার) জন উপ-পরিচালক, ২৬ (ছাব্বিশ) জন সহকারী পরিচালক, ৫৬ (ছাপান্ন) জন মোটরযান পরিদর্শক ইত্যাদি।

১৯৯০ ১৯৮৭ সালে বিআরটিএ গঠিত হলেও বিআরটিএ'র মাধ্যমে সারাদেশে মোটরযানের ড্রাইভিং লাইসেন্স ও রেজিস্ট্রেশন প্রদানের কাজ মূলতঃ ১৯৯০ সাল থেকে শুরু হয়।

১৯৯২ ১৯৯২ সালে ২৯ জানুয়ারি বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ১৯৯২ গেজেট আকারে প্রকাশিত হয়।

১৯৯৫ গ্রাহক সেবার মানোন্নয়নের লক্ষ্যে বিআরটিএ'র কর্মপদ্ধতি কম্পিউটারাইজেশন করা হয়। জানুয়ারি/১৯৯৫ থেকে বিভিন্ন কাজকর্ম কম্পিউটারাইজেশনের মাধ্যমে সম্পন্ন করা শুরু হয়। বিশ্বব্যাংকের আর্থিক সহায়তায় সমগ্র দেশের সাথে বিআরটিএ'র কার্যাবলি কম্পিউটার নেটওয়ার্কের আওতায় আনায়নের কার্যক্রম সম্পন্ন হয় এবং বিআরটিএ'র ওয়েবসাইট চালু করা হয়।

১৯৯৯ ১৯৯৯ সাল হতে পেপারবুক ড্রাইভিং লাইসেন্সের পরিবর্তে হলোগ্রামযুক্ত প্লাস্টিক কার্ড ড্রাইভিং গ্রহণ করা হয়।

২০০৪ বিআরটিএ রোড সেফটি সেল নামক প্রকল্পের ২০ জন কর্মকর্তা/কর্মচারীকে অস্থায়ী ভিত্তিতে রাজস্ব খাতের স্থানান্তর করার প্রস্তাবে সংস্থাপন মন্ত্রণালয় কর্তৃক সম্মতি জ্ঞাপন করা হয়। অর্থ মন্ত্রণালয় কর্তৃক উক্ত ২০জনের মধ্যে ১৯ জন জনবলের সুপারিশ করা হয়। ফলে ২০০৪ সালে বিআরটিএ'র মোট জনবলের সংখ্যা ২৯১ থেকে ৩১০ এ উন্নীত হয়। ২০০৪ সালে বিআরটিএ'র ১৯টি আঞ্চলিক অফিস এবং ৪৬টি জেলা অফিসের মাধ্যমে কার্যক্রম সম্পাদন করা হতো।

৪৬টি জেলা অফিসে অস্থায়ীভাবে কার্যক্রম পরিচালনা করা হতো। কারণ, বিআরটিএ'র বৃহত্তর জেলা ব্যতীত নবসৃষ্ট জেলায় কোনো স্থায়ী অফিস তৎকালীন সময়ে ছিল না। আঞ্চলিক অফিস হতে ২/১ জন কর্মকর্তা কর্তৃক মাসিক ২/৪ দিন ভ্রমনের মাধ্যমে জেলা অফিসের কার্যক্রম পরিচালনা করা হত।

২০০৯ ২০০৯ সাল থেকে ৩৮ টি জেলা ও ৫টি মেট্রো এলকায় সারে্কল অফিস চালু করা হয়। ফলে বিআরটিএ'র কার্যক্রমে গতি সঞ্চারিত হয়।

২০১০ প্রচলিত স্ট্যাম্প, জমা ফয়েলের মাধ্যমে মোটরযানের কর ও ফি জমাদানের পরিবর্তে স্বচ্ছতা, জবাবদিহিতা প্রতিষ্ঠা এবং রাজস্ব আদায় বৃদ্ধির লক্ষ্যে ১৪ নভেম্বর ২০১০ তারিখ থেকে মোটরযানের যাবতীয় কর ও ফি অনলাইন ব্যাংকিং পদ্ধতিতে আদায় কার্যক্রম শুরু করা হয়। মোটরযানের রেজিস্ট্রেশন সংক্রান্ত ডাটা নিরাপদ সংরক্ষণের জন্য বিআরটিএ ইনফরমেশন সিস্টেম প্রবর্তন করা হয়।

২০১১ ১৭ অক্টোবর ২০১১ তারিখ থেকে ইলেকট্রনিক চিপযুক্ত হাই সিকিউরিটি স্মার্ট কার্ড ড্রাইভিং লাইসেন্স প্রবর্তন করা হয়।

২০১২ মোটরযান ব্যবস্থাপনার শৃঙ্খলা আনয়নের নিমিত্ত ম্যানুয়াল নাম্বারপ্লেটের পরিবর্তে রেট্রো-রিফ্লেক্টিভ নাম্বারপ্লেট ও আরএফআইডি ট্যাগ প্রবর্তন করা হয়। এছাড়া প্রচলিত পেপারবুক রেজিস্ট্রেশন সার্টিফিকেটের পরিবর্তে চিপযুক্ত অত্যাধুনিক ডিজিটাল রেজিস্ট্রেশন সার্টিফিকেট প্রবর্তন করা হয়। মোটরযানের গতিবিধি পর্যবেক্ষণের নিমিত্ত ঢাকা শহরের গুরুত্বপূর্ণ ১২ (বার)টি ট্রাফিক পয়েন্টে পরীক্ষামূলকভাবে আরএফআইডি স্টেশন স্থাপন করা হয়। মোটরযানের রেট্রো-রিফ্লেক্টিভ নাম্বারপ্লেট, আরএফআইডি ট্যাগ প্রস্তুত ও সংযোজনের জন্য এবং ডিজিটাল রেজিস্ট্রেশন সার্টিফিকেটের জন্য মোটরযান মালিকের বায়োমেট্রিক প্রদান এবং সংগ্রহের জন্য এসএমএস সিস্টেম প্রবর্তন করা হয়।

২০১৪ সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব ওবায়দুল কাদের এমপি কর্তৃক গত ৪ এপ্রিল ২০১৪খ্রিঃ তারিখে 'বিআরটিএ ভবন' নির্মাণ কাজের শুভ উদ্বোধন ও ভিত্তি প্রস্তর স্থাপন করা হয়।

২০১৬ কোইকা'র কারিগরি ও আর্থিক সহায়তায় বিআরটিএ সদর কার্যালয়ে আধুনিক ডাটা সেন্টার এবং ওয়েব পোর্টাল স্থাপন করা হয়। এছাড়া ঢাকার মিরপুরস্থ বিআরটিএ অফিসে স্বয়ংক্রিয়ভাবে মোটরযানের ফিটনেস সনদ নবায়নের জন্য ভেহিক্যাল ইন্সপেকশন সেন্টার চালু করা হয়। পুশপুল এসএমএস এর মাধ্যমে মোটরযান ও ড্রাইভিং লাইসেন্সের তথ্য জানার সুযোগ তৈরী করা হয়। ২০১৬ সাল থেকে অত্যাধুনিক পলিকার্বনেট ডুয়েল ইন্টারফেজ (Contact and Contactless) স্মার্ট কার্ড ড্রাইভিং লাইসেন্স চালু করা হয়েছে। ২০১৬ সালের ৯ই মে বিআরটিএ কর্মকতা ও কর্মচারী নিয়োগ বিধিমালা-১৯৯২ (সংশোধিত) গেজেট আকারে প্রকাশিত হয়।

২০১৭ ২০১৭ সালের ১৯ জুলাই বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ আইন গেজেট আকারে প্রকাশিত হয়। বিআরটিএ'র বর্তমান সাংগঠনিক কাঠামো অনুযায়ী অনুমোদিত জনবলের সংখ্যা ৮২৩ জন। এর মধ্যে বিআরটিএ সদর কার্যালয়সহ বিভাগীয় অফিস এবং সার্কেল অফিসে ৬৫৬ জন কর্মকর্তা/কর্মচারী কর্মরত আছেন। বিআরটিএ'র ০৭ (সাত)টি বিভাগীয় অফিস এবং সার্কেল অফিসে ৬৫৬ জন কর্মকর্তা/কর্মচারী কর্মরত আছেন। বিআরটিএ'র ০৭ (সাত)টি বিভাগীয় অফিস, ৫৭ (সাতান্ন) টি জেলা সার্কেল অফিসের মধ্যে ৫০ (পঞ্চাশ)টি পৃথক সার্কেল অফিস এবং ০৭ (সাত)টি সংযুক্ত সার্কেল অফিস।

২০১৮ ৭টি সংযুক্ত সার্কেলকে বিভক্ত করে আলাদাভাবে যথা- মেহেরপুর, পঞ্চগড়, লালমনিরহাট, শরীয়তপুর, নড়াইল, ঝালকাঠি ও বরগুনা জেলায় নতুন সার্কেল অফিস স্থাপনের প্রস্তাব সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে প্রেরণ করা হয়েছে। নবসৃষ্ট ময়মনসিংহ বিভাগে বিআরটিএ এর ময়মনসিংহ বিভাগীয় বিভাগীয় কার্যালয় সৃষ্টির উদ্যোগ নেয়া হচ্ছে।

২০১৯ ১ম পর্যায়ে ১৭টি জেলায় প্রশিক্ষণ একাডেমি স্থাপনের জন্য বিআরটিএ'র সাংগঠনিক কাঠামোতে স্থায়ীভাবে জনবল সৃষ্টির উদ্যোগ গ্রহণ করা হয়েছে। বিআরটিএ'র প্রতিটি জেলায় **BRTA Office cum Motor Driving Testing, Training & Multipurpose Center (BMDTTMC)** স্থাপনের জন্য জমি অধিগ্রহণের কাজ চলমান রয়েছে। ইতোমধ্যে ময়মনসিংহ জেলায় **BRTA Office cum Motor Driving Testing, Training & Multipurpose Center (BMDTTMC)** স্থাপনের জন্য ডিপিপি প্রস্তুতের কাজ সম্পন্ন হয়েছে। এছাড়াও রাঙ্গামাটি, কুমিল্লা, নোয়াখালী ও ফরিদপুর জেলায় জমি ক্রয়/অধিগ্রহণের কাজ সম্পন্ন হয়েছে। বিআরটিএ'র সকল সেবা অনলাইনে কেন্দ্রীয়ভাবে প্রদান করার জন্য বিআরটিএ সার্ভিস পোর্টাল (বিএসপি) সকলের জন্য উন্মুক্ত করে দেয়া হয়েছে। বিআরটিএ'র মিরপুর অফিসে ১৫ লেন বিশিষ্ট ভেহিক্যাল ইন্সপেকশন সেন্টার স্থাপনের জন্য পরামর্শক নিয়োগ করা হয়েছে।

## রুপকল্প (Vision):
ডিজিটাল ও টেকসই সড়ক পরিবহন ব্যবস্থা।

## অভিলক্ষ্য (Mission):
দেশের আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে একটি ডিজিটাল সমৃদ্ধ, টেকসই, পরিবেশ বান্ধব, সাশ্রয়ী, নিরাপদ ও আরামদায়ক সড়ক পরিবহন ব্যবস্থা গড়ে তোলা।

## কার্যাবলি (Functions):
১. মোটরযান চালনার ড্রাইভিং লাইসেন্স, মোটরযানের রেজিস্ট্রেশন, ফিটনেস সার্টিফিকেট, ড্রাইভিং ইসন্ট্রাক্টর লাইসেন্স, রুটপারমিট ইত্যাদি প্রদান;
২. মোটরযান প্রস্তুতকারী ও সংযোজনকারী প্রতিষ্ঠান, মোটরযান বিক্রয়কারী প্রতিষ্ঠান, মোটরযান ওয়ার্কশপ, ড্রাইভিং প্রশিক্ষণ স্কুল, মোটরযান দূষণ পরীক্ষাকারী প্রতিষ্ঠান ইত্যাদির রেজিস্ট্রেশন প্রদান;
৩. যাত্রী ও পণ্য পরিবহণ সার্ভিস কার্যক্রম তদারকি ও নিয়ন্ত্রণ;
৪. সরকারি মোটরযান মেরামত ও অকেজো ঘোষণার নিমিত্ত পরিদর্শন প্রতিবেদন প্রদান;
৫. সড়ক দুর্ঘটনা জড়িত মোটরযানের পরিদর্শন প্রতিবেদন প্রদান;
৬. সড়ক নিরাপত্তা সম্পর্কিত কার্যক্রম গ্রহণ;
৭. ট্রাফক চিহ্ন, সংকেত, গতিসীমা ইত্যাদি নির্ধারণ;
৮. ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ) অধিক্ষেত্র ব্যতীত অন্যান্য এলাকায় সমন্বিত রুটনেটওয়ার্ক পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন;
৯. মোটরযানের টাইপ ও শ্রেণির নমুনা অনুমোদন এবং তদনুযায়ী নির্মাণ ও চলাচল নিয়ন্ত্রণ;
১০. মোটরযানের এক্সেল লোড ও ওজনসীমা নির্ধারণ ও নিয়ন্ত্রন;
১১. আঞ্চলিক পরিবহণ কমিটি গঠন ও ইহার কার্যক্রম তদারকি, পরিবীক্ষণ ও সমন্বয়;
১২. মোটরযানের কর ও ফি আদায় এবং সরকারের পুর্বানুমতিক্রমে মোটরযানের ফি নির্ধারণ;
১৩. গণপরিবহনের ভাড়া নির্ধারণ সংক্রান্ত সুপারিশ প্রণয়ন;
১৪. যে কোন এলাকা বা অধিক্ষেত্রের মধ্যে সরকারের পূর্বানুমতিক্রমে মোটরযান ও গণপরিবহণের সংখ্যা নির্ধারণ ও নিয়ন্ত্রণ;
১৫. উপরি-উক্ত কোন বিষয়ের সহিত প্রাসঙ্গিক অন্য যে কোন কাজ; এবংৎ
১৬. সরকার কর্তৃক সংশিস্ট অন্য কোনো আইন, বিধি, প্রবিধান দ্বারা প্রদত্ত অন্যান্য দায়িত্ব।

## এসডিজি (টেকসই উন্নয়ন অভীষ্ট)ঃ
United Nations Decade of Action for Road Safety ২০১১-২০২০ এবং জাতিসংঘ ঘোষিত টেকসই উন্নয়ন অভীষ্ট (SDG) ২০৩০ এর Goal-3.6 অনুযায়ী বাংলাদেশ ২০২০ সালের মধ্যে সড়ক দুর্ঘটনায় আহত ও নিহতের সংখ্যা অর্ধেকে নামিয়ে আনতে অঙ্গীকারাবদ্ধ। টেকসই উন্নয়ন অভীষ্টের নিম্নোক্ত লক্ষ্যমাত্রা অর্জনে এ অথরিটি, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সাথে কাজ করছে।

**Goal-3** **:** Ensure healthy lives and promote well-being for all at all ages.
**Target-3.6:** By 2020 halve the number of global deaths and injuries from road traffic accidents.

**লক্ষ্যমাত্রা ৩.৬** **:** সব বয়সী সকলের উন্নত জীবনমান ও স্বাস্থ্যকর জীবন নিশ্চিত করার জন্য ২০২০ সালের মধ্যে সড়ক দূর্ঘটনায় আহত ও নিহতের সংখ্যা অর্ধেকে নামিয়ে আনা।

উল্লেখিত লক্ষ্য অর্জনে ইতোমধ্যে বিআরটিএ কর্তৃক গাড়ীচালকদের প্রশিক্ষণ সংক্রান্ত বিভিন্ন কার্যক্রম গ্রহণ করা হয়েছে। ২০১৬-১৭ অর্থবছর থেকে পেশাজীবি গাড়ীচালকদের ড্রাইভিং লাইসেন্স নবায়নকালে প্রশিক্ষণ প্রদান বাধ্যতামুলক করা হয়েছে। ২০১৭-১৮ অর্থবছরে ৮৪,০১৯ জন পেশাদার চালককে বিআরটিএ কর্তৃক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ২০১৭-২০১৮ অর্থবছরে সড়ক নিরাপত্তা ও গণসচেতনতা বৃদ্ধিমুলক স্লোগান সম্বলিত বিভিন্ন প্রকার ৮,২১,৪৭৮টি লিফলেট ও ৪,৯৮,৫৬৬টি স্টিকার বিতরণ করা হয়েছে। বিআরটিএ কর্তৃক মোটরযানের ফিটনেস নবায়ন প্রক্রিয়া স্বয়ংক্রিয়ভাবে করার লক্ষ্যে ইতোমধ্যে বিআরটিএ'র ঢাকা মেট্রো-১ সার্কেলে ভেহিক্যাল ইন্সপেকশন সেন্টার (VIC) স্থাপন করা হয়েছে এবং ১৭টি বৃহত্তর জেলায় ভিআইসিসহ মাল্টিপারপাস ট্রেনিং এন্ড টেস্টিং সেন্টার স্থাপনের লক্ষ্যে কার্যক্রম গ্রহণ করা হয়েছে। সড়ক নিরাপত্তামূলক কার্যক্রম ব্যাপকভাবে গ্রহণ করা হয়েছে।

# সিটিজেন চার্টারঃ

১। ভিশন ও মিশন

- **ভিশন**
  একটি ডিজিটাল ও টেকসই সড়ক পরিবহন নিয়ন্ত্রণ ব্যবস্থা।

- **মিশন**
  দেশের আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে একটি ডিজিটাল, টেকসই, পরিবেশবান্ধব, সাশ্রয়ী ও আরামদায়ক সড়ক পরিবহন নিয়ন্ত্রণ ব্যবস্থা গড়ে তোলা।

## ২। সেবা প্রদান প্রতিশ্রুতি

### ২.১। নাগরিক সেবা

| ক্র. নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র ও প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (পদবি, ফোন নম্বর ও ইমেইল) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১। | শিক্ষানবিশ ড্রাইভিং লাইসেন্স ইস্যু (অপেশাদার) | গ্রাহকের বর্তমান/স্থায়ী ঠিকানা অনুযায়ী বিআরটিএ'র সংশ্লিস্ট সার্কেল অফিসে আবেদন করতে হয়। সংশ্লিস্ট কর্তৃপক্ষ শিক্ষানবিশ লাইসেন্স ইস্যু করবে। | (১) পূরণকৃত নির্ধারিত আবেদন;<br>(২) নির্ধারিত ফি জমাদানের রশিদ;<br>(৩) রেজিষ্টার্ড ডাক্তার কর্তৃক মেডিকেল সার্টিফিকেট;<br>(৪) ন্যাশনাল আইডি কার্ড / জন্ম সনদ/ পাসপোর্ট-এর সত্যায়িত ফটোকপি;<br>(৫) সদ্য তোলা ০৩ কপি স্ট্যাম্প সাইজ ও ০১ কপি পাসপোর্ট সাইজ ছবি;<br>(৬) অস্থায়ী ঠিকানার প্রয়োজনীয় প্রমাণক (ভাড়ার চুক্তিপত্র/ইউলিটি বিলের কপি); | ক) মোটরসাইকেল অথবা হালকা মোটরযান- ৩৪৫/- টাকা (ভ্যাটসহ)<br>খ) মোটরসাইকেল ও হালকা মোটরযান- ৫১৮/- টাকা | ০১ দিন | সহকারী পরিচালক (ইঞ্জিঃ) ও লাইসেন্সিং কর্তৃপক্ষ বিআরটিএ সার্কেল অফিস |
| ২। | শিক্ষানবিশ ড্রাইভিং লাইসেন্স ইস্যু (পেশাদার) | গ্রাহকের বর্তমান/স্থায়ী ঠিকানা অনুযায়ী বিআরটিএ'র সংশ্লিষ্ট সার্কেল অফিসে আবেদন করতে হয়। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ শিক্ষানবিশ লাইসেন্স ইস্যু করবে। | (১) পূরণকৃত নির্ধারিত আবেদন ফর্ম (ফর্ম ডাউনলোড লিংক: https://goo.gl/wE4CV1);<br>(২) নির্ধারিত ফি জমাদানের রশিদ,<br>(৩) রেজিষ্টার্ড ডাক্তার কর্তৃক মেডিকেল সার্টিফিকেট;<br>(৪) ন্যাশনাল আইডি কার্ড/জন্ম সনদ/পাসপোর্ট-এর সত্যায়িত ফটোকপি;<br>(৫) সদ্য তোলা ০৩ কপি স্ট্যাম্প ও ০১ কপি পাসপোর্ট সাইজ ছবি;<br>(০৬) অস্থায়ী ঠিকানার প্রয়োজনীয় প্রমাণক (ভাড়ার চুক্তিপত্র / ইউলিটি বিলের কপি); | থ্রি-হুইলার অথবা হালকা মোটরযান- ৩৪৫/- টাকা (ভ্যাটসহ)<br><br>[ফি জমাদানের জন্য ব্যাংকের তালিকার লিংক: http://goo.gl/TdG6Bs] অথবা অনলাইনে ফি জমাদানের লিংক: www.ipaybrta.cnsbd.com] | ০১ দিন | সহকারী পরিচালক (ইঞ্জিঃ) ও লাইসেন্সিং কর্তৃপক্ষ বিআরটিএ সার্কেল অফিস |
| ৩। | শিক্ষানবিশ ড্রাইভিং লাইসেন্স নবায়ন | শিক্ষানবিশ ড্রাইভিং লাইসেন্স নবায়নের জন্য গ্রাহককে বিআরটিএ'র সংশ্লিষ্ট সার্কেল অফিসে আবেদন করতে হয়। | (১) পূরণকৃত আবেদন ফর্ম (ফর্ম ডাউনলোড লিংক : https://goo.gl/wE4CV1)<br>(২) নির্ধারিত ফি জমাদানের রশিদ,<br>(৩) লার্নার লাইসেন্স-এর ফটোকপি; | নবায়ন ফি ১৭৩/- টাকা (ভ্যাটসহ)।<br>[ফি জমাদানের জন্য ব্যাংকের তালিকার লিংক: http://goo.gl/TdG6 | ০১ দিন | সহকারী পরিচালক(ইঞ্জি:) ও লাইসেন্সিং কর্তৃপক্ষ বিআরটিএ সার্কেল অফিস |

| ক্র. নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র ও প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (পদবি, ফোন নম্বর ও ইমেইল) |
|---|---|---|---|---|---|---|
| | | | | Bs<br>অথবা অনলাইনে ফি জমাদানেরলিংক: www.ipaybrta.cnsbd.com] | | |
| ৪। | ড্রাইভিং লাইসেন্স ইস্যু (অপেশাদার) | বিআরটিএ'র সংশ্লিষ্ট সার্কেল অফিসে আবেদন করতে হয়। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ ড্রাইভিং লাইসেন্স ইস্যু করবে। | (১) পূরণকৃত নির্ধারিত আবেদন ফর্ম (ফর্ম ডাউনলোড লিংক : https://goo.gl/wE4CV1);<br>(২) ড্রাইভিং কম্পিটেন্সি পরীক্ষায় উত্তীর্ণের প্রমানক;<br>(৩) নির্ধারিত ফি জমাদানের রশিদ,<br>(৪) সদ্য তোলা পাসপোর্ট সাইজ ০৩ কপি রঙ্গীন ছবি; | স্মার্ট কার্ড অপেশাদার লাইসেন্স ২৫৪২/- টাকা (ভ্যাটসহ)।<br>[ফি জমাদানের জন্য ব্যাংকের তালিকার লিংক: http://goo.gl/TdG6Bs<br>অথবা অনলাইনে ফি জমাদানেরলিংক: www.ipaybrta.cnsbd.com] | ৩০ কার্যদিবস | সহকারী পরিচালক(ইঞ্জি:) ও লাইসেন্সিং কর্তৃপক্ষ বিআরটিএ সার্কেল অফিস |
| ৫। | ড্রাইভিং লাইসেন্স ইস্যু (পেশাদার) | বিআরটিএ'র সংশ্লিষ্ট সার্কেল অফিসে আবেদন করতে হয়। সংশ্লিষ্ট কর্তৃপক্ষড্রাইভিং লাইসেন্স ইস্যু করবে। | (১) পূরণকৃত নির্ধারিত আবেদন ফর্ম (ফর্ম ডাউনলোড লিংক : https://goo.gl/wE4CV1);<br>(২) ড্রাইভিং কম্পিটেন্সি পরীক্ষায় উত্তীর্ণের প্রমানক;<br>(৩) নির্ধারিত ফি জমাদানের রশিদ,<br>(৪) পুলিশ ভেরিফিকেশনের সন্তোষজনক প্রতিবেদন;<br>(৫) সদ্যতোলা পাসপোর্ট সাইজ০৩ কপি রঙ্গীন ছবি; | স্মার্ট কার্ড পেশাদার লাইসেন্স ১৬৭৯/- টাকা (ভ্যাটসহ)।<br>[ফি জমাদানের জন্য ব্যাংকের তালিকার লিংক: http://goo.gl/TdG6Bs<br>অথবা অনলাইনে ফি জমাদানেরলিংক: www.ipaybrta.cnsbd.com] | ৩০ কার্যদিবস | সহকারী পরিচালক(ইঞ্জি:) ও লাইসেন্সিংকর্তৃপক্ষ বিআরটিএ সার্কেল অফিস |
| ৬। | ড্রাইভিং লাইসেন্স নবায়ন (অপেশাদার) | ড্রাইভিং লাইসেন্স নবায়ন (অপেশাদার) নবায়নের জন্য গ্রাহককে বিআরটিএ'র সংশ্লিষ্ট সার্কেল অফিসে আবেদন করতে হয়। | (১) পূরণকৃত নির্ধারিত আবেদন ফর্ম (ফর্ম ডাউনলোড লিংক : https://goo.gl/wE4CV1);<br>(২) নির্ধারিত ফি জমাদানের রশিদ,<br>(৩) সদ্যতোলা পাসপোর্ট সাইজ ০২ কপি রঙ্গীন ছবি; | স্মার্ট কার্ড অপেশাদার লাইসেন্স ২৫৪২/- টাকা (ভ্যাটসহ)।<br>[ফি জমাদানের জন্য ব্যাংকের তালিকার লিংক: http://goo.gl/TdG6Bs<br>অথবা অনলাইনে ফি জমাদানেরলিংক: www.ipaybrta.cnsbd.com] | ৩০ কার্যদিবস | সহকারী পরিচালক(ইঞ্জি:) ও লাইসেন্সিং কর্তৃপক্ষ বিআরটিএ সার্কেল অফিস |
| ৭। | ড্রাইভিং লাইসেন্স নবায়ন (পেশাদার) | পেশাদার ড্রাইভিং লাইসেন্স নবায়নের জন্য গ্রাহককে বিআরটিএ'র সংশ্লিষ্ট সার্কেল অফিসে আবেদন করতে হয়। | (১) পূরণকৃত নির্ধারিত আবেদ নফর্ম (ফর্ম ডাউনলোড লিংক : https://goo.gl/wE4CV1);<br>(২) ড্রাইভিং কম্পিটেন্সি পরীক্ষায় উত্তীর্ণের প্রমানক;<br>(৩) নির্ধারিত ফি জমা দানের রশিদ,<br>(৪) রেজিষ্টার্ড ডাক্তার কর্তৃক | স্মার্ট কার্ড পেশাদার লাইসেন্স ১৬৭৯/- টাকা (ভ্যাটসহ)।<br>[ফি জমাদানের জন্য ব্যাংকের তালিকার লিংক: http://goo.gl/TdG6Bs | ৩০ কার্যদিবস | সহকারী পরিচালক(ইঞ্জি:) ও লাইসেন্সিং কর্তৃপক্ষ বিআরটিএ সার্কেল অফিস |

| ক্র. নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র ও প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (পদবি, ফোন নম্বর ও ইমেইল) |
|---|---|---|---|---|---|---|
| | | | মেডিকেল সার্টিফিকেট দাখিল;<br>(৫) সদ্য তোলা পাসপোর্ট সাইজ ০২ কপি রঙ্গীন ছবি; | অথবা অনলাইনে ফি জমাদানেরলিংক: www.ipaybrta.cnsbd.com] | | |
| ৮। | মোটরযানের রেজিস্ট্রেশন (মোটরসাইকেল) | সেবাগ্রহণকারীকে সংশ্লিষ্ট বিআরটিএ অফিসে নির্ধারিত ফরমে প্রয়োজনীয় কাগজপত্রসহ মোটরসাইকেলের নিবন্ধনের জন্য আবেদন করতে হয়। আবেদনটি যাচাই-বাছাই করে সঠিক পাওয়াগেলে গ্রাহককে প্রয়োজনীয় রেজিস্ট্রেশন ফি জমা প্রদান করতে হয়। মোটরসাইকেলটি পরিদর্শন করার পর মোটরযান পরিদর্শকের সুপারিশ সাপেক্ষে সহকারী পরিচালক(ইঞ্জি:) কর্তৃক রেজিস্ট্রেশনের প্রদান করা হয়। | (১) মালিক ও আমদানিকারক/ডিলার কর্তৃক যথাযথভাবে পূরণ ও স্বাক্ষর করা নির্ধারিত আবেদনপত্র (ফর্ম ডাউনলোড লিংক : https://goo.gl/3dyTNX);<br>(ক) একাধিক ব্যক্তি যৌথভাবে কোনো মোটরসাইকেলের মালিক হলে সে-ক্ষেত্রে একজনের নামে রেজিস্ট্রেশনের জন্য সকলের সম্মতি সম্বলিত হলফনামা;<br>(খ) প্রতিষ্ঠান/কোম্পানির ক্ষেত্রে স্বাক্ষর ও সিলমোহর;<br>(গ) ব্যাংক অথবা অর্থলগ্নি প্রতিষ্ঠানের সাথে গাড়ীর মালিকানার আর্থিক সংশ্লিষ্টতা থাকলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্যাডেরেজিস্ট্রেশন কর্তৃপক্ষ বরাবর আবেদন;<br>(২) বিল অব এন্ট্রি, ইনভয়েস, বিল অব লেডিং ও এলসিএ কপি;<br>(৩) সেল সার্টিফিকেট /সেল ইন্টিমেশন/বিক্রয় প্রমাণপত্র (আমদানিকারক/বিক্রেতা প্রদত্ত);<br>(৪) প্যাকিং লিস্ট, ডেলিভারী চালান ও গেইট পাশ (সিকেডি গাড়ীর ক্ষেত্রে);<br>(৫) বিদেশি নাগরিকের নামে রেজিস্ট্রেশন হলে বাংলাদেশের ওয়ার্ক পারমিট এবংভিসার মেয়াদের কপি;<br>(৭) বিক্রয়ারী প্রতিষ্ঠানের ভ্যাট পরিশোধের চালান;<br>(৮) প্রযোজ্য রেজিস্ট্রেশন ফি জমাদানের রসিদ;<br>(৯) ব্যক্তি মালিকানাধীন আবেদনকারীর ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্র/ পাসপোর্ট/ টেলিফোন বিল/ বিদ্যুৎ বিল ইত্যাদির যে-কোনটির সত্যায়িত ফটোকপি এবং মালিক প্রতিষ্ঠান হলে প্রতিষ্ঠানের প্যাডে পত্র; | **নিবন্ধনকালে প্রযোজ্য ফি:**<br>(ক) মোটরসাইকেলের ওজন ৯০ কেজি বা এর কম এবং ইঞ্জিন ক্যাপাসিটি ১০০সিসি বা এর কম হলে সর্বমোট ফি ৯,৩১৩/- । পরবর্তী ২ বছর পরপর প্রতিকিস্তি ১১৫০/- টাকা করে ৪টি কিস্তিতে অবশিষ্ট ৪৬০০/- টাকা রোড ট্যাক্স পরিশোধ করতে হবে।<br><br>(খ) মোটরসাইকেলের ওজন ৯০কেজির বেশী ও ইঞ্জিন ক্যাপাসিটি ১০০ সিসি বা এর কম হলে সর্বমোট ফি ১০,৪৬৩/- । পরবর্তী ২ বছর পরপর প্রতিকিস্তি ২৩০০/- টাকা করে ৪টি কিস্তিতে অবশিষ্ট ৯২০০/- টাকা রোড ট্যাক্স পরিশোধ করতে হবে।<br><br>(গ) মোটরসাইকেলের ওজন ৯০কেজি বা এর কম এবং ইঞ্জিন ক্যাপাসিটি ১০০সিসি’র বেশী হলে সর্বমোট ফি ১০,৯২৩/- । পরবর্তী ২ বছর পরপর প্রতিকিস্তি ১১৫০/- টাকা করে ৪টি কিস্তিতে অবশিষ্ট ৪৬০০/- টাকা রোড ট্যাক্স পরিশোধ করতে হবে।<br><br>(ঘ) মোটরসাইকেলের ওজন ৯০কেজির বেশী ও ইঞ্জিন ক্যাপাসিটি ১০০ সিসি’র বেশী হলে | ০১ কার্যদিবস | সহকারী পরিচালক(ইঞ্জি:) ও রেজিস্ট্রেশন কর্তৃপক্ষ বিআরটিএ সার্কেল অফিস |

| ক্র. নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র ও প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (পদবি, ফোন নম্বর ও ইমেইল) |
|---|---|---|---|---|---|---|
| | | | | সর্বমোট ফি ১২,০৭৩/। পরবর্তী ২ বছর পরপর প্রতিকিস্তি ২৩০০/- টাকা করে ৪টি কিস্তিতে অবশিষ্ট ৯২০০/- টাকা রোড ট্যাক্স পরিশোধ করতে হবে। [ফি জমাদানের জন্য ব্যাংকের তালিকার লিংক: http://goo.gl/TdG6Bs অথবা অনলাইনে ফি জমাদানেরলিংক: www.ipaybrta.cnsbd.com] | | |
| ৯। | মোটরযানের রেজিস্ট্রেশন **(মোটরসাইকেল ব্যতিত)** | সেবাগ্রহণকারীকে সংশ্লিষ্ট বিআরটিএ অফিসে নির্ধারিত ফরমে প্রয়োজনীয় কাগজপত্রসহ মোটরসাইকেলের নিবন্ধনের জন্য আবেদন করতে হয়। আবেদনটি যাচাই-বাছাই করে সঠিক পাওয়াগেলে গ্রাহককে প্রয়োজনীয় রেজিস্ট্রেশন ফি জমা প্রদান করতে হয়। মোটরসাইকেলটি পরিদর্শন করার পর মোটরযান পরিদর্শকের সুপারিশ সাপেক্ষে সহকারী পরিচালক(ইঞ্জি:) কর্তৃক রেজিস্ট্রেশনের প্রদান করা হয়। | (১) মালিক ও আমদানিকারক/ডিলার কর্তৃক যথাযথভাবে পূরণ ও স্বাক্ষর করা নির্ধারিত আবেদনপত্র (H-Form) (ফর্ম ডাউনলোড লিংক : https://goo.gl/3dyTNX);<br>(২) ব্যক্তি মালিকানাধীন আবেদনকারীর ক্ষেত্রে<br>(ক)জাতীয় পরিচয়পত্র/ পাসপোর্ট সত্যায়িত ফটোকপি;<br>(খ)ঠিকানার প্রমানক হিসেবেইউটিলিটি বিল (টেলিফোন বিল/বিদ্যুৎ বিল ইত্যাদি) এর সত্যায়িত ফটোকপি;<br>(গ) একাধিক ব্যক্তি যৌথভাবে কোনো গাড়ীর মালিক হলে সে-ক্ষেত্রে একজনের নামে রেজিস্ট্রেশনের জন্য সকলের সম্মতি সম্বলিত হলফনামা;<br>(৩) মালিক প্রতিষ্ঠান হলে প্রতিষ্ঠানের লেটারহেড প্যাডে চিঠি;<br>(৪) ব্যাংক অথবা অর্থলগ্নি প্রতিষ্ঠানের সাথে গাড়ীর মালিকানার আর্থিক সংশ্লিষ্টতা থাকলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্যাডে রেজিস্ট্রেশন কর্তৃপক্ষ বরাবর আবেদন;<br>(৫) বিল অব এন্ট্রি (মূলকপি); এক কপিতে একাধিক গাড়ীর বর্ণনা থাকলে মূলকপি প্রদর্শনপূর্বক সংশ্লিষ্ট রেজিস্ট্রেশন কর্তৃপক্ষকর্তৃক সত্যায়িত কপি;<br>(৬) ইনভয়েস, বিল অব লেডিং-এরকাস্টমস্ কর্তৃক সত্যায়িতকপি;<br>(৭) সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃক সত্যায়িতএলসিএ কপি;<br>(৮) সেল সার্টিফিকেট /সেল | মোটরযানের রেজিস্ট্রেশনের সময় প্রদেয় মোট ফি গাড়ীর সিসি, সিট সংখ্যা, বোঝাই গাড়ীর ওজন ইত্যাদির উপর ভিত্তি করে নির্ধারণ করা রয়েছে, যার তালিকা বিআরটিএর ওয়েব (www.brta.gov.bd) সাইটে রয়েছে।<br>১। মোটরযানের প্রকৃতি ও সিসি অনুযায়ী নিবন্ধন ফি ভিন্ন ভিন্ন হয়। (ফি-এর পূর্ন তালিকার লিংক: https://goo.gl/FQMbGw)<br>[এ ক্ষেত্রে ১৫% ভ্যাট প্রযোজ্য হবে]<br>২। ডিআরসি ফি ৫৫৫/- (ভ্যাটসহ)<br>৩। নাম্বার প্লেট ফি (ভ্যাটসহ)<br>(ক) থ্রি-হুইলার ২২৬০/-<br>(খ) অন্যান্য ৪৬২৮/-<br>২। ফিটনেস ফি (ভ্যাটসহ)<br>(ক) হালকা গাড়ী: ১০৮৭/-<br>(খ) ভারি গাড়ী: ১৬০৫/- | ০১ কার্যদিবস | সহকারী পরিচালক(ইঞ্জি:) ও রেজিস্ট্রেশন কর্তৃপক্ষ বিআরটিএ সার্কেল অফিস |

| ক্র. নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র ও প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (পদবি, ফোন নম্বর ও ইমেইল) |
|---|---|---|---|---|---|---|
| | | | ইন্টিমেশন/বিক্রয় প্রমাণপত্র(আমদানিকারক/বিক্রেতা কর্তৃক প্রদত্ত);<br>(৯) প্যাকিং লিস্ট, ডেলিভারী চালান ও গেইট পাশ (সিকেডি গাড়ীর ক্ষেত্রে);<br>(১০)আবেদনকারীর TIN/e-TIN সার্টিফিকেট-এর ফটোকপি;<br>(১১) বিদেশি নাগরিকের নামে রেজিস্ট্রেশন হলে বাংলাদেশের ওয়ার্ক পারমিট এবংভিসার মেয়াদের কপি;<br>(১২) (ক) মূসক-১ (প্রযোজ্য ক্ষেত্রে), (খ) মূসক-১১(ক)/ভ্যাট (প্রযোজ্য ক্ষেত্রে), (গ) ভ্যাট পরিশোধের চালান(প্রযোজ্য ক্ষেত্রে )<br>(১৩) প্রস্তুতকারক/বিআরটিএ কর্তৃক অনুমোদিত বডি ও আসন ব্যবস্থার স্পেসিফিকেশন সম্বলিত ড্রইং (বাস, ট্রাক, হিউম্যান হলার, ডেলিভারী ভ্যান, অটো টেম্পু ইত্যাদি মোটরযানের ক্ষেত্রে);<br>(১৪) সিকেডি মোটরযানের ক্ষেত্রে বিআরটিএ'র টাইপ অনুমোদন ও অনুমোদিত সংযোজনী তালিকা;<br>(১৫) বডি ভ্যাট চালান ও ভ্যাট পরিশোধের রসিদ (প্রযোজ্য ক্ষেত্রে);<br>(১৬) প্রয়োজনীয় ফি জমাদানের রশিদসমূহ (বিআরটিএ কপি);<br>(১৭) রিকন্ডিশন্ড মোটরযান রেজিস্ট্রেশনের ক্ষেত্রে নিম্নোক্ত অতিরিক্ত কাগজপত্র প্রয়োজন হবে-<br>(ক)'টিও' ফরম (ক্রেতা কর্তৃক স্বাক্ষরিত), 'টিটিও' ফরম ও বিক্রয় রসিদ (আমদানিকারক কর্তৃক স্বাক্ষরিত)।<br>(খ) ডি-রেজিস্ট্রেশন সার্টিফিকেটের মূল কপি এবং ডি-রেজিস্ট্রেশনের ইংরেজি অনুবাদের সত্যায়িত কপি (সার্টিফিকেট অব ক্যানসেলেশন এর সত্যায়িত কপি); | ৩। মোটরযানের প্রকৃতি, আসন সংখ্যা অথবা বোঝাই গাড়ীর ওজন এরউপর ভিত্তি করে রোড ট্যাক্স ভিন্ন ভিন্ন হয় (পূর্ন তালিকার লিংক: https://goo.gl/JRWBtP)<br>[এ ক্ষেত্রে ১৫% ভ্যাট প্রযোজ্য হবে]<br>৪। মোটরযানের প্রকৃতির উপর ভিত্তি করে অনুমিত অগ্রিম আয়কর ভিন্ন ভিন্ন হবে (পূর্ন তালিকার লিংক: https://goo.gl/iKVNcM)<br>[ফি জমাদানের জন্য ব্যাংকের তালিকার লিংক: http://goo.gl/TdG6Bs অথবা অনলাইনে ফি জমাদানেরলিংক: www.ipaybrta.cnsbd.com]<br>বি:দ্র: (ক)রিকন্ডিশন্ড মোটরযান রেজিস্ট্রেশনের ক্ষেত্রে উপরোক্ত ফি এর সাথে মালিকানা বদলী ফি যোগ করতে হবে, যা রেজিস্ট্রেশন ফি এর ৩ ভাগের ১ ভাগ।<br>(খ) ব্যাংক অথবা অর্থলগ্নি প্রতিষ্ঠানের সাথে গাড়ীর মালিকানার আর্থিক সংশ্লিষ্টতা থাকলে উপরোক্ত ফি এর সাথে Hire Purchase (H/P) ফি ১৭২৫/- (ভ্যাটসহ) যোগ করতে হবে। | | |
| ১০ | মোটরযানের মালিকানা বদলী | সেবাগ্রহণকারী সংশ্লিষ্ট বিআরটিএ অফিসে নির্ধারিত ফরমে প্রয়োজনীয় কাগজপত্র ও ফিসহ আবেদন করতে হবে এবং মোটরযান ও | ১) যথাযথভাবে পূরণকৃত 'টিও', 'টিটিও' ফরম এবং বিক্রয় রশিদ;<br>২) নির্ধারিত ফি জমা রশিদের বিআরটিএ'র কপি;<br>৩) ক্রেতার টিন (TIN) সার্টিফিকেট এবং বর্তমান ঠিকানার স্বপক্ষে ইউটিলিটি (টেলিফোন/বিদ্যুৎ/গ্যাস | ক) (i) মোটরযানের মালিকানা বদলী ফি মোটরযানের রেজিস্ট্রেশন ফি-এর ৩ ভাগের ১ ভাগ। [এ ক্ষেত্রে ১৫% ভ্যাট প্রযোজ্য | ৩০ কার্যদিবস | সহকারী পরিচালক(ইঞ্জি:) ও রেজিস্ট্রেশন কর্তৃপক্ষ বিআরটিএ সার্কেল অফিস |

| ক্র. নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র ও প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (পদবি, ফোন নম্বর ও ইমেইল) |
|---|---|---|---|---|---|---|
| | | পূর্বের মালিক(বিক্রেতা)-কে বিআরটিএ সার্কেল অফিসে হাজির হতে হবে। মোটরযান পরিদর্শকের সুপারিশ সাপেক্ষে সহকারী পরিচালক(ইঞ্জি:) কর্তৃক মালিকানা বদল করা হয়। | ইত্যাদি) বিলের সত্যায়িত ফটোকপি দাখিল;<br>৪) ক্রেতা ও বিক্রেতা উভয়ের জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি;<br>৫) মূল রেজিস্ট্রেশন সার্টিফিকেট (ব্লু-বুক) এর উভয়ের মূল কপি অথবা ডিজিটাল রেজিস্ট্রেশন সার্টিফিকেট;<br>৬) হালনাগাদ ট্যাক্স-টোকেন, ফিটনেস, রুট পারমিট (প্রযোজ্য ক্ষেত্রে) এর সত্যায়িত ফটোকপি;<br>৭) ছবিসহ ২০০/- টাকা অথবা সরকার নির্ধারিত নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ক্রেতা ও কিক্রেতার পৃথক পৃথক হলফনামা;<br>৮) তিনকপি স্ট্যাম্প সাইজের রঙ্গিন ছবিসহ নির্ধারিত নমুনা স্বাক্ষর ফরমের সকল তথ্য ইংরেজি BLOCK LETTER এ পূরণ করে ক্রেতার নমুনা স্বাক্ষর;<br>৯) ক্রেতা যদি কোনো প্রতিষ্ঠান হয় তাহলে হলফনামার পরিবর্তে অফিসিয়াল প্যাডে চিঠি/ ইন্টিমেশন;<br>১০) বিক্রেতা কোম্পানী হলে কোম্পানীর লেটার হেড প্যাডে ইন্টিমেশন, বোর্ড রেজুলেশন ও অথরাইজেশনপত্র;<br>১১) মোটরযানটি ব্যাংক অথবা অন্য কোন প্রতিষ্ঠানের নিকট দায়বদ্ধ থাকলে দায়বদ্ধকারী প্রতিষ্ঠানের ঋণ পরিশোধ সংক্রান্ত ছাড়পত্র, লোন এ্যাডজাষ্টমেন্ট স্টেটমেন্ট, ব্যাংক কর্তৃক সহকারী পরিচালক(ইঞ্জিঃ) বিআরটিএ বরাবর অনুরোধ পত্র এবং ২০০/- টাকা অথবা সরকার নির্ধারিত নন জুডিশিয়াল স্ট্যাম্পে ব্যাংক কর্তনের হলফনামা;<br>১২) বিদেশি নাগরিকের নামে মালিকানা বদলি হলে বাংলাদেশের ওয়ার্ক পারমিট এবংভিসার মেয়াদের কপি; | হবে](রেজিস্ট্রেশন ফি তালিকার লিংক: https://goo.gl/FQMbGw)।<br>অথবা<br>(ii) ব্যাংক অথবা অর্থলগ্নি প্রতিষ্ঠানের সাথে গাড়ীর মালিকানার আর্থিক সংশ্লিষ্টতা থাকলে Hire Purchase (H/P) withdrawl ফি ৮৬৩/-(ভ্যাটসহ) যোগ করতে হবে।<br>খ) ডিআরসি ফি ৫৫৫/-(ভ্যাটসহ)<br>গ) প্রতিলিপি ফি ৩৪৫/- (ভ্যাটসহ)<br><br>[ফি জমাদানের জন্য ব্যাংকের তালিকার লিংক: http://goo.gl/TdG6Bs অথবা অনলাইনে ফি জমাদানেরলিংক: www.ipaybrta.cnsbd.com] | | |
| ১১। | মোটরযানের রুট পারমিট ইস্যু ও নবায়ন | সেবাগ্রহণকারী সংশ্লিষ্ট বিআরটিএ অফিসে নির্ধারিত ফরমে প্রয়োজনীয় কাগজপত্র ও ফিসহ তার মোটরযানের রুটপারমিট ইস্যু/নবায়নের জন্য আবেদন করেন। অত:পর বিআরটিএ অফিস কর্তৃক | ১। নির্ধারিত ফরমে আবেদনপত্র পূরণ ও স্বাক্ষর(আবেদন ফরমের লিংক: https://goo.gl/HVcCv3);<br>২। প্রয়োজনীয় ফি প্রদানের রশিদ;<br>৩। চালকের নিয়োগপত্র ও ড্রাইভিং লাইসেন্স-এর সত্যায়িত কপি;<br>৪। রেজিস্ট্রেশন ও ফিটনেস সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপি;<br>৫। রুটপারমিট সার্টিফিকেটের মূল কপি (নবায়নের ক্ষেত্রে প্রযোজ্য);<br>৬। হালনাগাদ ট্যাক্স টোকেন এর | ১। বাস / মিনিবাস এর ক্ষেত্রে প্রতি বছর ৫৭৫/- টাকা (একজেলার জন্য),<br>২। প্রতি বছর ৯২৫/- টাকা (একাধিক কিন্তু অনধিক তিন জেলার জন্য)<br>৫। প্রতি বছর ১২৯০/- টাকা (তিনেরঅধিক জেলারজন্য) | ১৫ কার্যদিবস | সহকারী পরিচালক(ইঞ্জি:) ও রেজিস্ট্রেশন কর্তৃপক্ষ বিআরটিএ সার্কেল অফিস |

| ক্র. নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র ও প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (পদবি, ফোন নম্বর ও ইমেইল) |
|---|---|---|---|---|---|---|
| | | আবেদন যাচাই-বাছাই করে সঠিক পাওয়া গেলে আঞ্চলিক পরিবহন কমিটি (আরটিসি)-তে উপস্থাপন করা হয়। কমিটি কর্তৃক অনুমোদিত হলে সদস্যসচিব (সহকারী পরিচালক) রুট পারমিট ইস্যু/নবায়ন করে গ্রাহককে সরবরাহ করা হয়। | সত্যায়িত ফটোকপি;<br>৭। TIN সংক্রান্ত কাগজপত্র-এর সত্যায়িত কপি;<br>৮। অনুমিত আয়কর জমার রশিদ এর সত্যায়িত ফটোকপি | [ফি জমাদানের জন্য ব্যাংকের তালিকার লিংক: http://goo.gl/TdG6Bs অথবা অনলাইনে ফি জমাদানেরলিংক: www.ipaybrta.cnsbd.com] | | |
| ১২। | মোটরযানের ফিটনেস নবায়ন | গ্রাহক মোটরযানের ফিটনেস নবায়ন এর জন্য প্রয়োজনীয় কাগজপত্র ও নির্ধারিত ফি জমাদিয়ে আবেদন করেন। এরপর মোটরযান পরিদর্শক সরজমিনে মোটরযানটি দেখে এক বছরের জন্য ফিটনেস নবায়ন করেন। | ১। নির্ধারিত ফরমে আবেদনপত্র(আবেদন ফরমের লিংক: https://goo.gl/iLUe1W);<br>২। প্রয়োজনীয় ফি প্রদানের রশিদ;<br>৩। ফিটনেস সার্টিফিকেটের মূল কপি;<br>৪। হালনাগাদ ট্যাক্স টোকেন এর সত্যায়িত ফটোকপি;<br>৫। অনুমিত অগ্রিম আয়কর প্রদানের প্রমাণপত্র; | ১। ফিটনেস নবায়নফি (ভ্যাটসহ)<br>(ক) হালকা গাড়ী: ১০৮৭/-<br>(খ) ভারি গাড়ী: ১৬০৫/-<br>২। মোটরযানের প্রকৃতির উপর ভিত্তি করে অনুমিত অগ্রিম আয়কর ভিন্ন ভিন্ন হবে (বি: দ্র: ব্যাংকে টাকা জমা দেওয়ার সময় TIN সার্টিফিকেটের কপি প্রয়োজন হবে) (পূর্ন তালিকার লিংক: https://goo.gl/iKVNcM)<br>[ফি জমাদানের জন্য ব্যাংকের তালিকার লিংক: http://goo.gl/TdG6Bs অথবা অনলাইনে ফি জমাদানেরলিংক: www.ipaybrta.cnsbd.com] | ০১ কার্যদিবস | সহকারী পরিচালক(ইঞ্জি:) ও রেজিস্ট্রেশন কর্তৃপক্ষ বিআরটিএ সার্কেল অফিস |
| ১৩। | মোটরযানের ট্যাক্স টোকেন নবায়ন | গ্রাহককে প্রয়োজনীয় ফি জমা প্রদানের পর বিআরটিএ অনুমোদিত ব্যাংক থেকে ট্যাক্স টোকেন নবায়ন করে নিতে হয়। | ১। পূর্বের ইস্যুকৃত ট্যাক্স টোকেন সার্টিফিকেট (মূল কপি)। | মোটরযানের প্রকৃতি, আসন সংখ্যা অথবা বহন কক্ষমতার উপর ভিত্তি করে রোড ট্যাক্স ভিন্ন ভিন্ন হবে (রোড ট্যক্স এর পূর্ন তালিকার লিংক: https://goo.gl/JRWBtP)<br>[ফি জমাদানের জন্য ব্যাংকের তালিকার লিংক: http://goo.gl/TdG6Bs | ০১ কার্যদিবস | সহকারী পরিচালক(ইঞ্জি:) ও রেজিস্ট্রেশন কর্তৃপক্ষ বিআরটিএ সার্কেল অফিস |

| ক্র. নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র ও প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (পদবি, ফোন নম্বর ও ইমেইল) |
|---|---|---|---|---|---|---|
| | | | | অথবা অনলাইনে ফি জমাদানেরলিংক: www.ipaybrta.cnsbd.com] | | |
| ১৪। | ইন্সট্রাক্টর লাইসেন্স ইস্যু | সেবাগ্রহণকারী বিআরটিএ সদর কার্যালয় অফিসে নির্ধারিত ফরমে আবেদন করেন। আবেদনটি যাচাই-বাছাইকরতঃ ইন্সট্রাক্টর লাইসেন্স ইস্যু করা হয়ে থাকে। | (১) নির্ধারিত ফর্মের (Form I.L.A)-এ আবেদন;<br>(২) পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি এবং স্ট্যাম্প সাইজের ০২ (দুই) কপি রঙ্গীন ছবি;<br>(৩) নির্ধারিত ফি জমাদানের রশিদ (বিআরটিএ'র কপি)<br>(৪)পেশাদার লাইসেন্সের সত্যায়িত ফটোকপি;<br>(৫)ভারী মোটরযান চালনার ০৩ (তিন) বছরের অভিজ্ঞতার সদন;<br>(৬) শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি (এসএসসি বা সমমান কারিগরী জ্ঞান সম্পন্ন হতে হবে);<br>(৭) পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্ত<br>(৮) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তার নিকট হতে চারিত্রিক সনদপত্র; | ইন্সট্রাক্টর লাইসেন্সফি ৮৬৩/- টাকা (ভ্যাটসহ); | ৩০ কার্যদিবস | পরিচালক(ইঞ্জি:) বিআরটিএ সদর কার্যালয় |

## ২.২। প্রাতিষ্ঠানিক সেবা

| ক্র. নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবি, ফোন নম্বর ও ইমেইল) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১। | সরকারী প্রতিষ্ঠানের মালিকানাধীন যানবাহন অকেজো ঘোষণা করার বিষয় সুপারিশ | প্রতিষ্ঠানের আবেদনের প্রেক্ষিতে সংশ্লিষ্ট মোটরযানটি মোটরযান পরিদর্শক কর্তৃক সরজমিনে পরিদর্শন করা হয়। মোটরযানটি অকেজো ঘোষণার যোগ্য হলে নির্ধারিত ফরমে সুপারিশ করা হয়। | (১) সংশ্লিষ্ট যানবাহনের লগ বই এর ফটোকপি;<br>(২) রেজিস্ট্রেশন সনদের ফটোকপি | প্রয়োজ্য নয় | ২-৩ দিন | সহকারী পরিচালক (ইঞ্জি:)/মোটরযান পরিদর্শক সংশ্লিষ্ট সার্কেল অফিস |

## ২.৩। অভ্যন্তরীণ সেবাঃ

| ক্র. নং | সেবার মান | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১। | পেনশন/পারিবারিক পেনশন ও আনুতোষিক মঞ্জুর | ক) আবেদনের প্রেক্ষিতে;<br>খ) পেনশন বিধিমালা ও পেনশন সহজীকরণ নীতিমালা-২০০৯ অনুসরণে;<br>গ) শৃঙ্খলা ও অডিট নিষ্পত্তি সংক্রান্ত প্রতিবেদন যাচাই সাপেক্ষে নিষ্পত্তি করা;<br>ঘ) পত্রের মাধ্যমে আবেদনকারীকে অবহিত করা; | ক) সংশ্লিষ্ট কর্মকর্তার আবেদন (পেনশন ফরম, নমুনা স্বাক্ষর ও হাতের পাঁচ আঙ্গুলের ছাপ সংযুক্তিসহ);<br>খ) প্রত্যাশিত শেষ বেতন সনদ, চাকরি বিবরণী, বিগত তিন বছরের না-দাবী প্রত্যয়নপত্র এবং বিভিন্ন কর্মস্থল হতে প্রাপ্ত অডিট অনাপত্তি ও না-দাবী সনদ পত্র;<br>গ) প্রাপ্তব্য পেনশনের বৈধ উত্তরাধিকার ঘোষণাপত্র;<br>ঘ) অধিকন্তু, পেনশন সহজীকরণ নীতিমালা-২০০৯ মোতাবেক অন্যান্য কাগজপত্র: | বিনামূল্যে | ১৫ দিন | মোঃ রিয়াজুর রহমান সহকারী পরিচালক (প্রশাসন)<br>ফোন: +৮৮-০২-৫৫০৪০৭৩৭<br>ই-মেইল: ada@brta.gov.bd |
| ২। | পিআরএল/লাম্পগ্রান্ট অনুমোদন | ক) আবেদনের প্রেক্ষিতে নিষ্পত্তি করা;<br>খ) পত্রের মাধ্যমে আবেদনকারীকে অবহিত করা; | ক) সংশ্লিষ্ট কর্মকর্তার আবেদন;<br>খ) হিসাবরক্ষণ অফিস হতে প্রদত্ত ছুটি প্রাপ্যতার প্রত্যয়ন; | বিনামূল্যে | ১০ দিন | মোঃ রিয়াজুর রহমান সহকারী পরিচালক (প্রশাসন)<br>ফোন: +৮৮-০২-৫৫০৪০৭৩৭<br>ই-মেইল: ada@brta.gov.bd |

| ক্র. নং | সেবার মান | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ৩। | ভবিষ্যৎ তহবিল হতে চূড়ান্ত উত্তোলন | ক) আবেদনের প্রেক্ষিতে;<br><br>খ) সাধারণ ভবিষ্যৎ তহবিল বিধিমালা-১৯৭৯ অনুসরণপূর্বক নিষ্পত্তি করা;<br><br>গ) পত্রের মাধ্যমে আবেদনকারীকে অবহিত করা; | ক) আবেদনপত্র;<br><br>খ) চূড়ান্ত পাওনা পরিশোধের অথরিটিপত্র;<br><br>গ) জিপিএফ স্লিপ; | বিনামূল্যে | ৫ দিন | মোঃ রিয়াজুর রহমান সহকারী পরিচালক (প্রশাসন)<br><br>ফোন: +৮৮-০২-৫৫০৪০৭৩৭<br><br>ই-মেইল: ada@brta.gov.bd |
| ৪। | ভবিষ্যৎ তহবিল হতে অগ্রিম মঞ্জুরি প্রদান। | ক) সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর আবেদনের প্রেক্ষিতে;<br>খ) সাধারণ ভবিষ্যৎ তহবিল বিধিমালা-১৯৭৯ অনুসরণপূর্বক নিষ্পত্তি করা;<br>গ) পত্রের মাধ্যমে আবেদনকারীকে অবহিত করা; | ক) নির্ধারিত আবেদন ফরমে আবেদনপত্র;<br>খ) হিসাবরক্ষণ অফিস কর্তৃক প্রদত্ত ভবিষ্যৎ তহবিলে জমাকৃত অর্থের স্লিপ; | বিনামূল্যে | ৫ দিন | মোঃ রিয়াজুর রহমান সহকারী পরিচালক (প্রশাসন)<br>ফোন: +৮৮-০২-৫৫০৪০৭৩৭<br>ই-মেইল: ada@brta.gov.bd |
| ৫। | শ্রান্তি বিনোদন ছুটি ও অন্যান্য অর্জিত ছুটি মঞ্জুর। | ক) সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর আবেদনের প্রেক্ষিতে;<br>খ) নির্ধারিত ছুটি বিধিমালা-১৯৫৯ ও বাংলাদেশ চাকুরী (বিনোদন ভাতা) বিধিমালা-১৯৭৯ অনুসরণপূর্বক নিষ্পত্তি করা;<br>গ) পত্রের মাধ্যমে আবেদনকারীকে অবহিত করা; | ক) নির্ধারিত ফরমে আবেদন পত্র;<br>খ) হিসাবরক্ষণ অফিস হতে প্রদত্ত ছুটি প্রাপ্যতার প্রত্যয়ন;<br>গ) শ্রান্তি বিনোদন ছুটির ক্ষেত্রে ইতিপূর্বের মঞ্জুরীর জিও'র কপি;<br>ঘ) চিকিৎসাজনিত ছুটির ক্ষেত্রে চিকিৎসা সনদ;<br>ঙ) মাতৃত্বকালীন ছুটির ক্ষেত্রে চিকিৎসা সনদ; | বিনামূল্যে | ৫ দিন | মোঃ রিয়াজুর রহমান সহকারী পরিচালক (প্রশাসন)<br>ফোন: +৮৮-০২-০৫০৪০৭৩৭<br>ই-মেইল: ada@brta.gov.bd |

| ক্র. নং | সেবার মান | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ৬। | তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারীদের পদোন্নতি, টাইমস্কেল, সিলেকশন গ্রেড প্রদান | ক) ডিপিসি সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে নিষ্পত্তি করা;<br>খ) পত্রের মাধ্যমে সংশ্লিষ্ট কর্মচারীকে অবহিত করা; | ক) শৃঙ্খলাজনিত প্রতিবেদন;<br>খ) এসিআর; | বিনামূল্যে | ৩০ দিন | উপ-পরিচালক (প্রশাসন)<br>ফোন: +৮৮-০২-৫৫০৪০৭২০<br>ই-মেইল: dda@brta.gov.bd |

## ২.৪। অধিদপ্তর/দপ্তর/সংস্থা কর্তৃক প্রদত্ত সেবাঃ

আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থাসমূহের সিটিজেন চার্টার লিঙ্কঃ http://www.brta.gov.bd

## ২। অভিযোগ ব্যবস্থাপনা পদ্ধতি (GRS)ঃ


**সেবা প্রাপ্তিতে অসন্তুষ্ট হলে এবং দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সমাধান দিতে ব্যর্থ হলে নিম্নোক্ত পদ্ধতিতে যোগাযোগ করুন**

| ক্র. নং | কখন যোগাযোগ করবেন | যোগাযোগের ঠিকানা |
|---|---|---|
| ১ | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সমাধান দিতে ব্যার্থ হলে | GRS ফোকাল পয়েন্ট কর্মকর্তা<br>সচিব, বিআরটিএ<br>ফোনঃ +৮৮-০২-৫৫০৪০৭১৫<br>ইমেইলঃ secretary@brta.gov.bd<br>ওয়েব পোর্টালঃ http://www.brta.gov.bd অনুসন্ধান |
| ২ | GRS ফোকাল পয়েন্ট কর্মকর্তা নির্দিষ্ট সময়ে সমাধান দিতে ব্যর্থ হলে | কেন্দ্রীয় অভিযোগ ব্যবস্থাপনা পদ্ধতি (GRS)<br>চেয়ারম্যান, বিআরটিএ<br>ফোনঃ +৮৮-০২-৫৫০৪০৭১১ (ফ্যাক্স: ৫৫০৪০৭১২)<br>ই-মেইলঃ chairman@brta.gov.bd |

## ৩। আপনার কাছে আমাদের প্রত্যাশাঃ

| ক্রমিক নং | প্রতিশ্রুতি/কাঙ্খিত সেবা প্রাপ্তির জন্য করণীয়ঃ |
|---|---|
| ১. | নির্ধারিত ফরমে সম্পূর্ণভাবে পুরণকৃত আবেদনপত্র জমা প্রদান; |
| ২. | সঠিক মাধ্যমে প্রয়োজনীয় সেবামূল্য পরিশোধ করা; |
| ৩. | নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় কাগজপত্র সংগে আনা; |
| ৪. | সাক্ষাতের জন্য নির্ধারিত সময়ের পূর্বেই উপস্থিত থাকা; |

# বিআরটিএ অর্গানোগ্রাম (সদর কার্যালয়)



## বিআরটিএ অর্গানোগ্রাম (বিভাগীয় অফিসের কার্যালয়)

১ x উপপরিচালক (ইঞ্জিঃ)
১ x সহকারী পরিচালক (ইঞ্জিঃ)
১ x সহকারী পরিচালক (সাধারণ)
১ x মোটরযান পরিদর্শক
১ x উচ্চমান সহকারী/কম্পিউটার অপারেটর
১ x হিসাব রক্ষক
১ x ড্রাইভার
১ x অফিস সহায়ক
২ x নিরাপত্তা প্রহরী

৭টি বিভাগীয় অফিস: ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, রংপুর, খুলনা, সিলেট ও বরিশাল।

## বিআরটিএ অর্গানোগ্রাম (মেট্রো সার্কেল অফিস)

১ x সহকারী পরিচালক (ইঞ্জিঃ)
৬ x মোটরযান পরিদর্শক
৩ x সহকারী রাজস্ব কর্মকর্তা
২ x উচ্চমান সহকারী/ কম্পিউটার অপারেটর
৬ x মেকানিক্যাল এসিস্ট্যান্ট
১০ x অফিস সহকারী-কাম-কম্পিউটার অপারেটর
২ x রেকর্ড কিপার
১ x অফিস সহায়ক

**৫টি মেট্রো সার্কেল অফিস:** ঢাকা মেট্রো সার্কেল-১, ঢাকা মেট্রো সার্কেল-২, ঢাকা মেট্রো সার্কেল-৩, চট্টগ্রাম মেট্রো সার্কেল-১ ও চট্টগ্রাম মেট্রো সার্কেল-২

## বিআরটিএ অর্গানোগ্রাম (জেলা সার্কেল অফিস)

| |
|---|
| ১ x সহকারী পরিচালক (ইঞ্জিঃ) |
| ৩ x মোটরযান পরিদর্শক |
| ২ x সহকারী রাজস্ব কর্মকর্তা |
| ১ x উচ্চমান সহকারী |
| ১ x উচ্চমান সহকারী/কম্পিউটার অপারেটর |
| ৩ x মেকানিক্যাল এসিস্ট্যান্ট |
| ৪ x অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাঃ |
| ১ x রেকর্ড কিপার |
| ১ x অফিস সহায়ক |
| ১ x নিরাপত্তা প্রহরী |

৫৭টি জেলা সার্কেল অফিসঃ ঢাকা, নারায়নগঞ্জ, মুন্সিগঞ্জ, নরসিংদী, গাজীপুর, মানিকগঞ্জ, ময়মনসিংহ, কিশোরগঞ্জ, নেত্রকোণা, টাঙ্গাইল, জামালপুর, শেরপুর, ফরিদপুর, গোপালগঞ্জ, মাদারিপুর+শরিয়তপুর, রাজবাড়ী, চট্টগ্রাম, কক্সবাজার, বান্দরবান, রাঙ্গামাটি, খাগড়াছড়ি, নোয়াখালী, ফেনী, লক্ষীপুর, কুমিল্লা, চাঁদপুর, ব্রাক্ষণবাড়িয়া, রাজশাহী, চাঁপাইনবাবগঞ্জ, নাটোর, বগুড়া, জয়পুরহাট, নওগাঁ, পাবনা, সিরাজগঞ্জ, রংপুর, গাইবান্ধা, নীলফামারী, কুড়িগ্রাম+লালমনিরহাট, দিনাজপুর, ঠাকুরগাঁও+পঞ্চগড়, খুলনা, বাগেরহাট, সাতক্ষিরা, যশোর+নড়াইল, ঝিনাইদহ, মাগুরা, কুষ্টিয়া, চুয়াডাঙ্গা+মেহেরপুর, সিলেট, হবিগঞ্জ, মৌলভীবাজার, সুনামগঞ্জ, বরিশাল, পিরোজপুর+ঝালকাঠি, পটুয়াখালী+বরগুনা, ভোলা।

বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটির জনবলের তালিকাঃ

| ক্রমিক নং | গ্রেড | মঞ্জুরীকৃত পদ | পূরণকৃত পদ | শুণ্য পদ |
|---|---|---|---|---|
| ১ | ১-৯ | ১৪৯ | ১০৭ | ৪২ |
| ২ | ১০ | ১৬৩ | ১৩০ | ৩৭ |
| ৩ | ১১-১৫ | ২০৮ | ১৯৫ | ৯ |
| ৪ | ১৬-২০ | ৩০৩ | ২৭৬ | ২৭ |
| | মোট | ৮২৩ | ৭০৮ | ১১৫ |

সেবার পরিধি বৃদ্ধি পাওয়ায় স্বল্প সংখ্যক জনবল দিয়ে জনগণকে কাঙ্খিত সেবা প্রদান সম্ভব হচ্ছে না। এ কারণে পর্যাপ্ত জনবলসহ অধিদপ্তরের সাংগঠনিক কাঠামো সম্প্রসারণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

## অধ্যায়-১
## প্রশাসন অধিশাখার কার্যক্রম

## প্রশাসনিক সংস্কারঃ

বিআরটিএ'কে **'পেপারলেস'** সংস্থা হিসেবে গড়ে তোলার নিমিত্তে সার্ভিস ডেলিভারী সিস্টেমে সকল প্রকার Physical Interface নূন্যতম পর্যায়ে নামিয়ে আনা, বিআরটিএ'র যাবতীয় সেবা কার্যক্রমকে জনগণের দোরগোড়ায় পৌঁছে দেওয়া, যানবাহনের প্রয়োজনীয় কাগজপত্র পরীক্ষায় অটোমেশন প্রবর্তন করা, গাড়ীর গতি ও অবস্থান নির্ধারণে স্বয়ংক্রিয় পদ্ধতি চালু করা, দুর্নীতি রোধে জিরো টলারেন্সের নীতি প্রয়োগ করা, বিআরটিএ'কে স্বচ্ছতা ও জবাবদিহিতার আওতায় নিয়ে আসা- এসবই প্রশাসনিক সংস্কারের আওতাভুক্ত করা হয়েছে।

বিদ্যমান সাংগঠনিক কাঠামো সংশোধন করে জনবল ৫৭৩ থেকে ৮২৩ জনে উন্নীত করা হয়েছে। ২০০৯ সালের পর হতে জুন ২০১৯ পর্যন্ত মোট ৩৭৬ জনকে নিয়োগ দেওয়া হয়েছে। বর্তমানে ৭০৮ জন কর্মরত আছেন। বিআরটিএ'র কাজের পরিধি ব্যাপকভাবে বৃদ্ধি পাওয়ার জনবল বৃদ্ধির জন্য ইতোমধ্যে মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। মন্ত্রণালয় থেকে প্রস্তাবটি সংশোধন করে স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক জনবল বৃদ্ধির স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব প্রণয়নের কাজ প্রক্রিয়াধীন রয়েছে। এছাড়া বিআরটিএ'র যানবাহন এবং অফিস সরঞ্জামাদির প্রস্তাব প্রেরণের কাজ প্রক্রিয়াধীন রয়েছে।

অর্থ ও হিসাব সংক্রান্ত বিষয়ে যেমন- বাজেট প্রণয়ন, সর্ব প্রকার হিসাব সংরক্ষণ ও উহার তত্ত্বাবধান, বরাদ্দকৃত তহবিল বন্টন ও ব্যয় নিয়ন্ত্রণ, বার্ষিক কার্যক্রম মূল্যায়ন এবং প্রতিবেদন প্রস্তুত ও প্রকাশনা, কর ও ফিস আদায় সংক্রান্ত কার্যাবলীর ব্যবস্থাপনা ও তত্ত্বাবধান ইত্যাদি, অথরিটি'র কর্মকর্তা/কর্মচারীদের বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ পরীক্ষাকরণ এবং অভিযোগসমূহ তদন্তের ব্যবস্থাসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ, অথরিটি'র যানবাহন, সরঞ্জামাদি, আসবাবপত্র ইত্যাদি ক্রয়, রক্ষণাবেক্ষণ ও নিয়ন্ত্রণ এবং সাধারণ সেবা ব্যবস্থা গ্রহণ ও বিভাগীয় মামলাসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ, নিয়োগবিধি, অর্গানোগ্রাম, কার্যবন্টন সংক্রান্ত কার্যাবলী প্রশাসন শাখা করে থাকে।

## কর্মকর্তা/কর্মচারীদের নিয়োগ, পদোন্নতি ও শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণঃ

২০১৮-২০১৯ অর্থ বছরে প্রথম শ্রেণীর ০৫ (পাঁচ) জন, তৃতীয় শ্রেণীর ২২ (বাইশ) জন এবং চতুর্থ শ্রেণীর ১২ (বার) জনকে নিয়োগ দেয়া হয়েছে। একই অর্থ বছরে প্রথম শ্রেণীর পদে ০১ (এক) জন, তৃতীয় শ্রেণীর পদে ০৪ (চার) জনকে পদোন্নতি প্রদান করা হয়েছে। ২০১৮-১৯ অর্থ বছরে মোট রুজুকৃত মামলার সংখ্যা ১৭টি এবং নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা ৭টি।

## বাজেট প্রণয়ন, সর্ব প্রকার হিসাব সংরক্ষণ ও উহার তত্ত্বাবধান, বরাদ্দকৃত তহবিল বন্টন ও ব্যয় নিয়ন্ত্রণঃ

বিআরটিএ'র সদর কার্যালয়, ৭টি বিভাগ ও ৬২টি সার্কেলসহ সকল পর্যায়ের অফিসের ব্যয় নির্বাহের জন্য অনুন্নয়নের খাতে ২০১৮-১৯ অর্থবছরে অর্থমন্ত্রণালয়ে থেকে মোট ৩৪৬,৮৪,৯০,০০০/- (তিনশত ছেচল্লিশ কোটি চুরাশি লক্ষ নব্বই হাজার) টাকা বরাদ্দ সংরক্ষিত ছিলো যা সদর কার্যালয়সহ ৭টি বিভাগ ও ৬২টি সার্কেল অফিসের মধ্যে বন্টন করে দেওয়া হয়েছিলো। এ বরাদ্দ থেকে উক্ত বছরে প্রায় ৩২৫,০০,০০,০০০/- (তিনশত পচিশ কোটি) টাকা ব্যয় হয়েছে যার হিসাব স্ব-স্ব বিভাগীয় ও সার্কেল অফিস থেকে সংগ্রহ করে সদর কার্যালয়ে সংরক্ষণ করা হয়ে থাকে। ২০১৮-২০১৯ অর্থ বছরে আদায়কৃত রাজস্বের পরিমাণ ১৮১০ কোটি ১৫ লক্ষ টাকা। পর্যালোচনা করে দেখা যায়, বিআরটিএ'র মোট ব্যয় মোট রাজস্ব আদায়ের ১৭.৯৫ শতাংশ।

## পেনশন কেইসঃ

এ অথরিটিতে কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণ পেনশন কেইস সহজীকরণ নীতিমালার আওতায় আনার কাজ চলমান আছে। ২০১৮-২০১৯ অর্থ বছরে কোন পেনশন কেইস পেন্ডিং নেই।

## নিয়ন্ত্রণ কক্ষ ও ভিজিলেন্স টিমঃ

বিভিন্ন ধর্মীয় উৎসব উপলক্ষ্যে ঘরমুখো মানুষের মহাসড়কে যাতায়াত নির্বিঘ্ন করার নিমিত্ত বিআরটিএ'র ব্যবস্থাপনায় কেন্দ্রীয় নিয়ন্ত্রণ কক্ষ খোলা হয়ে থাকে। এছাড়া বিভিন্ন বাস টার্মিনালে ঘরমুখো মানুষের সুবিধা-অসুবিধা সার্বক্ষনিক পর্যবেক্ষণ করার জন্য বিআরটিএ'র ভিজিলেন্স টিম কাজ করে থাকে। মাননীয় মন্ত্রী এবং উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত থেকে নিয়ন্ত্রণ কক্ষের কার্যক্রম তদারকি এবং প্রয়োজনে তাৎক্ষণিক নির্দেশনা ও সিদ্ধান্ত প্রদান করে থাকেন। এর ফলে ধর্মীয় উৎসবে নাড়ীর টানে ঘরে ফেরা মানুষ স্বাচ্ছন্দ্যে ও আনন্দঘন পরিবেশে গন্তব্যে আসা-যাওয়া করতে পারেন।




**সমন্বিত কেন্দ্রীয় নিয়ন্ত্রণ কক্ষ**




**ভিজিলেন্স টিম**

# অধ্যায়-২
# এনফোর্সমেন্ট অধিশাখার কার্যক্রম

## ভ্রাম্যমাণ আদালত পরিচালনাঃ


পরিবহন সেক্টরে সার্বিক শৃঙ্খলা বজায় রাখা, অবৈধ ও ত্রুটিযুক্ত যানবাহন অপসারণ, অতিরিক্ত যাত্রী পরিবহন ও অতিরিক্ত ভাড়া আদায়ের প্রবণতা রোধ এবং যাত্রীদের সাথে সম্মানজনক ও ভদ্র আচরণ প্রদর্শনে উদ্বুদ্ধ করার উদ্দেশ্যে বিআরটিএ এবং জেলা ম্যাজিস্ট্রেটের কার্যালয়ে কর্মরত নির্বাহী ম্যাজিস্ট্রেটগণ মোটরযান অধ্যাদেশ ১৯৮৩সহ অন্যান্য আইনের অধীনে নিয়মিতভাবে মোবাইল কোর্ট পরিচালনা করে আসছেন। ২০১৮-১৯ অর্থবছরে ভ্রাম্যমাণ আদালতের অভিযানে ৩৩,১১১টি মামলায় ৬,১৮,২৪,৬৩৫/- (ছয় কোটি আঠারো লক্ষ চব্বিশ হাজার ছয়শত পঁয়ত্রিশ) টাকা জরিমানা আদায়সহ ৫৬২ জনকে বিভিন্ন মেয়াদে কারাদন্ড প্রদান ও ২০৭টি গাড়ী ডাম্পিং স্টেশনে প্রেরণ করা হয়েছে।

| অর্থবছর | মামলার সংখ্যা | জরিমানা আদায় (টাকায়) | কারাদন্ড | ডাম্পিং |
|---|---|---|---|---|
| ২০০৮-০৯ | ২০৭২ | ৩২৫৮৯১২ | ২ | ১১৯ |
| ২০০৯-১০ | ৭৪৫০ | ৫৪৬৮৩৭৪ | ৪৭ | ১৩৩ |
| ২০১০-১১ | ৯৪১৮ | ৬৬৯৪৩৭৪ | ২১৯ | ৩১৭ |
| ২০১১-১২ | ৬১৭২ | ৫৯৫৯৫৪৮ | ২২৭ | ৩৭২ |
| ২০১২-১৩ | ৩৩১৫ | ৩০৪১০৭২ | ১২৫ | ২৩৭ |
| ২০১৩-১৪ | ৮৫৬১ | ৭৩৪৪৬৭২ | ১৫০ | ৩৫০ |
| ২০১৪-১৫ | ২৩২০৬ | ১৭৯২২৮৮৫ | ১৩২ | ৬৩৪ |
| ২০১৫-১৬ | ৪৬৩৪৫ | ৪১৩৮০৮০০ | ৮৮৮ | ২৫১৮ |
| ২০১৬-১৭ | ৩৭২৪২ | ৪৭২৫৯৩০৭ | ৮৬৬ | ৮৪৩ |
| ২০১৭-১৮ | ২৪৯১৩ | ৪৮৯৮৬২৩০ | ৪১২ | ২১৪ |
| ২০১৮-১৯ | ৩৩১১১ | ৬১৮২৪৬৩৫ | ৫৬২ | ২০৭ |







ভ্রাম্যমাণ আদালত পরিচালনা





**অর্থ-বছর ভিত্তিক মামলার সংখ্যা**




**অর্থ-বছর ভিত্তিক জরিমানা আদায়ের পরিমাণ**




অর্থ-বছর ভিত্তিক কারাদন্ডের পরিমাণ




অর্থ-বছর ভিত্তিক ডাম্পিং এর পরিমাণ

## জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নঃ

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে বিআরটিএ'র সদর কার্যালয়, বিভাগীয় অফিস এবং সার্কেল অফিসসমূহে নৈতিকতা কমিটি রয়েছে। জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের নিমিত্ত গত অর্থ-বছরে নৈতিকতা কমিটির ০৪ (চার)টি সভা এবং ০৪ (চার)টি ভিডিও কনফারেন্স অনুষ্ঠিত হয়েছে। জাতীয় শুদ্ধাচার কৌশল সংশ্লিষ্ট বিষয়ে ৬০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। জাতীয় শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা, ২০১৭ এর বিধানুসারে গত ২০১৮-১৯ অর্থ বছরে ৩জনকে পুরস্কার প্রদান করা হয়েছে।

## ২০১৮-২০১৯ অর্থবছরের শ্রেষ্ঠ কর্মকর্তা/কর্মচারীর তালিকা

### কর্মকর্তা'র তালিকাঃ

| ক্রমিক নং | কর্মকর্তাগণের নাম, পদবী ও কর্মস্থল | ছবি | প্রণোদনা/পুরস্কার |
|---|---|---|---|
| ১ | জনাব শফিকুজ্জামান ভূঞা<br>উপ-পরিচালক (ইঞ্জিঃ)<br>বিআরটিএ,<br>ঢাকা বিভাগীয় অফিসের কার্যালয়, ঢাকা |  | ১ (এক) মাসের মূল বেতন, ক্রেস্ট ও সনদ |
| ২ | জনাব মোঃ খাইরুজ্জামান<br>সহকারী পরিচালক (ইঞ্জিঃ)<br>বিআরটিএ, সদর কার্যালয়,<br>নতুন বিমাবন্দর সড়ক, বনানী, ঢাকা |  | ১ (এক) মাসের মূল বেতন, ক্রেস্ট ও সনদ |

### কর্মচারীর তালিকাঃ

| ক্রমিক নং | কর্মচারীর নাম, পদবী ও কর্মস্থল | ছবি | প্রণোদনা/পুরস্কার |
|---|---|---|---|
| ৩ | জনাব মোঃ মামুন ফারুক<br>প্রধান সহকারী<br>বিআরটিএ, সদর কার্যালয়,<br>নতুন বিমাবন্দর সড়ক, বনানী, ঢাকা |  | ১ (এক) মাসের মূল বেতন, ক্রেস্ট ও সনদ |

## প্রচার ও বিজ্ঞাপনঃ

বিআরটিএ কর্তৃক সড়ক নিরাপত্তা নিশ্চিতকল্পে সড়কপথে ফিটনেসবিহীন, লাইসেন্সবিহীন ও মেয়াদোত্তীর্ণ ড্রাইভিং লাইসেন্স নিয়ে মোটরযান না চালানোর জন্য একাধিক পত্রিকায় অনেকবার বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। এর পাশাপাশি প্রতিমাসে বিভিন্ন দৈনিক, সাপ্তাহিক, পাক্ষিক ও মসিক পত্রিকায় সড়ক নিরাপত্তা সংক্রান্ত বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে।

## গণশুনানীঃ

বিআরটিএ'র চেয়ারম্যান মহোদয়ের উপস্থিতিতে বিআরটিএ'র পরিচালক (এনফোর্সমেন্ট)-এর নেতৃত্বে ২০১৮-১৯ অর্থবছরে মোট ৪টি গণশুনানী অনুষ্ঠিত হয়েছে। এছাড়া বিভিন্ন বিভাগীয় পর্যায়েও উপপরিচালক (ইঞ্জিঃ) কর্তৃক গণশুনানী অনুষ্ঠিত হয়েছে।




**গণশুনানী বিআরটিএ ময়মনসিংহ**




**গণশুনানী বিআরটিএ যশোর সার্কেল অফিস**

## জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি পরীবিক্ষণ প্রতিবেদন ২০১৮-২০১৯

| কার্যক্রমের নাম | কর্মসম্পাদন সূচক | সূচকের মান | একক | বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/পদ | ২০১৮-২০১৯ অর্থবছরের লক্ষ্যমাত্রা | বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ, ২০১৮-২০১৯ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | লক্ষ্য মাত্রা/ অর্জন | ১ম কোয়ার্টার | ২য় কোয়ার্টার | ৩য় কোয়ার্টার | ৪র্থ কোয়ার্টার |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| **১. প্রাতিষ্ঠানিক ব্যবস্থা…………………………………..১১** | | | | | | | | | | |
| ১.১ নৈতিকতা কমিটির সভা | অনুষ্ঠিত সভা | ৪ | সংখ্যা | শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা | ৪ | লক্ষ্য মাত্রা | ১ | ১ | ১ | ১ |
| | | | | | | অর্জন | ১ | ১ | ১ | ১ |
| ১.২ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | বাস্তবায়িত সিদ্ধান্ত | ৪ | % | শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা | ৮০% | লক্ষ্য মাত্রা | ৮০% | ৮০% | ৮০% | ৮০% |
| | | | | | | অর্জন | ৮০% | ৮০% | ১০০% | ১০০% |
| ১.৩ স্ব স্ব ওয়েবসাইটে শুদ্ধাচার সেবাবক্স হালনাগাদকরণ | সেবাবক্স হালনাগাদকৃত | ১ | তারিখ | শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা/প্রোগ্রামার | ২০.০৭.১৮ ২১.১০.১৮ ২০.০১.১৯ ২১.০৪.১৯ | লক্ষ্য মাত্রা | ২০.০৭.১৮ | ২১.১০.১৮ | ২০.০১.১৯ | ২১.০৪.১৯ |
| | | | | | | অর্জন | ২০.০৭.১৮ | ২১.১০.১৮ | ২০.০১.১৯ | ২১.০৪.১৯ |
| ১.৪ ১.৪ উত্তম চর্চার (Best Practice) তালিকা প্রণয়ন করে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ | উত্তম চর্চার তালিকা প্রেরিত | ২ | তারিখ | শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা | ৩১.১০.১৮ | লক্ষ্য মাত্রা | | ৩১.১০.১৮ | | |
| | | | | | | অর্জন | | ২৬.১২.১৮ | | |
| **২. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন…………………..………..৭** | | | | | | | | | | |
| ২.১ অংশীজনের (stakeholder) অংশগ্রহণে সভা | অনুষ্ঠিত সভা | ২ | সংখ্যা | শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা | ২ | লক্ষ্য মাত্রা | | ১ | ১ | |
| | | | | | | অর্জন | | ১ | ১ | |
| ২.২ কর্মকর্তা-কর্মচারিদের অংশগ্রহণে নিয়মিত উপস্থিতি বিধিমালা ১৯৮২; সরকারি কর্মচারি আচারণ বিধিমালা ১৯৭৯ এবং সচিবালয় নির্দেশমালা ২০১৪ সম্পর্কে সচেতনতা বৃদ্ধিমূলক সভা/প্রশিক্ষণ আয়োজন। অনুরুপ অন্যান্য বিধি/বিধান সম্পর্কে আলোচনা (প্রয়োজ্য ক্ষেত্রে) | অংশগ্রহণকারী / প্রশিক্ষণার্থী | ৩ | সংখ্যা | পরিচালক (প্রশিক্ষণ) | ৬০ | লক্ষ্য মাত্রা | ৩০ | | ৩০ | |
| | | | | | | অর্জন | ৩০ | | ৩০ | |
| ২.৩ জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ে কর্মকর্তা- | প্রশিক্ষণার্থী | ২ | সংখ্যা | পরিচালক (প্রশিক্ষণ) | ৬০ | লক্ষ্য মাত্রা | | ৩০ | | ৩০ |
| | | | | | | অর্জন | | ৩০ | | ৩০ |

| কার্যক্রমের নাম | কর্মসম্পাদন সূচক | সূচকের মান | একক | বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/পদ | ২০১৮-২০১৯ অর্থবছরের লক্ষ্যমাত্রা | বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ, ২০১৮-২০১৯ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | লক্ষ্য মাত্রা/ অর্জন | ১ম কোয়ার্টার | ২য় কোয়ার্টার | ৩য় কোয়ার্টার | ৪র্থ কোয়ার্টার |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| কর্মচারিদের প্রশিক্ষণ প্রদান | | | | | | | | | | |
| **৩. শুদ্ধাচার প্রতিষ্ঠায় সহায়ক আইন/বিধি/নীতিমালা/ম্যানুয়েল ও প্রজ্ঞাপন/পরিপত্র –এর বাস্তবায়ন এবং প্রযোজ্যক্ষেত্রে খসড়া প্রণয়ন.............১০** | | | | | | | | | | |
| ৩.১ বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি(কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা ১৯৯২(সংশোধিত ২০১৬) অধিকতর সংশোধনের প্রস্তাব মন্ত্রণালয় প্রেরণ | | ১০ | তারিখ | পরিচালক (প্রশাসন) | ৩০.০৬.১৯ | | | | | ৩০.৬.১৯ |
| | | | | | | | | | | ৩০.৪.১৯ |
| **৪. তথ্য অধিকার সম্পর্কিত কার্যক্রম ..................১৪** | | | | | | | | | | |
| ৪.১ স্ব স্ব ওয়েবসাইটে তথ্য অধিকার আইকন হালনাগাদকরণ | সেবাবক্স হালনাগাদকৃত | ১ | তারিখ | প্রোগ্রামার | ২০.০৭.১৮ ২১.১০.১৮ ২০.০১.১৯ ২১.০৪.১৯ | লক্ষ্য মাত্রা | ২০.০৭.১৮ | ২১.১০.১৮ | ২০.০১.১৯ | ২১.০৪.১৯ |
| | | | | | | অর্জন | ২০.০৭.১৮ | ২১.১০.১৮ | ২০.০১.১৯ | ২১.০৪.১৯ |
| ৪.২ তথ্য অধিকার আইনের আওতায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (ডিও) ও বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার অনলাইন প্রশিক্ষণ সম্পাদন | অনলাইন প্রশিক্ষণের সনদ প্রাপ্ত | ২ | তারিখ | সচিব বিআরটিএ | ৩১.০৩.১৯ | লক্ষ্য মাত্রা | | | ৩১.০৩.১৯ | |
| | | | | | | অর্জন | | | ১৬.০১.১৯ | |
| ৪.৩ দুদকে স্থাপিত হটলাইন নম্বর ১০৬ (টোল ফ্রি) স্ব স্ব তথ্য বাতায়নে সংযুক্তকরণ এবং তা কর্মকর্তা-কর্মচারিদেরকে অবহিতকরণ | তথ্য বাতায়নে সংযোজিত ও কর্মকর্তা-কর্মচারি অবহিত | ১ | তারিখ | প্রোগ্রামার | ৩০.০৮.১৮ | লক্ষ্য মাত্রা | ৩০.০৮.১৮ | | | |
| | | | | | | অর্জন | ৩০.০৮.১৮ | | | |
| ৪.৪ তথ্য বাতায়নে সংযোজিত সংশ্লিষ্ট তথ্যসমূহ হালনাগাদকরণ | তথ্য বাতায়ন হালনাগাদকৃত | ২ | তারিখ | প্রোগ্রামার | ২০.০৭.১৮ ২১.১০.১৮ ২০.০১.১৯ ২১.০৪.১৯ | লক্ষ্য মাত্রা | ২০.০৭.১৮ | ২১.১০.১৮ | ২০.০১.১৯ | ২১.০৪.১৯ |
| | | | | | | অর্জন | ২০.০৭.১৮ | ২১.১০.১৮ | ২০.০১.১৯ | ২১.০৪.১৯ |
| ৪.৫ তথ্য অধিকার আইন. ২০০৯; জনস্বার্থ সংশ্লিষ্ট তথ্য প্রকাশ (সুরক্ষা) আইন, ২০১১ এবং জনস্বার্থ সংশ্লিষ্ট তথ্য প্রকাশ (সুরক্ষা) বিধিমালা, ২০17 সম্পর্কে কর্মকর্তা- | কর্মকর্তা-কর্মচারি অবহিত | ৬ | সংখ্যা | পরিচালক (প্রশিক্ষণ) | ৬০ | লক্ষ্য মাত্রা | ৩০ | - | ৩০ | |
| | | | | | | অর্জন | ৩০ | | ৩০ | |

| কার্যক্রমের নাম | কর্মসম্পাদন সূচক | সূচকের মান | একক | বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/পদ | ২০১৮-২০১৯ অর্থবছরের লক্ষ্যমাত্রা | বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ, ২০১৮-২০১৯ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | লক্ষ্যমাত্রা/ অর্জন | ১ম কোয়ার্টার | ২য় কোয়ার্টার | ৩য় কোয়ার্টার | ৪র্থ কোয়ার্টার |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| কর্মচারিদেরকে অবহিতকরণ | | | | | | | | | | |
| ৪.৬ স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ | হালনাগাদকৃত নির্দেশিকা ওয়েবসাইটে প্রকাশিত | ২ | তারিখ | প্রোগ্রামার | ৩০.০৬.১৯ | লক্ষ্যমাত্রা | | | | ৩০.৬.১৯ |
| | | | | | | অর্জন | | | | ২৩.৬.১৯ |
| **৫. ই-গভর্নেন্স বাস্তবায়ন.............................১৩** | | | | | | | | | | |
| ৫.১ দাপ্তরিক কাজে অনলাইন রেসপন্স সিস্টেম (ই-মেইল/ এসএমএস)-এর ব্যবহার | ই-মেইল/ এসএমএস ব্যবহৃত | ২ | % | সহকারী পরিচালক (ইঞ্জিঃ) ড্রাঃলাইঃ | ৫০% | লক্ষ্যমাত্রা | ৫০% | ৫০ % | ৫০% | ৫০% |
| | | | | | | অর্জন | ৫০% | ৫০ % | ৫০% | ৫০% |
| ৫.২ ভিডিও/অনলাইন/টেলি-কনফারেন্স আয়োজন (স্কাইপ/ম্যাসেন্জার, ভাইবার ব্যবহারসহ) | অনুষ্ঠিত কনফারেন্স | ৩ | সংখ্যা | পরিচালক (অপারেশন) | ৪ | লক্ষ্যমাত্রা | ১ | ১ | ১ | ১ |
| | | | | | | অর্জন | ১ | ১ | ১ | ১ |
| ৫.৩ দাপ্তরিক সকল কাজে ইউনিকোড ব্যবহার | ইউনিকোড ব্যবহৃত | ২ | % | প্রেগ্রামার | ১০০ % | লক্ষ্যমাত্রা | ১০০% | ১০০ % | ১০০% | ১০০% |
| | | | | | | অর্জন | ১০০% | ১০০ % | ১০০% | ১০০% |
| ৫.৪ ই-টেন্ডার/ই-জিপি-এর মাধ্যমে ক্রয় কার্য সম্পাদন | ই-টেন্ডার সম্পাদিত | ২ | % | পরিচালক (প্রশাসন)/পরিচালক (অপারেশন) | ১০% | লক্ষ্যমাত্রা | - | ২% | ৫% | ১০% |
| | | | | | | অর্জন | | ২% | ৫% | ১০% |
| ৫.৫ দপ্তর/সংস্থায় চালুকৃত অনলাইন/ই-সেবার ব্যবহার সংক্রান্ত কার্যক্রম পরিবীক্ষণ | অনলাইন/ই-সেবার ব্যবহার পরিবীক্ষণকৃত | ৩ | % | পরিচালক (অপারেশন) | ২০% | লক্ষ্যমাত্রা | ২০% | ২০ % | ২০% | ২০% |
| | | | | | | অর্জন | ২০% | ২০ % | ২০% | ২০% |
| ৫.৬ সোস্যাল মিডিয়ার ব্যবহার করে নাগরিক সমস্যার সমাধান | সমস্যা সমাধানকৃত | ১ | % | প্রোগ্রামার | ৫০% | লক্ষ্যমাত্রা | ৫০% | ৫০ % | ৫০% | ৫০% |
| | | | | | | অর্জন | ৮০% | ৫০ % | ৫০% | ৫০% |
| **৬. উদ্ভাবনী উদ্যোগ ও সেবা পদ্ধতি সহজীকরণ.....................৫** | | | | | | | | | | |
| ৬.১ বার্ষিক উদ্ভাবন কর্ম-পরিকল্পনা ২০১৮-১৯ প্রণয়ন | কর্ম-পরিকল্পনা প্রণীত | ১ | তারিখ | পরিচালক (অপারেশন) | ৩০.০৭.১৮ | লক্ষ্যমাত্রা | ৩০.০৭.১৮ | | | |
| | | | | | | অর্জন | ৩০.০৭.১৮ | | | |
| ৬.২ বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনায় অর্ন্তভুক্ত কার্যক্রম বাস্তবায়ন | বাস্তবায়িত উদ্ভাবনী কার্যক্রম | ২ | % | পরিচালক (অপারেশন) | ৫০% | লক্ষ্যমাত্রা | - | ১০% | ৩০% | ৫০% |
| | | | | | | অর্জন | | ১০% | ৩০% | ৫০% |
| ৬.৩ চালুকৃত উদ্ভাবন উদ্যোগ/সহজীকৃত | চালুকৃত সেবা পরিবীক্ষণকৃত | ২ | সংখ্যা | পরিচালক (অপারেশন) | ২০% | লক্ষ্যমাত্রা | ২০% | ২০ % | ২০% | ২০% |
| | | | | | | অর্জন | ২০% | ২০ | ২০% | ২০% |

| কার্যক্রমের নাম | কর্মসম্পাদন সূচক | সূচকের মান | একক | বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/পদ | ২০১৮-২০১৯ অর্থবছরের লক্ষ্যমাত্রা | বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ, ২০১৮-২০১৯ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | লক্ষ্যমাত্রা/ অর্জন | ১ম কোয়ার্টার | ২য় কোয়ার্টার | ৩য় কোয়ার্টার | ৪র্থ কোয়ার্টার |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| সেবা পরিবীক্ষণ | | | | | | | | % | | |
| **৭. স্বচ্ছতা ও জবাবদিহি শক্তিশালীকরণ......................১৬** | | | | | | | | | | |
| ৭.১ পিপিএ ২০০৬-এর ধারা ১১(২) ও পিপিআর ২০০৮-এর বিধি ১৬(৬) অনুযায়ী ক্রয়-পরিকল্পনা ২০১৮-১৯ প্রণয়ন | ক্রয়-পরিকল্পনা প্রণীত | ৩ | তারিখ | উপপরিচালক (অর্থ) | ৩১.০৮.১৮ | | ৩১.০৮.১৮ | - | - | - |
| | | | | | | | ৩১.০৮.১৮ | | | |
| ৭.২ স্ব স্ব ওয়েবসাইটের অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সেবাবক্স হালনাগাদকরণ | ওয়েবসাইটে হালনাগাদকৃত | ১ | তারিখ | সচিব/প্রোগ্রামার | ২০.০৭.১৮ ২১.১০.১৮ ২০.০১.১৯ ২১.০৪.১৯ | লক্ষ্যমাত্রা | ২০.০৭.১৮ | ২১.১০.১৮ | ২০.০১.১৯ | ২১.০৪.১৯ |
| | | | | | | অর্জন | ২০.০৭.১৮ | ২১.১০.১৮ | ২০.০১.১৯ | ২১.০৪.১৯ |
| ৭.৩ দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ | বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণকৃত | ৪ | % | পরিচালক (প্রশাসন) | ২৫% | লক্ষ্যমাত্রা | ২৫% | ২৫% | ২৫% | ২৫% |
| | | | | | | অর্জন | ২৫% | ২৫% | ২৫% | ২৫% |
| ৭.৪ দপ্তর/সংস্থার শাখা/অধিশাখা পরিদর্শন/আকস্মিক পরিদর্শন | পরিদর্শন/ আকস্মিক পরিদর্শন সম্পন্ন | ২ | সংখ্যা | পরিচালক (প্রশাসন) | ৮ | লক্ষ্যমাত্রা | ২ | ২ | ২ | ২ |
| | | | | | | অর্জন | ৭ | ৩ | ২ | ২ |
| ৭.৫ সচিবালয় নির্দেশমালা ২০১৪ এর অনুযায়ী নথির শ্রেণী বিন্যাসকরণ | নথি শ্রেণী বিন্যাসকৃত | ৪ | % | পরিচালক (প্রশাসন) | ৫০% | লক্ষ্যমাত্রা | ১০% | ২০% | ৩০% | ৫০% |
| | | | | | | অর্জন | ১০% | ২০% | ৩০% | ৫০% |
| ৭.৬ গণশুনানী আয়োজন | আয়োজিত গণশুনানী | ২ | সংখ্যা | শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা | ৪ | লক্ষ্যমাত্রা | ১ | ১ | ১ | ১ |
| | | | | | | অর্জন | ১ | ১ | ১ | ১ |
| **৮. দপ্তর/সংস্থার শুদ্ধাচার সংশ্লিষ্ট অন্যান্য কার্যক্রম.................৬ (নির্দেশিকায় সংযোজিত তালিকা থেকে কমপক্ষে ৩টি কার্যক্রম নির্বাচন করতে হবে)-- ৬** | | | | | | | | | | |
| ৮.১ বকেয়া বিদ্যুৎ, পানি ও জ্বালানীর বিল প্রদান | বকেয়া বিল প্রদানকৃত | ২ | % | উপপরিচালক (অর্থ) | ১০০% | লক্ষ্যমাত্রা | ১০০% | ১০০% | ১০০% | ১০০% |
| | | | | | | অর্জন | ১০০% | ১০০% | ১০০% | ১০০% |
| ৮.২ রাজস্ব ও উন্নয়ন খাতের কোয়ার্টার ভিত্তিক বরাদ্দ সময়মত ছাড় নিশ্চিতকরণ | সময়মত বরাদ্দ ছাড়কৃত | ২ | % | উপপরিচালক (অর্থ) | ৮০% | লক্ষ্যমাত্রা | ১০% | ২০% | ৫০% | ৮০% |
| | | | | | | অর্জন | ১০% | ২০% | ৫০% | ৮০% |
| ৮.৩ নৈতিকতা সম্পর্কিত | প্রস্তুত/বিলকৃত /লিফলেট/ভা | ২ | সংখ্যা | শুদ্ধাচার ফোকাল | ৩০০০০ | লক্ষ্যমাত্রা | - | ১০০০০ | ১০০০০ | ১০০০০ |

| কার্যক্রমের নাম | কর্মসম্পাদন সূচক | সূচকের মান | একক | বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/পদ | ২০১৮-২০১৯ অর্থবছরের লক্ষ্যমাত্রা | বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ, ২০১৮-২০১৯ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | লক্ষ্যমাত্রা/ অর্জন | ১ম কোয়ার্টার | ২য় কোয়ার্টার | ৩য় কোয়ার্টার | ৪র্থ কোয়ার্টার |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| পোস্টার/লিফলেট /ভাজ তৈরির ও বিলির ব্যবস্থা গ্রহণ | জ | | | পয়েন্ট কর্মকর্তা/পরিচালক (রোড সেফটি) | | অর্জন | | ১২০০০ | ১০০০০ | ১০০০০ |
| **৯. শুদ্ধাচার চর্চার জন্য পুরস্কার/প্রণোদনা প্রদান............................৩** | | | | | | | | | | |
| ৯.১ 'শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা, ২০১৭' এবং মন্ত্রিপরিষদ বিভাগের ১৩.৩.২০১৮ তারিখের ০৪.০০.০০০০.৮ ২২.১৪.০৪২.১৬. ০৫৩ নম্বর স্পস্টীকরণ পত্র অনুযায়ী শুদ্ধাচার পুরস্কার প্রদান | প্রদত্ত পুরস্কার | ৩ | তারিখ | পরিচালক (প্রশাসন) | ৩০.০৬.১৯ | লক্ষ্যমাত্রা | - | - | - | ৩০.০৬.১৯ |
| | | | | | | অর্জন | | | | ৩০.০৬.১৯ |
| **১০. অর্থ বরাদ্দ...................................................................৫** | | | | | | | | | | |
| ১০.১ শুদ্ধাচার কর্ম-পরিকল্পনায় অর্ন্তভুক্ত বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থের আনুমানিক পরিমাণ | বরাদ্দকৃত অর্থ | ৫ | লক্ষ টাকা | উপপরিচালক (অর্থ) | ৫.০০ | লক্ষ্যমাত্রা | ১.০০ | ১.০০ | ১.০০ | ২.০০ |
| | | | | | | অর্জন | ১.২০ | ১.০০ | ১.০০ | ২.০০ |
| **১১. পরিবীক্ষণ ও মূল্যায়ন..................................১০** | | | | | | | | | | |
| ১১.১ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০১৮-১৯ প্রণয়ন করে মন্ত্রণালয়/বিভাগ/ রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের বিভাগে দাখিল | প্রণীত কর্ম-পরিকল্পনা দাখিলকৃত | ৩ | তারিখ | শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা | ১২.০৭.১৮ | লক্ষ্যমাত্রা | ১২.০৭.১৮ | | | |
| | | | | | | অর্জন | ১২.০৭.১৮ | | | |
| ১১.২ নির্ধারিত সময়ে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন মন্ত্রণালয়/বিভাগ/রাষ্ট্রীয় প্রতিষ্ঠানে বিভাগে দাখিল | ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত | ২ | তারিখ | শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা | ১৫.১০.১৮<br>১৫.০১.১৯<br>১৫.০৪.১৯<br>১৫.০৭.১৯ | লক্ষ্যমাত্রা | ১৫.১০.১৮ | ১৫.০১.১৯ | ১৫.০৪.১৯ | ১৫.০৭.১৯ |
| | | | | | | অর্জন | ১০.১০.১৮ | ০৯.০১.১৯ | ০৭.০৪.১৯ | |
| ১১.৩ আওতাধীন আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়কে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, | প্রদত্ত নির্দেশনা | ১ | তারিখ | শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা | ২৫.০৬.১৮ | লক্ষ্যমাত্রা | ২৫.০৬.১৮ | | | |
| | | | | | | | ২৫.০৬.১৮ | | | |

| কার্যক্রমের নাম | কর্মসম্পাদন সূচক | সূচকের মান | একক | বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/পদ | ২০১৮-২০১৯ অর্থবছরের লক্ষ্যমাত্রা | বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ, ২০১৮-২০১৯ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | লক্ষ্য মাত্রা/ অর্জন | ১ম কোয়ার্টার | ২য় কোয়ার্টার | ৩য় কোয়ার্টার | ৪র্থ কোয়ার্টার |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ২০১৮-১৯ প্রণয়নের নির্দেশনা প্রদান | | | | | | | | | | |
| ১১.৪ আওতাধীন আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়ে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০১৮-১৯ প্রণয়নের নিমিত্ত কর্মশালা আয়োজন | আয়োজিত কর্মশালা | ২ | তারিখ | শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা | ০২.০৭.১৮ | লক্ষ্য মাত্রা | ০২.০৭.১৮ | | | |
| | | | | | | অর্জন | ২০.০৭.১৮ | | | |
| ১১.৫ আওতাধীন আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয় কর্তৃক প্রণীত/দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান | অনুষ্ঠিত ফিডব্যাক সভা | ২ | সংখ্যা | শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা | ৪ | লক্ষ্য মাত্রা | ১ | ১ | ১ | ১ |
| | | | | | | অর্জন | ১ | ১ | ১ | ১ |


## ২০১৮-২০১৯ অর্থ-বছরে অতিরিক্ত ভাড়া আদায়ের প্রতিবেদনঃ

| ক্রঃ নং | মাসের নাম | মামলার সংখ্যা | জরিমানা আদায় (টাকায়) |
|---|---|---|---|
| ১. | জুলাই-২০১৮ | ২৭০ | ৪,৪১,৫০০.০০ |
| ২. | আগষ্ট-২০১৮ | ১৪৪ | ১,৬১,৩০০.০০ |
| ৩. | সেপ্টেম্বর-২০১৮ | ৩৬১ | ১০,১৬,৪০০.০০ |
| ৪. | অক্টোবর-২০১৮ | ১৭৯ | ২,৭৯,৮০০.০০ |
| ৫. | নভেম্বর-২০১৮ | ২২৭ | ৩,০৮,৪০০.০০ |
| ৬. | ডিসেম্বর-২০১৮ | ১১৩ | ১,৩৯,৮০০.০০ |
| ৭. | জানুয়ারি-২০১৯ | ১৫৮ | ২,৯০,১০০.০০ |
| ৮. | ফেব্রুয়ারি-২০১৯ | ১৩৫ | ২,০৫,৩০০.০০ |
| ৯. | মার্চ-২০১৯ | ১৬১ | ২,৫৫,৭০০.০০ |
| ১০. | এপ্রিল-২০১৯ | ১৮৪ | ২,৮৫,৩০০.০০ |
| ১১. | মে-২০১৯ | ১৭৮ | ২,৩২,৪০০.০০ |
| ১২. | জুন-২০১৯ | ২৬৯ | ৩,৭৯,৪০০.০০ |
| | মোট | ২৩৭৯ | ৩৯,৯৫,৪০০.০০ |

# অধ্যায়-৩
# ইঞ্জিনিয়ারিং অধিশাখার কার্যক্রম

## মোটরযান নিবন্ধনঃ

কোনো ব্যক্তি বা মোটরযান মালিক কর্তৃক রেজিস্ট্রেশন সনদ ব্যতীতি সড়ক, মহাসড়ক বা পাবলিক প্লেসে মোটরযান চালাতে বা চালাবার অনুমতি প্রদান করা যায় না। রেজিস্ট্রেশন সনদ ব্যতীত মোটরযান চালালে বা চালানোর অনুমতি প্রদান করা হলে জেল ও জরিমানার বিধান রয়েছে। ১৯৯৭ সাল পর্যন্ত রেজিস্ট্রেশনকৃত মোটরযানের সংখ্যা ছিল ১,৭৫,০০০ (এক লক্ষ পঁচাত্তর হাজার) টি। ২০১৯ সালের ৩০ জুন পর্যন্ত উক্ত সংখ্যা বৃদ্ধি পেয়ে সর্বমোট রেজিস্ট্রেশনকৃত মোটরযনের সংখ্যা দাঁড়িয়েছে ৪০,১২,১৩১ (চল্লিশ লক্ষ বার হাজার একশত একত্রিশ) টি। বিআরটিএ কর্তৃক ২০১৮-১৯ অর্থ বছরে ৫টি মেট্রো সার্কেল এবং ৫৭টি জেলা সার্কেল অফিসের মাধ্যমে ৫,২৪,০১৬টি মোটরযানের রেজিস্ট্রেশন প্রদান করা হয়েছে। ২০১২-২০১৩, ২০১৩-২০১৪. ২০১৪-২০১৫, ২০১৫-২০১৬, ২০১৬-২০১৭ ও ২০১৭-১৮ অর্থবছরে যথাক্রমে ১,৪৬,২৬৭টি, ১৫০,৯৭৫টি, ১,৭৭,৫৭৩টি, ৩,৮১,১৮১টি, ৪,১২,৫৭৩টি ও ৪,৬৮,৭০৬টি মোটরযানের রেজিস্ট্রেশন প্রদান করা হয়েছে।





**অর্থ-বছর ভিত্তিক মোটরযান রেজিস্ট্রেশনের সংখ্যা**

## ডিজিটাল রেজিস্ট্রেশন সার্টিফিকেটঃ


সনাতন রেজিস্ট্রেশন (ব্লু-বুক) এর পরিবর্তে মোটরযান মালিকগণের বায়োমেট্রিক নির্ভর অত্যাধুনিক প্রযুক্তির ডিজিটাল রেজিস্ট্রেশন সার্টিফিকেট (ডিআরসি) প্রস্তুত কার্যক্রম জুন, ২০১৪ হতে শুরু করা হয়। জুন ২০১৯ পর্যন্ত মোট ১৬,৯৪,৮২৪টি ডিআরসি প্রস্তুত করে ১২,৩৪,৮৭৫টি বিতরণ করা হয়। উল্লেখ্য, ডিজিটাল রেজিস্ট্রেশন সার্টিফিকেটের জন্য বায়োমেট্রিক প্রদান ও প্রস্তুতকৃত সার্টিফিকেট সংগ্রহের জন্য গ্রাহকগণকে এসএমএস এর মাধ্যমে অবহিত করা হয়। বিআরটিএ কর্তৃক ২০১৮-১৯ অর্থ বছরে ৫টি মেট্রো সার্কেল এবং ৫৭টি জেলা সার্কেল অফিসের মাধ্যমে ৩,১০,৪১৮টি ডিজিটাল রেজিস্ট্রেশন সার্টিফিকেট প্রস্তুত হয়েছে এবং ২,৬৩,৮৮৯টি ডিজিটাল রেজিস্ট্রেশন সার্টিফিকেট মোটরযান মালিকের নিকট সরবরাহ করা হয়েছে। ২০১৪-২০১৫ অর্থ বছরে ১,৮৩,৪৬৮টি প্রস্তুত ও ৮২,৪০৪টি সরবরাহ, ২০১৫-২০১৬ অর্থবছরে ৩,০১,৭৩১টি প্রস্তুত ও ১,৭২,৮৪৬টি সরবরাহ, ২০১৬-২০১৭ অর্থবছরে ৪,৭৭,২০৫টি প্রস্তুত ও ৩,১২,৫৯২টি সরবরাহ এবং ২০১৭-১৮ অর্থবছরে ৪,৫৯,৭৮৯টি প্রস্তুত ও ৩,৮৬,০৯৬টি  ডিজিটাল রেজিস্ট্রেশন সার্টিফিকেট সরবরাহ করা হয়েছে।




**বায়োমেট্রিক গ্রহণের ছবি**




অর্থ-বছর ভিত্তিক ডিজিটাল রেজিস্ট্রেশন সার্টিফিকেট প্রস্তুতের সংখ্যা




অর্থ-বছর ভিত্তিক ডিজিটাল রেজিস্ট্রেশন সার্টিফিকেট বিতরণের সংখ্যা



রেজিস্ট্রেশন সনদ
Certificate of Registration

বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি
Bangladesh Road Transport Authority

রেজিস্ট্রেশন নং / Registration No.: ঢাকা মেট্রো-গ-৪২-৭২৮৯
তারিখ / Date: 22/05/2019
যানের বিবরণ / Vehicle Description: CAR (SALOON)
যানের শ্রেণি / Vehicle Class: MOTOR CAR (LARGE)
রং / Color: BLACK
সিসি / CC: 1500
জ্বালানি / Fuel: PETROL
আসন / Seat: 5
ইঞ্জিন নং / Engine No.: 1NZ-7001581
চেসিস নং / Chassis No.: NHP10-6255518
ভাড়ায় চালিত / Hire: NO
হুইলবেইজ / Wheel Base: 2600 মি মি
ওজন (কেজি) / Weight (Kg): 1100 খালি/Unladen 1375 বোঝাইকৃত/Laden
প্রদানকারী কর্তৃপক্ষ / Issuing Authority: MIRPUR

মালিকের নাম ও ঠিকানা / Owner's Name & Address:
Name: MD. ROFIQUL ISLAM.
Father/Husband:MD SALAMOT ULLAH.
Address:H#762/5, MODDHO MONIPUR, MIRPUR-2, DHAKA-1216.
মালিকানার ধরণ / Owner Type: PRIVATE
টায়ার সাইজ / Tyre Size: 175/65R15
দায়বদ্ধ / H.P.: NO
তৈরির সন / Mfg. Year: 2014

হারিয়ে গেলে বা খুঁজে পেলে নিকটবর্তী থানায় অবহিত করুন
If lost or found, please inform nearest police station.

এক্সেল ওজন / Axle Weight:
সামনে / Front 0 কেজি/Kg
মধ্যে / Mid 0 কেজি/Kg
পিছনে / Back 0 কেজি/Kg
পরিমাপ / Measurement:
দৈর্ঘ্য / Length 3990 মি মি/mm
প্রস্থ / Width 1690 মি মি/mm
উচ্চতা / Height 1440 মি মি/mm
ওভার হ্যাং / Overhang:
সামনে / Front %
পিছনে / Back %


ইলেক্ট্রনিক চিপ যুক্ত স্মার্টকার্ড রেজিস্ট্রেশন সার্টিফিকেট এর চিত্র





মাল্টিপারপাস হ্যান্ড-হেল্ড ডিভাইস (ডিজিটাল রেজিস্ট্রেশন সার্টিফিকেট, ড্রাইভিং লাইসেন্স এবং আরএফআইডি রিডার) এর চিত্র

## রেট্রো-রিফ্লেক্টিভ নাম্বারপ্লেট ও আরএফআইডি ট্যাগঃ

একাধিক মোটরযানে একই রেজিস্ট্রেশন নাম্বার রোড এবং রাজস্ব ফাঁকি রোড, গাড়ী চুরি/ছিনতাইসহ বিভিন্ন অপরাধ প্রবণতা হ্রাস, দিনে ও রাতে সমানভাবে দৃশ্যমান হওয়াসহ বিআরটিএ'র এনফোর্সমেন্ট কার্যক্রম শক্তিশালী করার লক্ষ্যে ৩১ অক্টোবর ২০১২ খ্রিঃ তারিখ থেকে মোটরযানের রেট্রো-রিফ্লেক্টিভ নাম্বারপ্লেট ও আরএফআইডি ট্যাগ প্রবর্তন করা হয়। ঢাকা মহানগরীতে মোটরযানের গতিবিধি ট্র্যাকিং করার জন্য ১১টি স্থানে আরএফআইডি স্টেশন স্থাপন করা হয়েছে। রেট্রো-রিফ্লেক্টিভ নাম্বারপ্লেট এবং আরএফআইডি ট্যাগ প্রবর্তনের পর থেকে জুন ২০১৯ পর্যন্ত মোট ২২,০৭,৪৫৬ সেট নাম্বারপ্লেট ও আরএফআইডি ট্যাগ মোটরযানের সংযোজন করা হয়েছে। বিআরটিএ কর্তৃক ২০১৮-২০১৯ অর্থ বছরে ৫টি মেট্রো সার্কেল এবং ৫৭টি জেলা সার্কেল অফিসের মাধ্যমে ৫,১৭,৬১৩ সেট রেট্রো-রিফ্লেক্টিভ নাম্বারপ্লেট ও আরএফআইডি ট্যাগ প্রস্তুত হয়েছে এবং ৪,৫৭,৪৬৮ সেট রেট্রো-রিফ্লেক্টিভ নাম্বারপ্লেট ও আরএফআইডি ট্যাগ মোটরযানে সংযোজিত হয়েছে। ২০১২-২০১৩ অর্থ বছরে ৩,৬৬,৫৪৬ সেট প্রস্তুত ও ১,০৩,৭৪৬ সেট সংযোজন, ২০১৩-২০১৪ অর্থ বছরে ৩,৫৯,৮৫৩ সেট প্রস্তুত ও ২,৭০,১৪১ সেট সংযোজন, ২০১৪-২০১৫ অর্থ বছরে ১,৮১,৫১০ সেট প্রস্তুত ও ২,২১,৭৭৫ সেট সংযোজন, ২০১৫-২০১৬ অর্থবছরে ৪,০৩,৪২৭ সেট প্রস্তুত ও ৩,৪৪,৯৪১ সেট সংযোজন, ২০১৬-১৭ অর্থ বছরে ৪,২৮,৩০৮ সেট প্রস্তুত ও ৩,৯৭,০৫৫ সেট সংযোজন এবং ২০১৬-১৭ অর্থ বছরে ৪,৭৩,৯৮৫ সেট প্রস্তুত ও ৪,১২,৩২৯ সেট সংযোজন করা হয়েছে।




অর্থ-বছর ভিত্তিক রেট্রো-রিফ্লেক্টিভ নাম্বারপ্লেট ও আরএফআইডি ট্যাগ প্রস্তুতের সংখ্যা




অর্থ-বছর ভিত্তিক রেট্রো-রিফ্লেক্টিভ নাম্বারপ্লেট ও আরএফআইডি ট্যাগ সংযোজনের সংখ্যা




মোটরযানে রেট্রো-রিফ্লেক্টিভ নাম্বারপ্লেট সংযোজনের চিত্র





রেডিও ফ্রিক্যুয়েন্সি আইডেন্টিফিকেশন (আরএফআইডি) ট্যাগ এর চিত্র





মোটরযানে সংযোজিত রেডিও ফ্রিক্যুয়েন্সি আইডেন্টিফিকেশন (আরএফআইডি) ট্যাগ এর চিত্র



আরএফআইডি আর্চ পয়েন্ট এর চিত্র (ফুট ওভারব্রীজের সাথে সংযোজিত)





ইলেক্ট্রনিক ভেহিক্যাল রেজিস্ট্রেশন (ইভিআর) এর চিত্র




ইলেক্ট্রনিক ভেহিক্যাল ইনফরমেশন (ইভিআই) এর চিত্র


## ফিটনেস সার্টিফিকেটঃ

উপযোগিতা সার্টিফিকেট (Fitness Certificate) ছাড়া কোন মোটরযান (মোটরসাইকেল ব্যাতীত) সড়ক/মহাসড়কে চালানো যায় না। এছাড়া যে সকল ব্যক্তিগত মোটরযানসমূহের আসন সংখ্যা আট (ড্রাইভারসহ) সে সকল মোটরযান তৈরী সনসহ ৫ (পাঁচ) বছর ফিটনেস অব্যাহতি পেয়ে থাকে। বিআরটিএ কর্তৃক ২০১৮-২০১৯ অর্থ বছরে ৫টি মেট্রো সার্কেল এবং ৫৭টি জেলা সার্কেল অফিসের মাধ্যমে ৭,০৬,৪১৩টি ফিটনেস সার্টিফিকেট ইস্যু ও নবায়ন করা হয়েছে। ২০১২-২০১৩, ২০১৩-২০১৪, ২০১৪-২০১৫, ২০১৫-২০১৬, ২০১৬-২০১৭ ও ২০১৭-২০১৮ অর্থ বছরে যথাক্রমে ৪,৫৬,৭৫৮টি, ৫,২৭,৫৬২টি, ৫,৩৬,৯৯৯টি, ৫,৭৯,৪৭৩টি, ৬,৪৫,২৪৮টি এবং ৬,৪৭,৮১৫টি ফিটনেস সার্টিফিকেট ইস্যু ও নবায়ন করা হয়েছে।




অর্থ-বছর ভিত্তিক ফিটনেস সার্টিফিকেট সরবরাহের সংখ্যা

ম্যানুয়াল পদ্ধতির পরিবর্তে স্বয়ংক্রিয়ভাবে গাড়ীর ফিটনেস সার্টিফিকেট প্রদানের লক্ষ্যে মিরপুরস্থ মোটরযান পরিদর্শন কেন্দ্র প্রতিস্থাপনপূর্বক গত ৩০ অক্টোবর ২০১৬ তারিখ থেকে চালু করা হয়েছে। ২০১৮-১৯ অর্থ বছরে উক্ত টেস্ট সেন্টারের মাধ্যমে বাস, মিনিবাস, ট্রাক, কাভার্ড ভ্যান ইত্যাদি ৯০৬৮ টি মোটরযান পরীক্ষাপূর্বক ফিটনেস সার্টিফিকেট নবায়ন করা হয়েছে।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি
ফিটনেস সনদপত্র
FC: 6611006

যানের পরিচিতি ঃ গ্রাহক পরিচিতি ঃ
রেজিস্ট্রেশন নম্বর ঃ সনদ নম্বর ঃ
যানের বর্ণনা ঃ
চ্যাচিস নম্বর ঃ ভাড়াকৃত ঃ আসন ঃ
ইঞ্জিন নম্বর ঃ সিলিন্ডার ঃ সিসি ঃ
খালি গাড়ির ওজন ঃ কেজি বোঝাই ওজন ঃ কেজি রংঃ
টায়ারের সংখ্যা ঃ টায়ারের সাইজঃ
পরিমাপ ঃ দৈর্ঘ্য মিমি প্রস্থ মিমি উচ্চতা মিমি
ওভারহ্যাং ঃ সামনে (%) পিছনে (%)
নাম ঃ
পিতা/স্বামীর নাম ঃ
ঠিকানা ঃ
টিআইএন নম্বর ঃ
বৈধতার মেয়াদ ঃ
হইতে ঃ
পর্যন্ত ঃ
পরবর্তী
পরিদর্শনের তারিখ ঃ
তারিখ ঃ
মোটরযান পরিদর্শকের স্বাক্ষর
নাম ঃ
পদবী ঃ
এলাকাঃ
FC 2019
অপর পৃষ্ঠায় বর্ণিত নির্দেশাবলী দেখুন

নির্দেশাবলী

১. ফিটনেস সার্টিফিকেটটি যত্ন সহকারে সংরক্ষণ করুন। মোটরযান রাস্তায় চালনাকালে এটি সাথে রাখুন। পুলিশ অফিসার, মোটরযান পরিদর্শক অথবা অন্য কোন অথরাইজড্ কর্মকর্তা কর্তৃক চাহিবামাত্র এটি দাখিল করুন। অন্যথায় আপনি আইন অনুযায়ী অভিযুক্ত হতে পারেন।

২. মোটরযানের ট্যাক্স প্রদান অথবা পারমিট ইস্যু/নবায়ন, মোটরযানের বীমা ইত্যাদি কাজে চাহিবামাত্র এটি সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করুন।

৩. মোটরসাইকেল ব্যতিত অন্য সকল মোটরযানের জন্য ফিটনেস সার্টিফিকেট/অব্যাহতি সনদ গ্রহণ করা বাধ্যতামূলক।

৪. রেজিস্ট্রেশনের ১৫ (পনের) দিনের মধ্যে অথবা পূর্ববর্তী ফিটনেস সার্টিফিকেটের মেয়াদ উত্তীর্ণের তারিখের মধ্যে ফিটনেস সার্টিফিকেটের জন্য আবেদন করা না হলে উক্ত তারিখের পর থেকে প্রতি মাস বা তার অংশের জন্য প্রযোজ্য ফি-এর ৫০% অতিরিক্ত ফি দিতে হবে।

৫. যদি এটি হারিয়ে যায় অথবা বিনষ্ট হয় তবে অনতিবিলম্বে থানায় জিডি-সহ সংশ্লিষ্ট মোটরযান পরিদর্শককে অবহিত করুন এবং প্রয়োজনীয় আনুষ্ঠানিকতা সম্পন্ন করে প্রতিলিপি সংগ্রহ করুন।

৬. আপনার মোটরযান এবং ড্রাইভিং লাইসেন্স সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যের জন্য স্থানীয় বিআরটিএ অফিসে যোগাযোগ করতে পারেন অথবা বিআরটিএ'র ওয়েব সাইট www.brta.gov.bd ভিজিট করুন।

ফিটনেস সার্টিফিকেটের চিত্র

## ড্রাইভিং লাইসেন্স ইস্যু, নবায়ন ও সংযোজনঃ

কোনো ব্যক্তিকে মোটরযান চালনার কর্তৃত্ব প্রদান করে লাইসেন্স কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত দলিলকে ড্রাইভিং লাইসেন্স বলে। ড্রাইভিং লাইসেন্স ব্যতীত মোটরযান চালানো আইনতঃ দন্ডনী অপরাধ। ড্রাইভিং পরীক্ষা গ্রহণের জন্য প্রত্যেক মেট্রোপলিটন ও জেলায় অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেটের নেতৃত্বে একটি করে ড্রাইভিং কম্পিটেন্সি টেস্ট বোর্ড রয়েছে। উক্ত টেস্ট বোর্ড কর্তৃক লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষা গ্রহণপূর্বক সুপারিশের ভিত্তিতে বিআরটিএ কর্তৃক ড্রাইভিং লাইসেন্স ইস্যু করা হয়।




ড্রাইভিং কম্পিটেন্সি টেস্ট বোর্ড কর্তৃক ফিল্ড টেস্ট গ্রহণ





ড্রাইভিং লাইসেন্স পরীক্ষার্থীর ফিল্ড টেস্ট প্রদান

গত ১৭ অক্টোবর ২০১১ তারিখ থেকে জাল/অবৈধ/ভুয়া ড্রাইভিং লাইসেন্স ব্যবহারের প্রবণতা রোধে ইলেক্ট্রনিক চিপযুক্ত ডিজিটাল স্মার্ট কার্ড ড্রাইভিং লাইসেন্স চালু করা হয়। জুন ২০১৯ পর্যন্ত মোট ৩৪,১২,৫৩৮টি স্মার্ট কার্ড ড্রাইভিং লাইসেন্স প্রস্তুত ও বিতরণ করা হয়েছে।





**বায়োমেট্রিক গ্রহণের ছবি**




ডুয়েল ইন্টারফেজ পলিকার্বনেট স্মার্ট কার্ড ড্রাইভিং লাইসেন্স এর চিত্র

বিআরটিএ কর্তৃক ইস্যুকৃত, নবায়নকৃত ও সংযোজিত ড্রাইভিং লাইসেন্সের পরিসংখ্যান নিম্নরুপঃ

| অর্থ বছর | ড্রাইভিং লাইসেন্স ইস্যু, নবায়ন ও মোটরযানের শ্রেণী সংযোজনের সংখ্যা |
|---|---|
| ২০১৩-২০১৪ | ১,৯৯,০০১ |
| ২০১৪-২০১৫ | ২,১৬,৭৯৯ |
| ২০১৫-২০১৬ | ২,৭৯,৮৭৩ |
| ২০১৬-২০১৭ | ৩,৪০,২৮৮ |
| ২০১৭-২০১৮ | ৫,২৬,১৯৪ |
| ২০১৮-২০১৯ | ৬,১৭,১৬২ |





অর্থ-বছর ভিত্তিক ড্রাইভিং লাইসেন্স ইস্যু, নবায়ন ও মোটরযানের শ্রেণী সংযোজনের সংখ্যা

## রুট পারমিট সার্টিফিকেট ইস্যু ও নবায়নঃ

সকল বাণিজ্যিক মোটরযান এবং যে সকল ব্যক্তিগত মোটরযানসমূহের আসন সংখ্যা ড্রাইভার ব্যতীত ৯ (নয়) বা ততোধিক সে সকল মোটরযানের রুট পারমিট থাকা আবশ্যক। মোটরযান অধ্যাদেশ ১৯৮৩ এর ৫৪ ধারা মোতাবেক প্রতিটি মেট্রোপলিটন এলাকায় এবং েপেজলায় একটি করে আঞ্চলিক পরিবহন কমিটি (Regional Transport Commitee) রয়েছে। উক্ত কমিটি কর্তৃক রুট পারমিট ইস্যু ও নবায়ন করা হয়ে থাকে।

বিআরটিএ কর্তৃক ২০১৮-২০১৯ অর্থ বছরে ৫টি মেট্রো সার্কেল এবং ৫৭টি জেলা সার্কেল অফিসের মাধ্যমে ৯৯,৮৮৯টি রুট পারমিট সার্টিফিকেট ইস্যু ও নবায়ন করা হয়েছে। ২০১২-২০১৩, ২০১৩-২০১৪, ২০১৪-২০১৫, ২০১৫-২০১৬, ২০১৬-২০১৭ ও ২০১৭-১৮ অর্থ বছরে যথাক্রমে ১,০২,৪০৬টি, ১,৪৮,৬২৯টি, ১,৩০,৮০৮টি, ১,৩৭,৪০৫টি, ১,৭৫,৪৬৬টি এবং ১,৫৭,০০০টি রুট পারমিট সার্টিফিকেট ইস্যু ও নবায়ন করা হয়েছে।




অর্থ-বছর ভিত্তিক রুট পারমিট সার্টিফিকেট এর সংখ্যা

## মোটর ড্রাইভিং স্কুল রেজিস্ট্রেশন এবং ইন্সট্রাক্টর লাইসেন্স প্রদানঃ


দেশে পর্যাপ্ত ড্রাইভিং স্কুল ও ইনস্ট্রাক্টর-এর অপ্রতুলতায় প্রয়োজনীয় সংখ্যক দক্ষ গাড়ীচালক তৈরি ব্যাহত হচ্ছিল। এ লক্ষ্যে বিআরটিএ ধারাবাহিকভাবে ড্রাইভিং ইনস্ট্রাক্টর ও ড্রাইভিং প্রশিক্ষণ স্কুল রেজিস্ট্রেশন প্রদান করছে। জুন ২০১৯ পর্যন্ত ১৮৮ জনকে ড্রাইভিং ইনস্ট্রাক্টর লাইসেন্স এবং ১৩৫টি ড্রাইভিং স্কুলকে রেজিস্ট্রেশন প্রদান করা হয়েছে।

## মেয়াদোত্তীর্ণ সিএনজি চালিত ৪-স্টোক থ্রি হুইলার অটোরিক্সা প্রতিস্থাপনঃ

৩০ জুন ২০১৯ খ্রিঃ তারিখ পর্যন্ত ঢাকা মহানগরীতে ১১,৪৯৯ এবং চট্টগ্রাম মহানগরীতে ৮২৫৭ মেয়াদোত্তীর্ণ থ্রি-হুইলার স্ক্র্যাপ করা হয়েছে।

## রাইড শেয়ারিং প্রতিষ্ঠান ও রাইডারদের অনলাইন আবেদনঃ

স্বল্প দূরত্বের গণপরিবহনের অপ্রতুলতা হ্রাসকল্পে ব্যাক্তিগত মোটরযানসমূহ অব্যবহৃত সময়ে ভাড়ায় পরিচালনার জন্য স্মার্টফোন অ্যাপভিত্তিক রাইড শেয়ারিং সার্ভিস নীতিমালা, ২০১৭ গেজেট আকারে প্রকাশিত হয়েছে। বিআরটিএ সার্ভিস পোর্টালের (বিএসপি) মাধ্যমে রাইড শেয়ারিং সেবাদানকারী প্রতিষ্ঠান ও রাইড শেয়ারিং মোটরযান এনলিস্টমেন্ট সার্টিফিকেট প্রাপ্তির জন্য ঘরে বসে অনলাইনে আবেদন দাখিল এবং ও সংশ্লিষ্ট সনদ প্রিন্ট করে নেয়ার সুযোগ তৈরি করা হয়েছে।



# অধ্যায়-৪
# অপারেশন অধিশাখার কার্যক্রম

একটি আধুনিক, নিরাপদ, পরিবেশ বান্ধব ও তথ্য প্রযুক্তি নির্ভর সড়ক পরিবহন ও নিয়ন্ত্রণ ব্যবস্থা গড়ে তোলার লক্ষ্যে বিগত বছরসমূহে এ অথরিটির প্রাতিষ্ঠানিক ও কারিগরি দক্ষতা ক্রমান্বয়ে ব্যাপকভাবে বৃদ্ধি করা হয়েছে এবং এ উদ্যোগ অব্যাহত আছে। বিআরটিএ'র এ সকল সার্ভিসগুলোর মধ্যে আইসিটি নির্ভর সার্ভিসগুলো হচ্ছে-মোটরযানের রেজিস্ট্রেশন, ফিটনেস সার্টিফিকেট ইস্যু ও নবায়ন, ট্যাক্স টোকেন ইস্যু ও নবায়ন, রুট পারমিট ইস্যু ও নবায়ন, মোটরযানের মালিকানা পরিবর্তন, মোটরযান সংক্রান্ত তথ্য হালনাগাদকরণ, লার্নার ড্রাইভিং লাইসেন্স ইস্যু, ড্রাইভিং লাইসেন্স ইস্যু ও নবায়ন ইত্যাদি। অনলাইনভিত্তিক এ সকল কার্যক্রম বাস্তবায়ন ও তদারকিসহ অপারেশন শাখা নিম্নোক্ত কার্যক্রম পরিচালনা করে।

## আইসিটি কার্যক্রম সংক্রান্তঃ


### অনলাইন ব্যাংকিং সিস্টেমঃ

মোটরযানের কর ও ফি আদায় সহজ করা এবং আদায় ব্যবস্থায় স্বচ্ছতা ও জবাবদিহিতা প্রতিষ্ঠার মাধ্যমে রাজস্ব আদায় বৃদ্ধির লক্ষ্যে ১৪ নভেম্বর ২০১০ তারিখ থেকে মোটরযানের যাবতীয় কর ও ফি আদায়ে অনলাইন ব্যাংকিং পদ্ধতি চালু করা হয়। বর্তমানে ১৭টি ব্যাংকের ৩৩২টি শাখা ও ১৪টি বুথের মাধ্যমে এ কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া iPay BRTA (www.ipaybrta.brta.gov.bd) অন-লাইন পোর্টাল ব্যবহার করে ডেভিট/ক্রেডিট কার্ড এবং ডাচ-বাংলা বাংকের মোবাইল ব্যাংকিং একাউন্ট 'রকেট' এর মাধ্যমেও মোটরযানের করও ফি পরিশোধ করা যায়। অনলাইন ব্যাংকিং ব্যবস্থায় ২০১৮-২০১৯ অর্থ বছরে অগ্রিম আয়কর (প্রতিষ্ঠান) ৩৪৯৮৬০১০৯৫ টাকা, অগ্রিম আয়কর (ব্যক্তিগত) ৬৩৩৮২৪৪৭৬৩ টাকা, ডিজিটাল নাম্বারপ্লেট ফি ১২৫৩১৭৮৫২৬ টাকা, ড্রাইভিং লাইসেন্স ফি ১৫৫০১১৯২৭৬ টাকা, ডিজিটাল রেজিস্ট্রেশন সার্টিফিকেট ফি ৩২৭৮৯৯৫৫০ টাকা, বিবিধ ফি ২০১৮১৯৫৬৯১ টাকা, মোটরযান রেজিস্ট্রেশন ফি ৫৫৫৩৯৮৭০৩৪ টাকা, মোটরযান কর ৬৫৩৬৭২৯৪৬৯ টাকা এবং ভ্যাট বাবদ মোট ২৩৯৫৫৫০৭০৪ টাকা রাজস্ব আদায় করা সম্ভব হয়েছে। এছাড়া শুরু থেকে ৩০ জুন পর্যন্ত কেবলমাত্র ipay/card/moble banking এর মাধ্যমে অগ্রিম আয়কর (প্রতিষ্ঠান) ২৯৪৬৫৫০০ টাকা, অগ্রিম আয়কর (ব্যক্তিগত) ৩৫৬০২৫০৪৪ টাকা, ডিজিটাল নাম্বারপ্লেট ফি ২৬৫৮৭২৫৬২ টাকা, ড্রাইভিং লাইসেন্স ফি ২২৪৬৫৬৯১৫ টাকা, ডিজিটাল রেজিস্ট্রেশন সার্টিফিকেট ফি ৬৮৭৫৩৩৪০ টাকা, বিবিধ ফি ৪৪৫৫০৫৪৫ টাকা, মোটরযান রেজিস্ট্রেশন ফি ৬৯৯০৮৯০০২ টাকা, মোটরযান কর ৪০৯৮৭৮৫০০ টাকা এবং ভ্যাট বাবদ মোট ২১৬০৮২৯৫৮ টাকা রাজস্ব আদায় করা সম্ভব হয়েছে।




বিগত তিন বছরের রাজস্ব আদায়ের বিবরণ নিম্নরুপ:

| বছর | রাজস্ব আদায় (কোটি টাকায়) | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | মোটরযান কর | রেজিস্ট্রেশন | ড্রাইভিং লাইসেন্স | অন্যান্য | নাম্বার প্লেট | ভ্যাট | বিআরটিএ মোট | আয়কর (কর্পোরেট) | আয়কর (ব্যক্তি) | সর্বমোট |
| ২০১৫-১৬ | ৬৬১.৩৩ | ৫৫৩.০৬ | ৬৬.৬৫ | ১৭২.৯৬ | ১৬১.৪০ | ২২২.৪০ | ১৬১৫.৩৯ | ২৩০.৪৯ | ৪৭৩.৫৮ | ২৫৪১.৮৭ |
| ২০১৬-১৭ | ৫২১.৪৮ | ৫৪০.০৮ | ৯১.৩৩ | ১৯০.১০ | ১২২.১৮ | ২০১.৮৯ | ১৪৬৫.১৭ | ২৮৮.৭০ | ৬০৫.৬১ | ২৫৬১.৩৮ |
| ২০১৭-১৮ | ৫৪৭.৭৮ | ৬০১.২১ | ১১৪.৯৫ | ১৮৮.৭৯ | ১৩৬.৮৩ | ২১৭.৮০ | ১৫৮৯.৫৫ | ২৭৬.৬৩ | ৫৮০.৯৭ | ২৬৬৪.৯৫ |
| ২০১৮-১৯ | ৬৭৬.৬৩ | ৫৯৪.৩৮ | ১৬৭.৮৩ | ২৪০.৯৬ | ১৩৯.৬৯ | ২৫১.৬৭ | ১৮১০.১৫ | ৩৫১.৭১ | ৬৫৪.০৪ | ৩০৭৬.৯১ |




## অনলাইল পেমেন্ট ভেরিফিকেশন ও মোটরযানের তথ্য যাচাইকরণঃ

বর্তমানে অনলাইনে (www.mvtax.brta.gov.bd) বিআরটিএ'র সেবার জন্য প্রদত্ত ফি যাচাইয়ের সুবিধা আছে। একই সাথে মোটরযানের তথ্য ও যাচাই করা যায়।



Bangladesh Road Transport Authority

Home About Logout

Collection Of MV Taxes & Fees
Through Online Banking System

Overview | Activity | Report | Other Reports | Utilities | Fee Calculator

## Vehicle Verification

Please Enter Your Search Value [Search Format : xx-xxxx] Search

| Record Details | | | |
|---|---|---|---|
| Registration No | DHAKA METRO-TAW-14-4104 | Tax Token Issued By | BANK |
| Vehicle Type | AUTO RICKSHAW | Issue Date | 29-AUG-06 |
| Vehicle Class | BABY TAXI 3 SEAT | Person Name | SHEIKH MD. SHAHIDUL ISLAM |
| Engine No | AAMBGJ25618 | Father's/Husband's Name | LATE. HOSSAIN AHMED |
| Chassis No | AAFBGJ-06750 | Fitness Issue Date | 01-OCT-12 |
| CC | 175 | Fitness Expiry Date | 30-SEP-13 |
| No Of Seat | 4 | Tax Token Issue Date | 11-SEP-13 |
| Manufacture Year | 2000 | Tax Token Expiry Date | 28-AUG-14 |
| Office Name | EKURIA BRTA | Route Permit Issue Date | 06-JAN-13 |
| Unladen Weight | 270 | Route Permit Expiry Date | 31-DEC-15 |
| Laden Weight | 550 | Record Update Date | 06-JAN-2013 16:19 |
| Ownership Type | PUBLIC | Income TAX Details | Click Here |
| Address | 5/1, KARATITOLA, SUTRAPUR,DHAKA. | | |

| Income TAX Details | | | |
|---|---|---|---|
| Registration No | DHAKA METRO-TAW-14-4104 | District | DHAKA |
| TIN No | 1062002639 | Range | 0 |

## কেন্দ্রীয় ডাটা সেন্টার ও ওয়েব পোর্টালঃ

এ অথরিটি প্রদেয় সকল ডিজিটাল সার্ভিসের ডাটা সংরক্ষণ, ব্যবহার ও নিরাপত্তা নিশ্চিত করার উদ্দেশ্যে বিআরটিএ'তে ব্যাকআপ ও ডিজাস্টার রিকভারি সেন্টারসহ একটি অত্যাধুনিক ডাটা সেন্টার স্থাপন করা হয়েছে। উক্ত ডাটা সেন্টারে অনলাইন ব্যাংকিং, স্মার্ট কার্ড ড্রাইভিং লাইসেন্স, ডিজিটাল রেজিস্ট্রেশন সার্টিফিকেট, বিআরটিএ ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম ইত্যাদি সার্ভিসের ডাটা সংরক্ষিত রয়েছে।

## বিআরটিএ ইনফরমেশন সিস্টেম (BRTA-IS)ঃ

১৯৮৭ সনে প্রতিষ্ঠিত হলেও ১৯৯৪ সনে উক্ত সার্ভিসগুলো প্রদানে ডিজিটাল সিস্টেম প্রর্বতন করা হয়। তখন স্ট্যান্ড এলোন কম্পিউটিং সিস্টেমের মাধ্যমে প্রতিটি অফিস থেকে আলাদাভাবে উক্ত সার্ভিসগুলো প্রদান করা হতো। ২০০১ সনে বিশ্ব ব্যাংকের কারিগরি ও আর্থিক সহায়তায় উক্ত স্ট্যান্ড এলোন কম্পিউটিং সিস্টেমকে আপ-গ্রেড করে মালটি-ইউজার ওয়েব-বেজড এ্যাপ্লিকেশন তৈরী করা হয় এবং বিদ্যমান সিস্টেমের ডাটা উক্ত সিস্টেমে মাইগ্রেট করা হয়। এছাড়া বিদ্যমান পেপার-বুক ফরমেটের ডাটা উক্ত সিস্টেমে এন্ট্রি করা হয়। এতদব্যতীত ডায়াল-আপ নেটওয়ার্কিং সিস্টেমে সেন্ট্রাল সার্ভারে ডাটা ট্রান্সফারিং ব্যবস্থা চালু করা হয়। তবে, ডায়াল-আপ সিস্টেমের সীমাবদ্ধতার কারণে দেশের প্রতিটি অঞ্চল থেকে সেন্ট্রাল সার্ভারে ডাটা ট্রান্সফার ব্যবস্থা সফল হয়নি। ইন্টারনেট সিস্টেমের ব্যাপক প্রসারের ফলে ২০১১ সনে বিআরটিএ'র বিদ্যমান ডিজিটাল সার্ভিস প্রোভাইডিং সিস্টেমকে সেন্ট্রাল সার্ভার বেজড কম্পিউটিং

ব্যবস্থায় রুপান্তর করা হয়। এ ব্যবস্থায় প্রতিটি জেলা ও মেট্রোপলিটন এলাকার সার্কেল অফিসকে ইন্ট্রানেটের মাধ্যমে সেন্ট্রাল সিস্টেমের সাথে সার্বক্ষনিকভাবে যুক্ত করা হয়। বিআরটিএ ইনফরমেশন সিস্টেম একটি ওয়েবভিত্তিক সফটওয়্যার যার মাধ্যমে নিম্নোক্ত কাযক্রম সম্পাদন করা হয়-

- মোটরযানের রেজিস্ট্রেশন প্রদান;
- রুট পারমিট ইস্যু ও নবায়ন;
- মোটরযানের ফিটনেস ইস্যু ও নবায়ন;
- ট্যাক্স সার্টিফিকেট ইস্যু ও নবায়ন;
- লার্নার ড্রাইভিং লাইসেন্স ইস্যু;
- বিভিন্ন ধরণের রিপোর্ট প্রস্তুত করা।

## বিআরটিএ সার্ভিস পোর্টাল (www.bsp.brta.gov.bd)ঃ

গ্রাহকগণের বিআরটিএ প্রদেয় সেবাসমূহ প্রাপ্তির জন্য অতি সহজে অন-লাইনে আবেদন করার এবং কতিপয় সেবা ঘরে বসেই পাওয়ার সুযোগ প্রদানে বিগত ২৮ জুন ২০১৮ খ্রিস্টাব্দ তারিখে বিআরটিএ সার্ভিস পোর্টাল পরীক্ষামূলকভাবে চালু করা হয়েছে। উক্ত অন-লাইন পোর্টালের মাধ্যমে-

ক) লার্নার ড্রাইভিং লাইসেন্সের আবেদন করা ও ঘরে বসেই লার্ণার ড্রাইভিং লাইসেন্স পিন্ট করা যায়;

খ) ড্রাইভিং লাইসেন্স ইস্যু, নবায়ন, শ্রেণী ও ধরন পরিবর্তন, রেকর্ড সংশোধন, ডুপ্লিকেট ড্রাইভিং লাইসেন্স ইত্যাদির আবেদন করা যায় এবং প্রযোজ্য ক্ষেত্রে বায়োমেট্রিক্স প্রদানের জন্য গ্রাহকের সুবিধামত সময়ে এ্যাপয়েন্টমেন্ট গ্রহণ করা যায়;

গ) অনলাইনে মোটরযান নিবন্ধনের আবেদন (গ্রাহকের পক্ষে ডিলার কর্তৃক আবেদন) করা যায়;

ঘ) ফিটনেস নবায়নের জন্য ঢাকা মেট্রো সার্কেল-১, মিরপুর এ গাড়ি হাজির করার জন্য সুবিধাজনক সময়ে এ্যাপয়েন্টমেন্ট গ্রহণ করা যায়;

ঙ) মোটরযানের মালিকগণ নিজস্ব গাড়ি ও গাড়ির ড্রাইভারগণের ড্রাইভিং লাইসেন্স ট্যাগ করতে পারেন।

চ) যে কোন সার্ভিসের জন্য প্রযোজ্য কর ও ফি জমা প্রদান করত: জমা রশিদ প্রিন্ট করা যায়;

ভবিষ্যতে অনলাইনে মালিকানা বদলীর নিবন্ধনের আবেদন করার প্রক্রিয়াও চালু করার পরিকল্পনা রয়েছে।



## ই-টেন্ডার/ই-জিপি-এর মাধ্যমে ক্রয় কার্য সম্পাদনঃ

টেন্ডার প্রক্রিয়ায় স্বচ্ছতা, জবাবদিহিতা ও উন্মুক্ত প্রতিযোগিতা নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি (বিআরটিএ) এর ক্রয় কার্যক্রম ই-জিপি এর মাধ্যমে সম্পন্ন করা শুরু হয়েছে। ২০১৮-১৯ অর্থবছরে প্রায় ১ কোটি ৪৮ লক্ষ ৯ হাজার ২শত ১৩ টাকার ১টি ক্রয় কার্যক্রম ই-জিপি'র মাধ্যমে সম্পন্ন করা হয়েছে।

## ই-নথিঃ

পর্যায়ক্রমে পেপারলেস অফিস স্থাপন ও যে কোন স্থান থেকে যে কোন সময় দ্রুত নথি নিষ্পত্তির লক্ষ্যে NESS এর নতুন ভার্শন-ই-নথি এ বিভাগে চালু করা হয়েছে। পর্যায়ক্রমে সকল নথি এ কার্যক্রমের আওতায় আনা হবে। ২০১৮-১৯ অর্থবছরে মোট ২৫৫২টি ডাক ও ৭৯৬টি নথি নিষ্পত্তি হয়েছে।

অফিস ভিত্তিক ড্যাশবোর্ড

অফিস: বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ

সময়সীমা: জুলাই ১, ২০১৮ - জুন ৩০, ২০১৯ প্রিন্ট

"বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ" অফিসের কার্যবিবরণী (২০১৮-০৭-০১ - ২০১৯-০৬-৩০)

| | | | ডাক | | | নথি | | | | পত্রজারিতে নিষ্পন্ন নোট | | | কর্মকর্তা বিহীন পদবি | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| অফিসের নাম | ব্যবহারকারী | সর্বশেষ হালনাগাদ | মোট গ্রহণ | মোট নিষ্পন্ন | মোট অনিষ্পন্ন | মোট স্ব-উদ্যোগে নোট | মোট ডাক থেকে সৃজিত নোট | মোট নোটে নিষ্পন্ন | মোট অনিষ্পন্ন নোট | আন্তঃসিস্টেম | ইমেইল ও অন্যান্য | মোট | মোট অনিষ্পন্ন ডাক | মোট অনিষ্পন্ন নোট |
| বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ | ৫৯ | ২০১৯-১০-০১ | ৩,১৩০ | ২,৫৫২ | ৮৭২ | ৯০৬ | ৫৩৩ | ৭৯৬ | ৪৯ | ৪৭২ | ১৮৫ | ৬৫৭ | ১৩০ | ০ |

## ইনোভেশন সার্কেলঃ

উদ্ভাবনের মাধ্যমে সেবার মানোন্নয়নের লক্ষ্যে এ বিভাগে ইনোবেশন টিমসমূহ কাজ করে যাচ্ছে। এ বিভাগের উল্লেখযোগ্য বাস্তবায়নাধীন ইনোভেটিভ আইডিয়াসমূহ হলো-ড্রাইভিং কম্পিটেন্সি টেস্ট বোর্ডের পরীক্ষার্থীদের লিখিত পরীক্ষা কার্যক্রম অটোমেশন, সড়ক নির্মাণের বিভিন্ন উপকরণ ও নির্মাণসামগ্রী সড়ক গবেষণাগারে পরীক্ষাকরণ, প্রদান।

সরকারী কাজে উদ্ভাবন বিষয়ে অবদানের স্বীকৃতি হিসেবে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ হতে বিআরটিএ'র নিম্নোক্ত কর্মকর্তাগণকে পুরস্কার প্রদান করা হয়।

| ক্রম | নাম ও পদবী | ছবি |
|---|---|---|
| ১ | জনাব শীতাংশু শেখর বিশ্বাস<br>পরিচালক (অপারেশন) |  |
| ২ | জনাব এ.এইচ.এম আনোয়ার পারভেজ<br>সিনিয়র কম্পিউটার অপারেটর (১ম শ্রেণী) |  |




সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সচিব মহোদয়ের নিকট হতে পুরস্কার গ্রহণ





বিআরটিএ'র উদ্ভাবনী কার্যক্রম পরিদর্শন

## উদ্ভাবনী উদ্যোগ (ইনোভশন) ও সেবা পদ্ধতি সহজীকরণঃ

উদ্ভাবনের মাধ্যমে সেবার মানোন্নয়নের লক্ষ্যে বিআরটিএ'র সদর কার্যালয়, বিভাগীয় অফিস, সার্কেল অফিসমূহে ইনোভেশন সার্কেল গঠন করা হয়েছে। উল্লেখযোগ্য বাস্তবায়নাধীন ইনোভেটিভ আইডিয়াসমূহ হলো-ড্রাইভিং কম্পিটেন্সি টেস্ট বোর্ডের পরীক্ষার্থীদের লিখিত পরীক্ষা কার্যক্রম অটোমেশন, কল সেন্টার স্থাপন, নথি Digital আর্কাইভকরণ, সেবা সহজীকরণ ও জনগণের দোরগোড়ায় পৌঁছে দেয়ার নিমিত্ত বিআরটিএ'র ইনোভেশন টিমসমূহ ০৮ (আট)টি উদ্ভাবনী আইডিয়া নিয়ে কাজ করে যাচ্ছে। তন্মধ্যে ড্রাইভিং কম্পিটেন্সি টেস্ট ১) বোর্ডের পরীক্ষার্থীদের লিখিত পরীক্ষা কার্যক্রম অটোমেশন, ২) অনলাইনে শিক্ষানবীশ ড্রাইভিং লাইসেন্স (লার্নার) আবেদন, ৩) অনলাইন ফি ক্যালকুলেটর ও ৪) মোটরযানের ট্যাক্স-টোকেনের মেয়াদোত্তীর্ণ হওয়ার পূর্বেই মোটরযানের মালিকগণকে মোবাইল মেসেজের মাধ্যমে অবগত করার কার্যক্রম সফলভাবে বাস্তবায়ন করা হয়েছে। অবশিষ্ট ০৪ (চারটি) আইডিয়া নিয়ে কাজ চলছে।

## ২০১৮-২০১৯ অর্থ বছরের বাৎসরিক উদ্ভাবনী কর্মপরিকল্পনায় উল্লিখিত উদ্ভাবনসহ অন্যান্য উদ্ভাবনের নাম ও কার্যক্রমের অগ্রগতি তথ্যঃ

| ক্রমিক নং | উদ্ভাবনের নাম | উদ্ভাবনের সংক্ষিপ্ত বিবরণ | উদ্ভাবন গ্রহণের যৌক্তিকতা | উদ্ভাবক | ফোকাল পয়েন্ট | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | মোবাইল মেসেজের মাধ্যমে ড্রাইভিং লাইসেন্স প্রস্তুতের স্ট্যাটাস জানা | আবেদনকারী কর্তৃক বিআরটিএ'তে স্মার্ট কার্ড ড্রাইভিং লাইসেন্স প্রাপ্তির জন্য আবেদন করার পর মোবাইলের মেসেজের মাধ্যমে তাঁর ড্রাইভিং লাইসেন্স প্রস্তুতের কোন পর্যায়ে আছে তা জানা। | • ড্রাইভিং লাইসেন্সের আবেদন করার পর তা প্রিন্টিংয়ের কোন পর্যায়ে আছে তা জানার জন্য আবেদনকারীকে সংশ্লিষ্ট অফিসে এসে জানতে হতো। এর ফলে তার সময় ও যাতায়ত খরচ অপচয় হতো। এ সমস্যা নিরসনের লক্ষ্যে মোবাইল মেসেজের মাধ্যমে ড্রাইভিং লাইসেন্স প্রস্তুতের স্ট্যাটাস জানার প্রক্রিয়া চালু করা হয়। ফলে আবেদনকারী বর্তমানে ঘরে বসে তার মোবাইলের মেসেজের মাধ্যমে ড্রাইভিং লাইসেন্স প্রস্তুতের স্ট্যাটাস জানতে পারবেন।<br>• বিআরটিএ'র কাজে স্বচ্ছতা আনয়ন। | এ.এইচ.এম আনোয়ার পারভেজ সিনিয়র কম্পিউটার অপারেটর | শীতাংশু শেখর বিশ্বাস পরিচালক (অপারেশন) | কেন্দ্রিয়ভাবে প্রস্তুত করায় তা একসাথে সারাদেশে চালু হয়েছে। |
| ২ | ইলেক্ট্রনিক-লার্নার ড্রাইভিং লাইসেন্স ইস্যু (বিআরটিএ সার্ভিস পোর্টাল); | বিআরটিএ'র সেবা প্রাপ্তির জন্য অনলাইনে আবেদন। | সেবাগ্রহীতাগণের সময়, অর্থ সাশ্রয় করা ও বিআরটিএ'র কাজে স্বচ্ছতা আনয়ন। | এ.এইচ.এম আনোয়ার পারভেজ সিনিয়র কম্পিউটার অপারেটর | শীতাংশু শেখর বিশ্বাস পরিচালক (অপারেশন) | পরীক্ষামূলক চালু আছে। খুব শীঘ্রই আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করা হবে। |
| ৩ | ড্রাইভিং কম্পিটেন্সি টেস্ট বোর্ডের পরীক্ষার্থীদের লিখিত পরীক্ষা কার্যক্রম অটোমেশন; | কম্পিউটারাইজড পদ্ধতিতে ড্রাইভিং কম্পিটেন্সি টেস্ট বোর্ডের পরীক্ষার্থীদের লিখিত পরীক্ষা গ্রহণ। | • বিআরটিএ'র কাজে স্বচ্ছতা আনয়ন।<br>• গ্রাহক সেবা সহজীকরণ। | শফিকুজ্জামান ভূঞা, উপপরিচালক (ইঞ্জিঃ), বিআরটিএ | শীতাংশু শেখর বিশ্বাস পরিচালক (অপারেশন) | ১২-০২-২০১৯ তারিখে ইকুরিয়াস্থ ঢাকা মেট্রো সার্কেল-২ এ উদ্বোধন করা হয়েছে। |

## মোটরযান পরীক্ষণ কেন্দ্রসমূহ (ভিআইসি) পরিচালনা ও রক্ষণাবেক্ষণঃ


স্বয়ংক্রিয়ভাবে পরীক্ষাপূর্বক মোটরযানের ফিটনেস সার্টিফিকেট ইস্যুর লক্ষ্যে মিরপুরস্থ মোটরযান পরিদর্শন কেন্দ্র (ভিআইসি) প্রতিস্থাপনপূর্বক গত ৩০ অক্টোবর ২০১৬ তারিখ হতে চালু করা হয়েছে। দুই-লেন বিশিষ্ট ভিআইসি ফিটনেস এর জন্য আগত সকল মোটরযানের ফিটনেস পরীক্ষার জন্য পর্যাপ্ত না হওয়ায় উক্ত ভিআইসি'র পাশাপাশি আউটসোর্সিং পদ্ধতিতে আরো ১৫-লেন বিশিষ্ট ভিআইসি স্থাপনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ ছাড়া ময়মনসিংহ, টাঙ্গাইল, ফরিদপুর, বরিশাল, পটুয়াখালী, পাবনা, যশোর, কুষ্টিয়া, সিলেট, রংপুর, দিনাজপুর, বগুড়া, কুমিল্লা, নোয়াখালী, রাঙ্গামাটি, সাতক্ষীরা ও গোপালগঞ্জ জেলায় নতুন ভেহিক্যাল ইন্সপেকশন সেন্টার (ভিআইসি) সহ বিআরটিএ কমপ্লেক্স স্থাপনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।



ঢাকা মেট্রো সার্কেল-১ (মিরপুর)-এ দুই লেন বিশিষ্ট একটি ভেহিক্যাল ইন্সপেকশন সেন্টার (ভিআইসি)




মোটরযানের ফ্রন্ট এলাইনমেন্ট, ব্রেক ও স্পীড পরীক্ষা করা হচ্ছে




মোটরযানের ব্রেক ও স্পীড টেস্ট-এর ফলাফল অটোমেটিক পদ্ধতিতে প্রদর্শণ।

## ভূমি অধিগ্রহণ, স্থাপনা নির্মাণ ও মেরামত সংক্রান্তঃ

### বিআরটিএ সদর কার্যালয় ভবন নির্মাণ:

বর্তমান সরকার সেতু ভবন সংলগ্ন সড়ক ও জনপথ অধিদপ্তরের খালি জায়গায় বিআরটিএ'র নিজস্ব স্থায়ী ভবন নির্মাণের নীতিগত অনুমোদন প্রদান করে। তিনটি বেইজমেন্টসহ মোট ১৫ তলা বিশিষ্ট "বিআরটিএ ভবন"-এর আনুষ্ঠানিক নির্মাণ কাজ ৪ এপ্রিল, ২০১৪ তারিখ আরম্ভ হয়। সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী জনাব ওবায়দুল কাদের এমপি উক্ত নির্মাণ কাজের শুভ উদ্বোধন করেন। জুন-২০১৮ মাসে এর নির্মাণ কাজ সম্পন্ন হয়। অবকাঠামো ও বিশেষ স্থাপনা বিবেচনায় ঢাকা শহরের সরকারি ভবনগুলোর মধ্যে বিআরটিএ'র এ নবনির্মিত ভবন অন্যতম। মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক গত ১ নভেম্বর ২০১৮ খ্রিঃ তারিখে বিআরটিএ ভবনের শুভ উদ্ভোধন করা হয়।





বনানীস্থ বিআরটিএর নতুন ভবন

## নবনির্মিত ভবন পরিচিতি

| | | |
|---|---|---|
| ভবনের নাম | : | বিআরটিএ ভবন |
| প্রত্যাশি সংস্থা | : | বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ) |
| বাস্ড়বায়নকারী সংস্থা | : | সড়ক ও জনপথ অধিদপ্তর |
| প্রশাসনিক মন্ত্রণালয় ও বিভাগ | : | সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়,<br>সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ |
| মোট ব্যয় | : | ৭৪১৫.৫২ লক্ষ টাকা |
| অর্থায়নে | : | গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার |
| বাস্ড়বায়নকারী পরামর্শক | : | ডেক্সটারাস কনসালট্যান্টস লিমিটেড |
| ভবন নির্মাণকারী ঠিকাদার | : | কুশলী নির্মাতা লিমিটেড |
| যন্ত্রপাতি ও সরঞ্জামাদি সরবরাহকারী | : | |
| কেন্দ্রীয় শীতাতপ নিয়ন্ত্রণ ব্যবস্থা | : | অলোক রেফ্রিজারেশন কোম্পানী লিমিটেড |
| বৈদ্যুতিক সাব-ষ্টেশন ও জেনারেটর | : | এডেক্স কর্পোরেশন লিমিটেড |
| লিফট | : | কনসেপ্ট এলিভেটর এন্ড ইঞ্জিনিয়ারিং লিমিটেড |
| আসবাবপত্র | : | পারটেক্স ফার্নিচার ইন্ডাষ্ট্রিজ লিমিটেড |
| ভবনের অবস্থান ও বর্ণনা | : | ক) অবস্থান : চেয়ারম্যানবাড়ী, বনানী, ঢাকা<br>খ) তলা : ৩টি বেজমেন্ট সহ ১৫তলা<br>গ) ফ্লোর এরিয়া : ৯৪৯৩৪ বর্গফুট<br>ঘ) লিফট : ৪টি<br>ঙ) পার্কিং ধারণক্ষমতা: ৬৮টি |
| বাস্ড়বায়নকাল | : | এপ্রিল-২০১৪ হইতে জুন-২০১৮ |

## মাল্টিপারপাস ড্রাইভিং ট্রেনিং এন্ড টেস্টিং সেন্টারসহ বিআরটিএ কমপ্লেক্স নির্মণঃ

পেশাদার চালকদের দক্ষতা ও সচেতনতা বৃদ্ধি করে সড়ক দুর্ঘটনা হ্রাস এবং ড্রাইভিং লাইসেন্স প্রার্থীদের ড্রাইভিং দক্ষতা পরীক্ষা গ্রহণের উদ্দেশ্যে পূর্বাচল এবং চট্রগ্রাম, রাজশাহী ও খুলনা বিভাগীয় শহরে এবং ১৯টি বৃহত্তর জেলা সদর যেমন ময়মনসিংহ, টাঙ্গাইল, ফরিদপুর, বরিশাল, পটুয়াখালী, পাবনা, যশোর, কুষ্টিয়া, সিলেট, রংপুর, দিনাজপুর, বগুড়া, কুমিলণ্ডা, নোয়াখালী, রাঙামাটি জেলায় নতুন Motor Driving Testing and Training Center (MDTTC) কাম বিআরটিএ কমপেণ্ডক্স স্থাপনের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। ইতোমধ্যে ময়মনসিংহ জেলায় ৩.০০ একর জমি বিআরটিএ'র অনুকুলে হস্তান্তর করা হয়েছে। এছাড়া রাঙ্গামাটি জেলায় ৪.৫ একর জমি অধিগ্রহণের ১৭,৬১,৯৯,৭২৭.৬১ টাকা জেলা প্রশাসক রাঙ্গামাটি বরাবর ন্যস্ড় করা হয়েছে। নোয়াখালি জেলায় ৩.০০ একর জমি খাস জমি অধিগ্রহণের নিমিত্ত সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের প্রশাসনিক অনুমোদন পাওয়া গিয়েছে। কুমিল্লা, ফরিদপুর ও সাতক্ষীরা জেলা এতদুদ্দেশ্যে ভূমি অধিগ্রহণের কাজ প্রক্রিয়াধীন রয়েছে।

## বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) বাস্তবায়নঃ

২০১৫-১৬ খ্রিঃ থেকে অথরিটি এবং সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের মধ্যে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি চালু আছে। এরই ধারাবাহিকতায় ২০১৮-১৯ খ্রিঃ এ চুক্তি সম্পন্ন হয় এবং অধিকাংশই (শতকরা ৯০ ভাগের বেশি) বাস্তবায়িত হয়।

## বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ) এবং সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এর মধ্যে স্বাক্ষরিত ২০১৮-১৯ অর্থ-বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যর মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯ | | | | | অর্জন | | বাস্তবায়নকারী ও তথ্য প্রদানকারী শাখা |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | বার্ষিক অর্জন (জুলাই/১৮ থেকে জুন/১৯) | খসড়া স্কোর | |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ |
| বিআরটিএ'র কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | |
| [১] মোটরযান ব্যবস্থাপনার আধুনিকায়ন ও সহজীকরণ | ৫৫ | [১.১] যানবাহনের ডিজিটাল রেজিস্ট্রেশন সার্টিফিকেট ইস্যু | [১.১.১] ইস্যুকৃত ডিজিটাল রেজি: সার্টিফিকেট | সংখ্যা (লক্ষ) | ৫ | ৪.৯০ | ৪.৮০ | ৪.৬০ | ৪.৫০ | ৪.৪০ | ৫.২০ (১০০%) | ৫ | পরিচালক (ইঞ্জিনিয়ারিং) |
| | | | [১.১.২] মোটরযানে রেট্রো-রিফ্লেকটিভ নাম্বারপ্লেট সংযোজন | সংখ্যা (লক্ষ) | ৪ | ৪.১০ | ৪.০০ | ৩.৯০ | ৩.৮০ | ৩.৭০ | ৪.৫৭ (১০০%) | ৪ | পরিচালক (ইঞ্জিনিয়ারিং) |
| | | [১.২] মোটরযানের ফিটনেস সার্টিফিকেট ইস্যু ও নবায়ন | [১.২.১] ভিআইসি স্থাপনে পরামর্শক নির্বাচন | তারিখ | ৩ | ৩১-১২-২০১৮ | ১৫-০১-২০১৯ | ২৪-০১-২০১৯ | ৩১-০১-২০১৯ | ১১-০২-২০১৯ | ২৭-১২-১৮ (১০০%) | ৩ | পরিচালক (অপারেশন) |
| | | | [১.২.২] নবায়নকৃত ফিটনেস সার্টিফিকেট | সংখ্যা (লক্ষ) | ৪ | ৫.৭৫ | ৫.৭০ | ৫.৬০ | ৫.৪০ | ৫.২০ | ৬.০৭ (১০০%) | ৪ | পরিচালক (ইঞ্জিনিয়ারিং) |
| | | | [১.২.৩]ইস্যুকৃত ফিটনেস সার্টিফিকেট | সংখ্যা (লক্ষ) | ৪ | ০.৯৫ | ০.৯২ | ০.৯০ | ০.৮৫ | ০.৮০ | ০.৯৯ (১০০%) | ৪ | পরিচালক (ইঞ্জিনিয়ারিং) |
| | | [১.৩] দশ বছর মেয়াদান্তে রেজিস্ট্রেশনকৃত মোটর সাইকেলের ট্যাক্স টোকেন ইস্যুকরণ | [১.৩.১] দশ বছর মেয়াদান্তে ইস্যুকৃত ট্যাক্সটোকেন | সংখ্যা | ২ | ২০০০ | ১৯০০ | ১৮০০ | ১৭০০ | ১৬০০ | ২৮৫৯ (১০০%) | ২ | পরিচালক (ইঞ্জিনিয়ারিং) |
| | | [১.৪] ড্রাইভিং লাইসেন্স ইস্যুকরণ | [১.৪.১] ২৪ ঘন্টার মধ্যে শিক্ষানবীশ ড্রাইভিং লাইসেন্স ইস্যুকরণ | শতকরা হার | ৪ | ১০০% | ৯৯% | ৯৮% | ৯৭% | ৯৬% | ৯৯.৯৯ (৯০%) | ৩.৬ | পরিচালক (ইঞ্জিনিয়ারিং) |
| | | | [১.৪.২] ড্রাইভিং লাইসেন্স ইস্যুকরণ | সংখ্যা (লক্ষ) | ৪ | ৩.৫০ | ৩.৪০ | ৩.৩০ | ৩.২০ | ৩.১০ | ৪.৬ (১০০%) | ৪ | পরিচালক (ইঞ্জিনিয়ারিং) |
| | | | [১.৪.৩] ড্রাইভিং লাইসেন্স নবায়ন | সংখ্যা (লক্ষ) | ৪ | ১.২০ | ১.১৫ | ১.১০ | ১.০০ | ০.৯০ | ১.১২ (৮০%) | ৩.২ | পরিচালক (ইঞ্জিনিয়ারিং) |
| | | [১.৫] মোটরযান কর ও ফি আদায় | [১.৫.১] সংগৃহীত রাজস্ব | টাকা (কোটি) | ৪ | ১৬২৬ | ১৬২০ | ১৬০০ | ১৫৯০ | ১৫৮০ | ১৮১৯.৫১ (১০০%) | ৪ | পরিচালক (অপারেশন) |
| | | [১.৬] ফিটনেস মেয়াদোত্তীর্ণ গাড়ীর রেজিস্ট্রশন বাতিল | [১.৬.১] বিজ্ঞপ্তি প্রকাশিত | তারিখ | ৩ | ০৪/০২/১৯ | ০৭/০২/১৯ | ১০/০২/১৯ | ১৪/০২/১৯ | ১৯/০২/১৯ | ১০-২-১৯(৮০%) | ২.৪ | পরিচালক (ইঞ্জিনিয়ারিং) |
| | | | [১.৬.২]রেজিস্ট্রেশন বাতিলকৃত গাড়ীর সংখ্যা | (হাজার) | ৩ | ৮২ | ৮০ | ৭৫ | ৭০ | ৬৫ | ৮২ (১০০%) | ৩ | পরিচালক (ইঞ্জিনিয়ারিং) |
| | | | [১.৬.৩] ডাটাবেইজ হালনাগাদকতৃ | তারিখ | ৩ | ৩১.৫.১৯ | ১০.৬.১৯ | ১৯.৬.১৯ | ২৪.৬.১৯ | ২৭.৬.১৯ | ৩১.৫.১৯ (১০০%) | ৩ | পরিচালক (অপারেশন) |
| | | [১.৭] যানবাহনের সৌন্দর্য বৃদ্ধিকরণ | [১.৭.১] পরিচালিত অভিযান | সংখ্যা | ৩ | ১৫০ | ১৪০ | ১৩০ | ১২৫ | ১২০ | ২৯০ (১০০%) | ৩ | পরিচালক (এনফোর্সমেন্ট) |
| | | | [১.৭.২] রুজুকৃত মামলা | সংখ্যা | ২ | ৭৫০ | ৭৪০ | ৭৩০ | ৭২০ | ৭১০ | ২৮৮৩ (১০০%) | ২ | পরিচালক (এনফোর্সমেন্ট) |
| | | | [১.৭.৩]স্টেকহোল্ডারদের সাথে অনুষ্ঠিত সভা | সংখ্যা | ৩ | ৩ | ২ | ১ | - | - | ২ (৯০%) | ২.৭ | পরিচালক (ইঞ্জিনিয়ারিং) |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯ | | | | | অর্জন | | বাস্তবায়নকারী ও তথ্য প্রদানকারী শাখা |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | বার্ষিক অর্জন (জুলাই/১৮ থেকে জুন/১৯) | খসড়া স্কোর | |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | | |
| [২] সড়ক নিরাপত্তা নিশ্চিতকরণ | ২০ | [২.১] পেশাদার চালকদের প্রশিক্ষণ প্রদান | [২.১.১] প্রশিক্ষণপ্রাপ্ত [রিফ্রেশার] পেশাদার চালক | সংখ্যা (হাজার) | ৫ | ১২০ | ১১০ | ১০০ | ৯৫ | ৯০ | ১.০২ (৮০%) | ৪ | পরিচালক (প্রশিক্ষণ) |
| | | [২.২] মোবাইলকোর্ট পরিচালনা | [২.২.১] পরিচালিত অভিযান | সংখ্যা | ৩ | ৩০০০ | ২৯০০ | ২৮০০ | ২৭০০ | ২৬০০ | ২৮৫৭ (৮০%) | ২.৪ | পরিচালক (এনফোর্সমেন্ট) |
| | | | [২.২.২] রুজুকৃত মামলা | সংখ্যা | ৪ | ৩০০০০ | ২৯০০০ | ২৮০০০ | ২৭০০০ | ২৬০০০ | ৩৩১১১ (১০০%) | ৪ | পরিচালক (এনফোর্সমেন্ট) |
| | | [২.৩] জনসচেতনতা সৃষ্টি | [২.৩.১] অনুষ্ঠিত সভা ও সেমিনার | সংখ্যা | ৩ | ৬৪ | ৬২ | ৬০ | ৫৮ | ৫৬ | ১২৩ (১০০%) | ৩ | পরিচালক (রোড সেফটি) |
| | | | [২.৩.২] বিলিকৃত লিফলেট, স্টিকার ও পোস্টার | সংখ্যা (লক্ষ) | ৩ | ৮.০০ | ৭.৯০ | ৭.৮০ | ৭.৭০ | ৭.৬০ | ১৩.৪ (১০০%) | ৩ | পরিচালক (রোড সেফটি) |
| | | | [২.৩.৩]শিক্ষা প্রতিষ্ঠানের জন্য সড়ক নিরাপত্তা বিষয়ক প্রামান্য চিত্র প্রস্তুত | তারিখ | ২ | ৩১-০৩-২০১৯ | ১০-০৪-২০১৯ | ২২-০৪-২০১৯ | ২৫-০৪-২০১৯ | ৩০-০৪-২০১৯ | ৩১-৩-১৯ (১০০%) | ২ | পরিচালক (রোড সেফটি) |
| | | | | | | | | | | | উপমোট (৭৫) | ৭১.৩ | |

## দপ্তর/সংস্থার আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | | কলাম-৭ | | কলাম-৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান -২০১৮-১৯ (Target Value -2018-19) | | | | | অর্জন | | বাস্তবায়নকারী ও তথ্য প্রদানকারী শাখা |
| | | | | | | অসাধারণ (Excellent) ১০০% | অতি উত্তম (Very Good) ৯০% | উত্তম (Good) ৮০% | চলতি মান (Fair) ৭০% | চলতিমানের নিম্নে (Poor) ৬০% | বার্ষিক অর্জন (জুলাই/১৮ থেকে জুন/১৯) | খসড়া স্কোর | |
| বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জোরদারকরণ | ৩ | মাঠপর্যায়ের কার্যালয়সমূহের সঙ্গে ২০১৮-১৯ অর্থছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর ও ওয়েবসাইটে আপলোড | বার্ষিক কর্মস্পাদন চুক্তি স্বাক্ষিরিত | তারিখ | ০.৫ | ২০ জুন, ২০১৮ | ২১ জুন, ২০১৮ | ২৪ জুন, ২০১৮ | - | - | ২৮ জুন, ২০১৮ (০%) | ০ | পরিচালক (অপারেশন) |
| | | ২০১৮-১৯ অর্থছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধ-বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে দাখিল | মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ০.৫ | ১৭ জানুয়ারি, ২০১৯ | ২০ জানুয়ারি, ২০১৯ | ২১ জানুয়ারি, ২০১৯ | ২২ জানুয়ারি, ২০১৯ | ২৩ জানুয়ারি, ২০১৯ | ৭ জানু, ২০১৯ (১০০%) | ০.৫ | পরিচালক (অপারেশন) |
| | | মাঠ পর্যায়ের কার্যালয়ের ২০১৮-১৯ অর্থছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধ-বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনান্তে ফলাবর্তক (feedback) মন্ত্রণালয়/বিভাগে | ফলাবর্তক (feedback) প্রদত্ত | তারিখ | ১ | ২৪ জানুয়ারি, ২০১৯ | ৩১ জানুয়ারি, ২০১৯ | ০৪ ফেব্রুয়ারি, ২০১৯ | ০৮ ফেব্রুয়ারি, ২০১৯ | ১১ ফেব্রুয়ারি, ২০১৯ | ১৪ জানু, ২০১৯ (১০০%) | ১ | পরিচালক (অপারেশন) |
| | | সরকারী কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতিসহ অন্যান্য বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ | আয়োজিত প্রশিক্ষণের সময় | জনঘন্টা * | ১ | ৬০ | - | - | - | - | ৩৯ (০%) | ০ | পরিচালক (প্রশিক্ষণ) |

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | | কলাম-৭ | | কলাম-৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান -২০১৮-১৯ (Target Value -2018-19) | | | | | অর্জন | | বাস্তবায়নকারী ও তথ্য প্রদানকারী শাখা |
| | | | | | | অসাধারণ (Excellent) ১০০% | অতি উত্তম (Very Good) ৯০% | উত্তম (Good) ৮০% | চলতি মান (Fair) ৭০% | চলতিমানের নিম্নে (Poor) ৬০% | বার্ষিক অর্জন (জুলাই/১৮ থেকে জুন/১৯) | খসড়া স্কোর | |
| | | আয়োজন | | | | | | | | | | | |
| কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন | ১০ | ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | ফ্রন্ট ডেস্কের মাধ্যমে গৃহীত ডাক ই-ফাইলিং সিস্টেমে আপলোডকৃত | % | ১ | ৮০ | ৭০ | ৬০ | ৫৫ | ৫০ | ৪০ (০%) | ০ | পরিচালক (অপারেশন) |
| | | | ই-ফাইলে নথি নিস্পত্তিকৃত ** | % | ১ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | ৫৫ (১০০%) | ১ | পরিচালক (অপারেশন) |
| | | | ই-ফাইলে পত্র জারীকৃত *** | % | ১ | ৪০ | ৩৫ | ৩০ | ২৫ | ২০ | ২১ (৬০%) | ০.৬ | পরিচালক (অপারেশন) |
| | | দপ্তর/সংস্থা কর্তৃক অনলাইন সেবা চালু করা | ন্যূনতম একটি নতুন ই-সার্ভিস চালুকৃত | তারিখ | ১ | ১০ জানুয়ারি, ২০১৯ | ২৪ জানুয়ারি, ২০১৯ | ২৮ জানুয়ারি, ২০১৯ | ৩১ মার্চ, ২০১৯ | ৩০ এপ্রিল, ২০১৯ | ১৩ ডিসেম্বর, ১৮ (১০০%) | ১ | পরিচালক (অপারেশন) |
| | | দপ্তর/সংস্থা ও অধীনস্ত কার্যালয়সমূহের উদ্ভাবনী উদ্যোগ ও ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (SIP) বাস্তবায়ন | উদ্ভাবনী উদ্যোগ ও SIP-সমূহের হালনাগাদকৃত ডাটাবেইজ ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১ | ০৩ ফেব্রুয়ারি, ২০১৯ | ১১ ফেব্রুয়ারি, ২০১৯ | ১৮ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৫ ফেব্রুয়ারি, ২০১৯ | ০৪ মার্চ, ২০১৯ | ১৯ আগস্ট ১৮ (১০০%) | ১ | পরিচালক (অপারেশন) |
| | | | ডাটাবেজ অনুযায়ী ন্যূনতম দু'টি নতুন উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প চালুকৃত | তারিখ | ১ | ০৮ এপ্রিল, ২০১৯ | ২২ এপ্রিল, ২০১৯ | ০২ মে, ২০১৯ | ১৬ মে, ২০১৯ | ৩০ মে, ২০১৯ | ১৩ ডিসেম্বর, ১৮ (১০০%) | ১ | পরিচালক (অপারেশন) |
| | | সিটিজেনস চার্টার বাস্তবায়ন | হালনাগাদকৃত সিটিজেনস চার্টার অনুযায়ী প্রদত্ত সেবা | % | ১ | ৮০ | ৭৫ | ৭০ | ৬০ | ৫০ | ১০০ (১০০%) | ১ | পরিচালক (প্রশাসন) |
| | | | সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণ ব্যবস্থা চালুকৃত | তারিখ | ০.৫ | ৩১ ডিসেম্বর, ২০১৮ | ১৫ জানুয়ারি, ২০১৯ | ০৭ ফেব্রুয়ারি, ২০১৯ | ১৭ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৮ ফেব্রুয়ারি, ২০১৯ | ৩০ ডিসেম্বর, ১৮ (১০০%) | ০.৫ | পরিচালক (প্রশাসন) |
| | | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | নির্দিষ্ট সময়ের মধ্যে অভিযোগ নিস্পত্তিকৃত | % | ০.৫ | ৭৫ | ৭০ | ৬৫ | ৬০ | ৫০ | ১০০ (১০০%) | ০.৫ | সচিব (বিআরটিএ) |
| | | পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারী পিআরএল ও ছুটি নগদায়নপত্র জারি করা | পিআরএল আদেশ জারিকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - | ১০০ (১০০%) | ১ | পরিচালক (প্রশাসন) |
| | | | ছুটি নগদায়নপত্র জারিকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - | ১০০ (১০০%) | ১ | পরিচালক (প্রশাসন) |
| আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনায় উন্নয়ন | ৯ | অডিট আপত্তি নিস্পত্তি কার্যক্রমের উন্নয়ন | ত্রিপক্ষীয় সভায় অডিট আপত্তি নিস্পত্তির জন্য সুপারিশকৃত | % | ১ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ | ২৩ (০%) | ০ | সচিব (বিআরটিএ) |
| | | | অডিট আপত্তি নিস্পত্তিকৃত | % | ১ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | ৪ (০%) | ০ | সচিব (বিআরটিএ) |
| | | স্থাবর ও অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা | স্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ১ | ৩ ফেব্রুয়ারি, ২০১৯ | ১১ ফেব্রুয়ারি, ২০১৯ | ১৮ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৫ ফেব্রুয়ারি, ২০১৯ | ০৪ মার্চ , ২০১৯ | ৩ ফেব্রু, ২০১৯ (১০০%) | ১ | পরিচালক (প্রশাসন) |
| | | | অস্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ১ | ৩ ফেব্রুয়ারি, ২০১৯ | ১১ ফেব্রুয়ারি, ২০১৯ | ১৮ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৫ ফেব্রুয়ারি, ২০১৯ | ০৪ মার্চ , ২০১৯ | ৩ ফেব্রু, ২০১৯ (১০০%) | ১ | পরিচালক (প্রশাসন) |
| | | বার্ষিক উন্নয়ন কর্মচূচি বাস্তবায়ন | বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়িত | % | ২ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | ০ (১০০%) | ১ | পরিচালক (অপারেশন) |
| | | অব্যবহৃত/অকেজো যানবাহন বিদ্যমান নীতিমালা অনুযায়ী নিস্পত্তিকরণ | নিস্পত্তিকৃত | % | ১ | ৮০ | ৭৫ | ৭০ | ৬০ | ৫০ | ০(১০০%) | ১ | পরিচালক (প্রশাসন) |

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | | কলাম-৭ | | কলাম-৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সুচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান -২০১৮-১৯ (Target Value -2018-19) | | | | | অর্জন | | বাস্তবায়নকারী ও তথ্য প্রদানকারী শাখা |
| | | | | | | অসাধারণ (Excellent) ১০০% | অতি উত্তম (Very Good) ৯০% | উত্তম (Good) ৮০% | চলতি মান (Fair) ৭০% | চলতিমানের নিম্নে (Poor) ৬০% | বার্ষিক অর্জন (জুলাই/১৮ থেকে জুন/১৯) | খসড়া স্কোর | |
| | | বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ করা | বিদ্যুৎ বিল পরিশোধিত | % | ১ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | ১০০ (১০০%) | ১ | পরিচালক (প্রশাসন) |
| | | শুন্য পদের বিপরীতে নিয়োগ প্রদান | নিয়োগ প্রদানকৃত | % | ১ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | ৪০ | ৮০ (১০০%) | ১ | পরিচালক (প্রশাসন) |
| জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ | ৩ | জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো বাস্তবায়ন**** | ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | ৩ | - | - | - | ৪ (১০০%) | ১ | পরিচালক (এনফোর্সমেন্ট) |
| | | জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামোয় অন্তর্ভুক্ত লক্ষ্যমাত্রা বাস্তবায়িত | % | ০.৫ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | ১০০ (১০০%) | ০.৫ | পরিচালক (এনফোর্সমেন্ট) |
| | | তথ্য বাতায়ন হালনাগাদকরণ | সকল অনলাইন সেবা তথ্য বাতায়নে সংযোজিত | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮০ | - | - | ১০০ (১০০%) | ০.৫ | পরিচালক (অপারেশন) |
| | | | তথ্য বাতায়ন হালনাগাদকৃত | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮০ | - | - | ১০০ (১০০%) | ০.৫ | পরিচালক (অপারেশন) |
| | | দপ্তর/সংস্থার ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ওয়েবসাইটে প্রকাশ | বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ০.৫ | ১৮ অক্টেবর, ২০১৮ | ৩১ অক্টোবর, ২০১৮ | ১৫ নভেম্বর, ২০১৮ | ২৯ নভেম্বর, ২০১৮ | ০৬ ডিসেম্বর, ২০১৮ | ১৭ অক্টোবর, ১৮ (১০০%) | ০.৫ | পরিচালক (অপারেশন) |
| | | | | | | | | | | | উপমোট (আবশ্যিক -২৫) | ১৯.১ | |
| | | | | | | | | | | | উপমোট+উপমোট (আবশ্যিক) সর্বমোট (৭১.৩+১৯.১)= | ৯০.৪ | |

## বিআরটিএ'র APA কার্যক্রমের চুড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact):

| চুড়ান্ত ফলাফল/প্রভাব | চুড়ান্ত ফলাফল | একক | প্রকৃত অর্জন ২০১৬-১৭ | প্রকৃত অর্জন ২০১৭-১৮ | লক্ষ্যমাত্রা ২০১৮-১৯ |
|---|---|---|---|---|---|
| মোটরযান ব্যবস্থাপন সংক্রান্ত সেবা প্রদানের সময় হ্রাস | ড্রাইভিং লাইসেন্স প্রাপ্তির গড় সময় (চূড়ান্ত আবেদন গ্রহণের সময় থেকে) | দিন | ১২০ | ৭৫ | ৬০ |
| | ডিজিটাল রেজিস্ট্রেশন সার্টিফিকেট প্রদানের গড় সময় (চূড়ান্ত আবেদন গ্রহণের সময় থেকে) | দিন | ৭০ | ৬০ | ৪৫ |
| সড়ক দুর্ঘটনা হ্রাস | সড়ক দুর্ঘটনা হ্রাসের হার | শতাংশ | - | - | ১২ |

# অধ্যায়- ৫

# রোড সেফটি অধিশাখার কার্যক্রম

United Nations Decade of Action for Road Safety 2011-2020 এবং জাতিসংঘ ঘোষিত টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (SDGs) ২০৩০ এর অনুসমর্থনকারী হিসাবে GOAL-3.6 অনুযায়ী বাংলাদেশ ২০২০ সালের মধ্যে সড়ক দুর্ঘটনায় আহত ও নিহতের সংখ্যা অর্ধেকে নামিয়ে আনতে অঙ্গীকারাবদ্ধ। এ লক্ষ্যে বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি (বিআরটিএ) অন্যান্য প্রতিষ্ঠানের সাথে একযোগে কাজ করে যাচ্ছে। সড়ক দুর্ঘটনা রোধকল্পে বিআরটিএ'র বিভিন্ন কার্যক্রম নিম্নে উল্লেখ করা হলো।

## জনসচেতনতামূলক কার্যক্রমঃ

গণসচতেনতা সৃষ্টির লক্ষ্যে বিশেষ প্রচারভিযানরে অংশ হিসেবে বিআরটিএ'র কর্মকর্তা/কর্মচারীগণ কর্তৃক ঢাকা মহানগরীসহ সারাদেশে বিভিন্ন গুরুত্বপূর্ণ পয়েন্টে সড়ক নিরাপত্তা ও গণসচেতনতা বৃদ্ধিমূলক শ্লোগান সম্বলিত স্টিকার, লিফলেট ও পোস্টার গাড়ীচালক, যাত্রী, পথচারী ও সড়ক ব্যবহারকারীদের মধ্যে নিয়মিতভাবে বিতরণ করা হচ্ছে। এসব কার্যক্রমে সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী নিজে উপস্থিত থাকেন। ২০১৮-২০১৯ অর্থ বছরে  সড়ক নিরাপত্তা ও গণসচেতনতা বৃদ্ধিমূলক শ্লোগান সম্বলিত বিভিন্ন প্রকার ১০,০১,৮৪২ টি লিফলেট ও ৪,৬৭,৩৫৩টি স্টিকার বিতরণ করা হয়েছে। এ কার্যক্রম অব্যাহত আছে।




সড়ক নিরাপত্তা ও জনসচেতনতা বৃদ্ধিমুলক সেমিনার




সচেতনতামূলক লিফলেট , স্টিকার , পোস্টার ও ব্রসিয়ার বিতরণ






গণপরিবহন চালক ও যাত্রীদের মাঝে সচেতনতামূলক লিফলেট বিতরণ

## দুর্ঘটনার কারণ অনুসন্ধান পদ্ধতি সংক্রান্ত ওয়ার্কসপঃ

বিআরটিএ'র সহকারী পরিচালক (ইঞ্জিঃ), মোটরযান পরিদর্শক ও সহকারী মোটরযান পরিদর্শকগণকে 'সড়ক নিরাপত্তাকল্পে দুর্ঘটনা কবলিত মোটরযান পরিদর্শন এবং দুর্ঘটনার কারণ অনুসন্ধান পদ্ধতি' শীর্ষক ওয়ার্কসপ আয়োজনের মাধ্যমে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।




দুর্ঘটনার কারণ অনুসন্ধান সংক্রান্ত ওয়ার্কসপ

## সভা সমাবেশ/সেমিনাঃ

স্কুল-কলেজের শিক্ষার্থীদের নিয়ে বিভাগীয় ও জেলা শহরে প্রতিবছর নিয়মিতভাবে বিআরটিএ'র উদ্যোগে রোড-শো, র‍্যালি, সভা-সমাবেশ ও সেমিনারের আয়োজন করা হয়।




বিআরটিএ ফেনী সার্কেল কর্তৃক ৫ম বিশ্ব নিরাপদ সড়ক সপ্তাহ উদযাপন




বিআরটিএ যশোর সার্কেল কর্তৃক ৫ম বিশ্ব নিরাপদ সড়ক সপ্তাহ উদযাপন



স্কুলের ছাত্র কর্তৃক সড়ক নিরাপত্তামূলক কাযক্রমে অংশগ্রহণ



সড়ক নিরাপত্তামূলক বিষয়ের উপর স্কুলের ছাত্রদের প্রশিক্ষণ



স্কুলে ছাত্রীদের অংশগ্রহণে সড়ক নিরাপত্তামূলক সেমিনার

২০১৮-১৯ অর্থ বছর সহ বিগত ০৫ (পাঁচ) অর্থ বছরের তথ্যাদি নিম্নরুপঃ

| অর্থ বছর | স্কুল-কলেজে সভা-সমাবেশ | | সেমিনার/সমাবেশ | |
|---|---|---|---|---|
| | সংখ্যা | অংশগ্রহণকারী | সংখ্যা | অংশগ্রহণকারী |
| ২০১৪-২০১৫ | ৫৭ | ২৬৬৪০ | ৫ | ২৭০০ |
| ২০১৫-২০১৬ | ৫৭ | ২৯৮৬৯ | ৬০ | ২১৬৭২ |
| ২০১৬-২০১৭ | ৭৯ | ১৬১৩০ | ৬৮ | ২৪০৭৬ |
| ২০১৭-২০১৮ | ৯৫ | ২০০৪৪ | ৯৮ | ২৯৮৩১ |
| ২০১৮-২০১৯ | ১৫০ | ৩৫৬৪৪ | ১২৪ | ৪৩২৯৩ |

## সড়ক নিরাপত্তা ও গণসচেতনতামূলক বিজ্ঞপ্তি প্রচারঃ

বিআরটিএ কর্তৃক বিভিন্ন ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়ার নিয়মিতভাবে সড়ক নিরাপত্তা ও গণসচেতনতা বৃদ্ধিমূলক বক্তব্য/বিজ্ঞপ্তি প্রচার করা হচ্ছে। ২০১৮-২০১৯ অর্থ বছরসহ বিগত ১০ (দশ) অর্থ-বছরের তথ্যাদি নিম্নরুপঃ

| অর্থ বছর | প্রচার ও বিজ্ঞাপন | | |
|---|---|---|---|
| | পত্রিকায় বিজ্ঞপ্তি | লিফলেট | পোষ্টার/স্টিকার |
| ২০০৯-২০১০ | ৩২০ | ৩৪০০০ | ২০০০ |
| ২০১০-২০১১ | ৪১১ | ৫২০০০ | ১০০০০ |
| ২০১১-২০১২ | ৫০০ | ৩২৫০০০ | ৬২৫০০০ |
| ২০১২-২০১৩ | ৬৬১ | ৩৫০০০০ | ৬৭৫৫০০ |
| ২০১৩-২০১৪ | ৬০৬ | ১৪৮০০০ | ৩১২০০০ |
| ২০১৪-২০১৫ | ৩০১ | ২১২০০০ | ৪৭০০০০ |
| ২০১৫-২০১৬ | ৪৮০ | ৩৫০০০০ | ৩৩৭০০০ |
| ২০১৬-২০১৭ | ৪০৭ | ৭০৬০৮৩ | ৩১৯২৫৩ |
| ২০১৭-২০১৮ | ৪৪৫ | ৭২১৪৭৮ | ৪৯৭৫৬৬ |
| ২০১৮-২০১৯ | - | ১০০১৮৪২ | ৪৬৭৩৫৩ |

## অবৈধ ও অননুমোদিত যানবাহন চলাচল বন্ধ করণঃ

জাতীয় মহাসড়কে থ্রি-হুইলার নিয়ন্ত্রণসহ নসিমন, করিমন, ভটভটি, ইজিবাইক ইত্যাদি অবৈধ যানবাহন চলাচল বন্ধ ঘোষণা করা হয়েছে। এ লক্ষ্যে জেলা প্রশাসন ও পুলিশ বিভাগের সাথে বিআরটিএ নিয়মিতভাবে অভিযান পরিচালনা করছে।




**খেলাপি ও অবৈধ মোটরযানের বিরুদ্ধে বিশেষ অভিযান**

## Action Plan প্রণয়নঃ

সড়ক দুর্ঘটনা হ্রাসকল্পে জাতীয় সড়ক নিরাপত্তা কৌশলকত কর্মপরিকল্পনা, ২০১৭-২০২০ (National Road Safety Strategic Action Plan, 2017-2020) প্রণয়ন করা হয়েছে, যা বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা/প্রতিষ্ঠানের মাধ্যমে বাস্তবায়ন করা হচ্ছে।

## সরকার নিরাপত্তাকল্পে কমিটি গঠনঃ

মেট্রোপলিটন সড়ক নিরাপত্তা কমিটি, জেলা সড়ক নিরাপত্তা কমিটি এবং উপজেলা সড়ক নিরাপত্তা কমিটি পুনর্গঠন করা হয়েছে। কমিটিগুলো তাদের নিজ নিজ এলাকায় সড়ক নিরাপত্তা সংক্রান্ত কার্যক্রম পরিচালনা করছে। এছাড়া, নিরাপদ সড়ক সংক্রান্ত মন্ত্রীসভা কমিটি, জাতীয় সড়ক নিরাপত্তা কাউন্সিল ও সড়ক পরিবহন উপদেষ্টা পরিষদ পুনর্গঠনপূর্বক নিয়মিত সভা অনুষ্ঠানের আয়োজনসহ সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।

## দূর্ঘটনা কবলিত মোটরযানের প্রতিবেদন প্রদানঃ

দূর্ঘটনা কবলিত মোটরযানের প্রতিবেদন সংগ্রহ ও বিশ্লেষণ, দুর্ঘটনার কারণ অনুসন্ধান, দুর্ঘটনার ক্ষয়ক্ষতি নিরুপণ ও দুর্ঘটনা হ্রাসকল্পে সুপারিশমালা প্রদান করা হয়ে থাকে। পুলিশ সদর দপ্তরের পরিসংখ্যান অনুযায়ী ২০১৮-১৯ অর্থ বছরে ৩১৩১টি সড়ক দূর্ঘটনায় ৩১৯২ জন নিহত এবং ২৯৬২ জন আহত হয়েছে।

## পাঠ্যসূচিতে সড়ক নিরাপত্তা সংক্রান্ত বিষয় অন্তর্ভুক্তিঃ

সড়ক নিরাপত্তার বিষয়টি প্রাথমিক ও মাধ্যমিক স্কুলের পাঠ্যক্রমে অর্ন্তভূক্তির জন্য শ্রেণি ও বয়স ভিত্তিক পাঠ্যসূচি প্রস্তুত করে শিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে যা ইতোমধ্যে কিছু পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত হয়েছে। বাকী কার্যক্রম শিক্ষা মন্ত্রণালয়ে প্রক্রিয়াধীন আছে।

## হাট-বাজার অপসারণ সংক্রান্তঃ

সড়ক দুর্ঘটনারোধে জাতীয় ও আঞ্চলিক মহাসড়কের উপর অবস্থিত হাট-বাজার ও বাণিজ্যিক স্থাপনা অপসারণের জন্য সকল জেলা প্রশাসন ও পুলিশ বিভাগকে অনুরোধ করা হয়েছে। এ লক্ষ্যে জেলা প্রশাসন ও পুলিশ বিভাগ কার্যক্রম চালিয়ে যাচ্ছে।

## গতিসীমা নিয়ন্ত্রণঃ

মহাসড়কে বাসের গতিসীমা ৮০ কি.মি. এবং ট্রাকের গতিসীমা ৬০ কি.মি. বেঁধে দেয়া হয়েছে। এ বিষয়টি ব্যাপক প্রচার করা হয়েছে।

## জাতীয় সড়ক নিরাপত্তা কাউন্সিলঃ

জাতীয় সড়ক নিরাপত্তা কাউন্সিলের ২৬তম সভায় সড়ক পরিবহন সেক্টরের শৃঙ্খলা জোরদারকরণ এবং সড়ক দুর্ঘটনা নিয়ন্ত্রণে সুপারিশ প্রণয়নের লক্ষ্যে সাবেক নৌ-পরিবহন মন্ত্রী এবং বর্তমান জাতীয় সংসদের সংসদ সদস্য জনাব শাজাহান খান এমপিকে সভাপতি করে ১৫ (পনের) সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়। উক্ত কমিটি কর্তৃক ১১১ (একশত এগার)টি সুপারিশমালা প্রণয়ন করে মাননীয় প্রধানমন্ত্রী বরাবর গত ২৮ এপ্রিল ২০১৯ খ্রিঃ তারিখে দাখিল করা হয়।

## জাতীয় নিরাপদ সড়ক দিবস উদযাপনঃ

জনসচেতনতা সৃষ্টি ও সড়ক নিরাপত্তা নিশ্চিতকল্পে সরকার ২২ অক্টোবরকে জাতীয় নিরাপদ সড়ক দিবস হিসেবে ঘোষণা করেছে। 'আইন মেনে চলবো, নিরাপদ সড়ক গড়বো' এ প্রতিপাদ্যকে সামনে রেখে গত ২০১৮ সালে ২২ অক্টোবর সারাদেশে বিভিন্ন কর্মসূচির মাধ্যমে দ্বিতীয় বারের মতো জাতীয় নিরাপদ সড়ক দিবস-২০১৮ উদযাপন করা হয়েছে।




জাতীয় সড়ক নিরাপদ দিবস-২০১৮







বিআরটিএ যশোর সার্কেল কর্তৃক জাতীয় নিরাপদ সড়ক দিবস-২০১৮ উদযাপন

# অধ্যায়-৬
# প্রশিক্ষণ অধিশাখার কার্যক্রম

## কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ প্রদানঃ

বিআরটিএ'র সদর কার্যালয়ে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ শাখা কর্তৃক সদর কার্যালয়ে তথ্য আইন, সরকারী চাকুরীর বিধিমালা, জাতীয় শুদ্ধাচার কৌশলসহ বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়। এছাড়া কর্মকর্তা/কর্মচারীদের বিভিন্ন সরকারী ও অন্যান্য ট্রেনিং প্রতিষ্ঠানে প্রশিক্ষণের জন্য প্রেরণ করা হয়ে থাকে। ২০১৮-১৯ অর্থবছরে মোট ২৫৬ জন কর্মকর্তা/কর্মচারীকে প্রশিক্ষণ প্রদান করা হয়। এছাড়াও সকল উপপরিচালক (ইঞ্জিঃ)গণকে উক্ত বিষয়সমূহে প্রশিক্ষণ প্রদান করা হয় এবং তাঁরা উক্ত প্রশিক্ষণসমূহ নিজ নিজ বিভাগে কর্মরত সার্কেলসমূহের সহকারী পরিচালক (ইঞ্জিঃ) গণকে প্রদান করে থাকেন। পরবর্তীতে সহকারী পরিচালক (ইঞ্জিঃ) গণ উক্ত প্রশিক্ষণটি অন্যান্য কর্মকর্তা/কর্মচারীগণকে প্রদান করে থাকেন।




বিআরটিএ'র কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহনে নাগরিক সেবায় উদ্ভাবন বিষয়ক ওরিয়েন্টেশন কোর্সের উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখছেন সড়ক ও মহাসড়ক বিভাগের মাননীয় সচিব জনাব মোঃ নজরুল ইসলাম।
তারিখঃ ০৫-০৪-২০১৯খ্রিঃ, স্থানঃ সম্মেলনকক্ষ, বিআরটিএ'র সদর কার্যালয়, ঢাকা।



বিআরটিএ'র কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহনে জাতীয় শুদ্ধাচার কৌশল প্রশিক্ষণ কর্মশালায় উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখছেন বিআরটিএ'র পরিচালক (প্রশাসন) জনাব মোঃ ইউছুব আলী মোল্লা।
তারিখঃ ১৭-০৬-২০১৯খ্রিঃ, স্থানঃ সম্মেলনকক্ষ, বিআরটিএ'র সদর কার্যালয়, ঢাকা।




বিআরটিএ'র কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহনে জাতীয় শুদ্ধাচার কৌশল প্রশিক্ষণ কর্মশালায় উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখছেন বিআরটিএ'র পরিচালক (প্রশাসন) জনাব মোঃ ইউছুব আলী মোল্লা।
তারিখঃ ১৭-০৬-২০১৯খ্রিঃ, স্থানঃ সম্মেলনকক্ষ, বিআরটিএ'র সদর কার্যালয়, ঢাকা।


## পেশাজীবি গাড়ী চালকদের প্রশিক্ষণ প্রদানঃ

বিআরটিএ কর্তৃক ২০০৮-০৯ অর্থ বছর হতে পেশাজীবি গাড়ী চালকদের দক্ষতা ও সচেতনতা বৃদ্ধিমুলক প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। এ প্রশিক্ষণের গুরুত্ব অনুধাবন করে ২০১৬-১৭ অর্থবছর থেকে পেশাজীবি গাড়ী চালকদের ড্রাইভিং লাইসেন্স নবায়ন কালে এ প্রশিক্ষণ গ্রহণ বাধ্যতামূলক করা হয়েছে।

পেশাজীবি গাড়ীচালকদের দক্ষতা ও সচেতনতা বৃদ্ধিমূলক ও সচেতনতা বৃদ্ধিমূলক রিফ্রেশার প্রশিক্ষণ প্রদানের তথ্যাদি নিম্নে প্রদান করা হলোঃ-

| অর্থ বছর | পেশাজীবি গাড়ীচালক প্রশিক্ষণার্থী |
|---|---|
| ২০০৮-২০০৯ | ৩০০০ |
| ২০০৯-২০১০ | ৮,২৫০ |
| ২০১০-২০১১ | ১৮০০০ |
| ২০১১-২০১২ | ২৫১০০ |
| ২০১২-২০১৩ | ২৯৪৭০ |
| ২০১৩-২০১৪ | ২৩৫৮৫ |
| ২০১৪-২০১৫ | ১৭৮৮৪ |
| ২০১৫-২০১৬ | ২৫০৮৩ |
| ২০১৬-২০১৭ | ৫২৬৭০ |
| ২০১৭-২০১৮ | ৮৪০১৯ |
| ২০১৮-২০১৯ | ১,০২,১৭৯ |

২০১৯-২০ খ্রিঃ অর্থবছরে প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যমাত্রা- ১,৩০,০০০জন।







বিআরটিএ চাঁদপুর সার্কেল কর্তৃক আয়োজিত পেশাজীবি গাড়ীচালকদের পেশাগত দক্ষতা ও সচেতনতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ কর্মশালায় উপস্থিত ছিলেন বিআরটিএ চাঁদপুর সার্কেলের সহকারী পরিচালক (ইঞ্জিঃ), প্রশাসন ও পুলিশের কর্মকর্তাবৃন্দ।
স্থানঃ বিআরটিএ, চাঁদপুর সার্কেল, চাঁদপুর।



বিআরটিএ শেরপুর সার্কেল কর্তৃক আয়োজিত পেশাজীবি গাড়ীচালকদের পেশাগত দক্ষতা ও সচেতনতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ কার্মশা
উপস্থিত ছিলেন বিআরটিএ শেরপুর সার্কেলের সহকারী পরিচালক (ইঞ্জিঃ)সহ প্রশাসন ও পুলিশের কর্মকর্তবৃন্দ।
স্থানঃ বিআরটিএ, শেরপুর সার্কেল, শেরপুর।



বিআরটিএ ব্রাহ্মনবাড়ীয়া সার্কেল কর্তৃক আয়োজিত পেশাজীবি গাড়ীচালকদের পেশাগত দক্ষতা ও সচেতনতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ কার্মশালায়
বক্তব্য রাখছেন প্রশাসন ও পুলিশের প্রতিনিধি।
স্থানঃ বিআরটিএ, ব্রাহ্মনবাড়ীয়া সার্কেল, ব্রাহ্মনবাড়ীয়া।

## বিভিন্ন প্রতিষ্ঠানের গাড়ীচালকদের প্রশিক্ষণ প্রদানঃ

বিভিন্ন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান (যেমন: পাট গবেষণা ইনস্টিটিউট, এনএসআই, ঢাকা সিটি কর্পোরেশন, পরিসংখ্যান ব্যুরো ইত্যাদি) হতে গাড়ীচালকদের প্রশিক্ষণ প্রদানের জন্য আমন্ত্রণ জানানো হয়। উক্ত আমন্ত্রণের প্রেক্ষিতে বিআরটিএ হতে প্রশিক্ষক প্রেরণ করা হয়। এ কার্যক্রমের আওতায় ২০১৭-২০১৮ খ্রিঃ অর্থ বছরে ২০টি সেশনে প্রায় ৪০০ জন গাড়ীচালক ও ২০১৮-২০১৯ খ্রিঃ অর্থ বছরে ৬টি সেশনে ২০০ জন গাড়ীচালককে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।



অর্থ বিভাগের সেইপ (এসইআইপি) প্রকল্পের আওতায় মোটর ড্রাইভিং প্রশিক্ষণ গ্রহনকারীদের উদ্দেশ্যে "ট্রাফিক সাইন ও সিগনাল" বিষয়ে বক্তব্য রাখছেন বিআরটিএ'র পরিচালক (প্রশিক্ষণ) জনাব মোঃ সিরাজুল ইসলাম। তারিখঃ ১৬/০৬/২০১৯খ্রিঃ, স্থানঃ বিআরটিসি, প্রশিক্ষণ কেন্দ্র, তেজগাঁও, ঢাকা।

## ট্রাফিক পুলিশ বিভাগের কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদানঃ

সড়কে শৃঙ্খলা আনয়নের জন্য ট্রাফিক পুলিশ বিভাগের কর্মকর্তাদের ভূমিকা অপরিসীম। বিআরটিএ কর্তৃক ইস্যুকৃত কাগজ পত্রাদির (ড্রাইভিং লাইসেন্স, রেজিস্ট্রেশন সার্টিফিকেট, রুটপারমিট, ফিটনেস সার্টিফিকেট ইত্যাদি) সঠিকতা যাচাই করে এর কৌশল, সরেজমিনে ইস্যু করার পদ্ধতি এবং মোটরযান আইন ও বিধি সম্পর্কে ট্রাফিক পুলিশ কর্মকর্তাদের বিআরটিএ সদর কার্যালয় ও ঢাকা মেট্রো সার্কেল-১ এর কার্যালয়ে নিয়মিত প্রশিক্ষণ প্রদান করা হয়ে থাকে। ২০১৭-২০১৮ খ্রিঃ অর্থ বছরে ২০০ জন ট্রাফিক পুলিশ ও ২০১৮-২০১৯ খ্রিঃ অর্থ বছরে ২৫০ জন ট্রাফিক পুলিশ কে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।




ট্রাফিক পুলিশ কর্মকর্তাদের অংশগ্রহনে "গাড়ীর জাল কাগজপত্র সনাক্তকরণের পদ্ধতি" বিষয়ে বক্তব্য রাখছেন বিআরটিএ'র প্রশিক্ষণ শাখার সহকারী পরিচালক (ইঞ্জিঃ) জনাব খালিদ মাহমুদ।
তারিখঃ ২২-০৬-২০১৯খ্রিঃ, স্থানঃ রাজারবাগ পুলিশ লাইন, ঢাকা।

## বাস/মিনিবাস চালকদের বিশেষ প্রশিক্ষণ কর্মশালাঃ

সদর কার্যালয় কর্তৃক ঢাকায় চলাচলরত বাস/মিনিবাস চালকদের দক্ষতা ও সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ০৫ দিন ব্যাপী ৪টি সেশনে মোট ২০ দিনে ৩০০ জন চালককে বিশেষ প্রশিক্ষণ প্রদান করা হয়। প্রশিক্ষণ কর্মশালায় সড়ক নিরাপত্তা, গাড়ীচালকদের দায়িত্ব-কর্তব্য, শিষ্টাচার ও নৈতকিতা, নারী, শিশু ও প্রতিবন্ধী যাত্রীদের প্রতি দৃষ্টিভঙ্গী ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়। কর্মশালায় প্রশিক্ষণ প্রদান করেন ডাক্তার, বুয়েট এর শিক্ষক, ট্রাফিক পুলিশ কর্মকর্তা, ব্র্যাক এর জেন্ডার ডাস্টিস ও ডাইভার সিটি কর্মসূচীর প্রতিনিধিসহ আরো অনেকে। পশিক্ষণ শেষে চালকদের সনদপত্র বিতরণসহ হালকা থেকে মধ্যম বাম ধ্যম থেকে ভারী শ্রেণীর লাইসেন্স প্রদানের জন্য লার্নার লাইসেন্স প্রদান করা হয়।




ঢাকায় চলাচলরত বাস/মিনিবাস চালকদের জন্য আয়োজিত ০৫ দিন ব্যাপী বিশেষ প্রশিক্ষণ কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখছেন ঢাকা সড়ক পরিবহন মালিক সমিতির সাধারন সম্পাদক জনাব খন্দকার এনায়েত উল্যাহ উক্ত কর্মশালায় উপস্থিত ছিলেন সড়ক ও মহাসড়ক বিভাগের মাননীয় সচিব জনাব মোঃ নজরুল ইসলাম ও বিআরটিএ'র চেয়ারম্যান জনাব মোঃ মশিয়ার এবং বুয়েট এর প্রফেসর জনাব ড. মোঃ সামসুল হক।
তারিখঃ ২৯-০৪-২০১৯খ্রিঃ, স্থানঃ সম্মেলনকক্ষ, বিআরটিএ'র সদর কার্যালয়, ঢাকা।



ঢাকায় চলাচলরত বাস/মিনিবাস চালকদের জন্য আয়োজিত ০৫ দিন ব্যাপী বিশেষ প্রশিক্ষণ কর্মশালায় " নারী, শিশু ও প্রতিবন্ধি যাত্রীদের প্রতি দৃষ্টিভঙ্গী" বিষয়ে ক্লাস নিচ্ছেন ব্রাকের জেন্ডার কর্মসূচীর প্রতিনিধি।
তারিখঃ ২৩-০৬-২০১৯খ্রিঃ, স্থানঃ সম্মেলনকক্ষ, বিআরটিএ'র সদর কার্যালয়, ঢাকা।



ঢাকায় চলাচলরত বাস/মিনিবাস চালকদের জন্য আয়োজিত ০৫ দিন ব্যাপী বিশেষ প্রশিক্ষণ কর্মশালায় " যন্ত্রাংশের বিভিন্ন ত্রুটি ও সমাধান" বিষয়ে ক্লাস নিচ্ছেন বিআরটিএ'র সাবেক পরিচালক (ইঞ্জিঃ) জনাব মোঃ সাইফুল হক।
তারিখঃ ০২-০৫-২০১৯খ্রিঃ, স্থানঃ সম্মেলনকক্ষ, বিআরটিএ'র সদর কার্যালয়, ঢাকা।

## ভবিষ্যত পরিকল্পনাঃ

**১। <u>অফিস কাম-মাল্টিপারপাস প্রশিক্ষণ একাডেমী স্থাপনঃ</u>**

পেশাজীবি গাড়ী চালকদের দক্ষতা ও সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ প্রদানের জন্য ২০১৪ সালে বাংলাদেশের ১৭টি বৃহত্তর জেলায় অফিস কাম-মাল্টিপারপাস প্রশিক্ষণ একাডেমী স্থাপনের লক্ষ্যে ভূমি অধিগ্রহণের জন্য জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

ইতোমধ্যে ময়মনসিংহ, কুমিল্লা, নোয়াখালী, রাঙ্গামাটি ৪ (চার)টি জেলায় ভূমি অধিগ্রহণ করা হয়েছে এবং ময়মনসিংহে অধিগৃহীত ভূমিতে স্থাপনা তৈরীর জন্য পিডব্লিউডি কর্তৃক ডিপিপি প্রস্তুত করা হয়েছে। এছাড়াও সিলেট, বগুড়া, যশোর, সাতক্ষীরা, কুষ্টিয়া ভূমি অধিগ্রহণের অনুমোদন চেয়ে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে পত্র দেয়া হয়েছিল কিন্তু সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ হতে জানানো হয়েছে যে, অধিগ্রহণকৃত জমির ডিপিপি প্রণয়নের পরে ভূমি অধিগ্রহনের অনুমোদন প্রদান করা হবে।

প্রধানমন্ত্রীর কার্যালয়ের এসডিজি বিষয়ক মুখ্য সমন্বয়ক জনাব মোঃ আবুল কালাম আজাদের উপস্থিতিতে গত ১৭/০৪/২০১৯খ্রিঃ তারিখে মোটরযান চালকদের প্রশিক্ষণ ও দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা এবং এতদুদ্দেশ্যে কর্মপরিকল্পনা প্রণয়নের বিষয়ে অনুষ্ঠিত সভায় বিআরটিএ'র প্রতিটি জেলায় অফিস কাম-মাল্টিপারপাস প্রশিক্ষণ একাডেমী স্থাপনের জন্য ডিপিপি প্রস্তুত করার সিদ্ধান্ত গৃহীত হয়। এর প্রেক্ষিতে প্রতিটি জেলায় জেলা-প্রশাসক বরাবর ভূমি অধিগ্রহণের জন্য বিআরটিএ হতে পত্র প্রেরণ করা হয়।

**২। বাস/মিনিবাস চালকদের বিশেষ প্রশিক্ষণ কর্মশালাঃ**

সদর কার্যালয় কর্তৃক ঢাকায় চলাচলরত বাস/মিনিবাস চালকদের দক্ষতা ও সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ০৫ দিনব্যাপী বিশেষ প্রশিক্ষণ কর্মশালা অব্যাহত রয়েছে। এ প্রশিক্ষণের গুরুত্ব অনুধাবন করে ও সড়ক পরিবহন মালিক-শ্রমিক ঐক্য পরিষদের অনুরোধক্রমে এ প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রাখার পরিকল্পনা নেয়া হয়েছে। এ কার্যক্রমের আওতায় ২০১৯-২০ অর্থ বছরে ৩০০০ জন গাড়ীচালককে প্রশিক্ষণ প্রদানের পরিকল্পনা নেয়া হয়। এ প্রশিক্ষণ ব্যয়ের প্রয়োজনীয় বরাদ্দের জন্য ব্যবস্থা গৃহীত হচ্ছে।

# অধ্যায়-৭
# সচিব অধিশাখার কার্যক্রম

## অনলাইনে/বিভিন্ন মাধ্যমে প্রাপ্ত অভিযোগের নিষ্পত্তি ব্যবস্থাপনাঃ

বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি (বিআরটিএ) তে অনলাইন গ্রিভেন্স রিড্রেস সিস্টেম (GRS) চালু রয়েছে। এ বিভাগের ওয়েবসাইটের মাধ্যমে যে কেউ এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থার কর্মকান্ডের উপর অভিযোগ উত্থাপন ও পরামর্শ প্রদান করতে পারেন। ২০১৮-১৯ অর্থ বছর ৪১ টি অভিযোগ ও পরামর্শ পাওয়া গিয়েছে। প্রত্যেকটি অভিযোগ ও পরামর্শের বিষয়ে গৃহীত ব্যবস্থা আবেদনকারীকে যথাসময়ে জানিয়ে দেয়া হয়েছে। অভিযোগ নিষ্পত্তির হার শতভাগ। এছাড়াও মন্ত্রিপরিষদ বিভাগ এবং এ বিভাগে সরাসরি দালিলকৃত লিখিত অভিযোগ গুরুত্বের সাথে বিবেচনায় নিয়ে নিষ্পত্তি করা হয়।

## কর্তৃপক্ষকে আইনগত বিষয়ে পরামর্শ দানঃ

বিআরটিএ-তে ১ (এক) জন আইনজীবি নিয়োগ করা আছে। তাঁরা বিআরটিএ সংক্রান্ত যেসকল মামলা দায়ের হয়, সেগুলো নিষ্পত্তির ব্যাপারে বিআরটিএ-কে আইনগত পরামর্শ ও সহযোগিতা প্রদান করে থাকে।

## উপদেষ্টা, পরামর্শক এবং অথরিটির সভা আহবান ও এই সংক্রান্ত যাবতীয় কার্যক্রম সম্পাদনঃ

বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি (বিআরটিএ)-এর একটি উপদেষ্টা পরিষদ রয়েছে। উক্ত উপদেষ্টা পরিষদের চেয়ারম্যান হলেন সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ও সদস্য-সচিব হলেন বিআরটিএ'র চেয়ারম্যান। এ পর্যন্ত ৪১টি উপদেষ্টা পরিষদের সভা অনুষ্ঠিত হয়েছে। উপদেষ্টা পরিষদ বিভিন্ন কর্মকর্তা/ব্যক্তিবর্গের সমন্বয়ে গঠিত। সভায় সদস্যগণের পরামর্শের ভিত্তিতে পরিবহন সেক্টরের বিভিন্ন সমস্যা, মালিক/শ্রমিকদের বিভিন্ন দাবী দাওয়া উত্থাপন ও নিষ্পত্তি সংক্রান্তে গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণ করা হয়ে থাকে। সভার যাবতীয় কার্যক্রম এ শাখা থেকে সম্পন্ন করা হয়ে থাকে। এছাড়া বিআরটিএ'তে একটি অথরিটি রয়েছে। ৮ জন কর্মকর্তা/ব্যক্তিবর্গের সমন্বয়ে অথরিটি গঠন করা হয়েছে। এ পর্যন্ত ১৩টি অথরিটি সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় বিভিন্ন বিভাজন ও পদ সৃজনসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণ করা হয়ে থাকে।

## অথরিটি'র নিরীক্ষা ও এ সংক্রান্ত কার্যাদিঃ

বিআরটিএ অফিস সৃষ্টিলগ্ন থেকে ২০১০ সাল পর্যন্ত স্থানীয় রাজস্ব অডিট অধিদপ্তর কর্তৃক নিরীক্ষিত হয়েছে। উক্ত সময় থেকে সর্বমোট ২৭৭ অডিট আপত্তি উত্থাপিত হয়েছে। ২০১৩ সাল থেকে এ অথরিটি সকল কার্যসমূহ পূর্ত অডিট অধিদপ্তর কর্তৃক নিরীক্ষিত হচ্ছে। শুরু থেকে জুন/২০১৯ সাল পর্যন্ত বিআরটিএ'র ২১টি অডিট ইউনিট নিরীক্ষিত হয়েছে। এতে সর্বমোট ২৭৭টি অডিট আপত্তি উত্থাপিত হয়েছে। জুলাই/২০১৮ থেকে জুন/২০১৯ পর্যন্ত ১১টি আপত্তি নিষ্পত্তি হয়েছে। এ মূহুর্তে বিআরটিএ'র আরও ২৫৫টি অডিট আপত্তি নিষ্পত্তি আছে।

## RTC গঠন ও পুনর্গঠনঃ

মোটরযান অধ্যাদেশ ১৯৮৩'র ৫৪ (১) ধারা অনুসারে দেশের সকল জেলা ও মেট্রোপলিটান এলাকায় আঞ্চলিক পরিবহন কমিটি (RTC) গঠিত/পুনর্গঠিত হয়ে থাকে। এসকল RTC, BRTA'র পক্ষে স্ব-স্ব এলাকায় মোটরযানের রুট পারমিট প্রদান ও নবায়ন, সড়ক পরিবহন ব্যবস্থার তত্ত্বাবধান ও নিয়ন্ত্রণ এবং পরিবহন সেক্টরে বিদ্যমান সমসাময়িকি বাস্তবসম্মত সমাধান প্রদানের দায়িত্ব পালন করে। এসব RTC তে আলোচনার মাধ্যমে উপযুক্ত পদেক্ষপ গ্রহণ করার মাধ্যমে মোটরযান রেজিস্ট্রেশন, ফিটনেস সার্টিফিকেট ও রুট পারমিট প্রদান করা হয়। ২০১৮-১৯ অর্থবছরে সচিস শাখা ২০টি RTC পূনর্গঠন করা হয়েছে।

## মেট্রো, বিভাগ ও জেলা পর্যায়ের আরটিসি গঠন/পূনর্গঠন সংক্রান্ত কার্যাবলী সম্পাদনঃ

অথরিটি'র আইনানুযায়ী সকল মেট্রো ও জেলা সার্কেলে একটি করে আঞ্চলিক পরিবহন কমিটি রয়েছে। এই কমিটি, এর এখতিয়ারাধীন এলাকার যানবাহন ব্যবস্থাপনা সংক্রান্ত সকল কার্যক্রম পরিচালনা করে থাকে। ২০১৮-১৯ অর্থবছরে ২০টি আরটিসি পূণর্গঠত হয়েছে।

## তথ্য অধিকার আইন (RTI)ঃ

সেবা গ্রহীতাদের তথ্য প্রাপ্তি নিশ্চিতকরণের লক্ষ্যে বিআরটিএ'র আওতাধীন বিভাগীয় অফিস ও জেলা অফিসে দর্শনীয় স্থানে সিটিজেন চার্টার স্থাপন করা হয়েছে। বিআরটিএ'র সদর কার্যালয়ের তথ্য প্রদানকারী কর্মকর্তা এ অথরিটি'র সচিব, এ আইনের বিধানমতে সদর কার্যালয়ে একজন সহকারী তথ্য প্রদানকারী কর্মকর্তাও নিয়োজিত আছেন। এছাড়া সকল বিভাগীয় অফিস ও জেলা অফিসের তথ্য প্রদানকারী কর্মকর্তাও নিয়োজিত আছেন। এছাড়া সকল বিভাগীয় অফিস ও জেলা অফিসের তথ্য প্রদানকারী কর্মকর্তা নির্ধারণ করা হয়েছে। বিআরটিএ'র ওয়েবসাইট www.brta.gov.bd নিয়মিত হালনাগাদকরণ করা হচ্ছে। এ ব্যতীত গ্রাহকগণকে হেল্পলাইনের মাধ্যমে তথ্য সহায়তা প্রদানের উদ্যোগ নেওয়া হয়েছে।

## GRS (অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা)ঃ

বিআরটিএ'র অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা (GRS) ফোকাল পয়েন্ট কর্মকর্তা হিসেবে এ অথরিটির সচিব নিয়োজিত রয়েছেন। তাছাড়া সকল বিভাগীয় অফিস ও সার্কেল অফিস সমূহে সাপ্তাহিক গণশুনানির মাধ্যমে গ্রাহকগণের অভিযোগ প্রতিকারের ব্যবস্থা করা হয়েছে।

## মোটরযান আইন সংক্রান্ত খসড়া বিধি/প্রবিধান/নীতিমালা প্রণয়নঃ

মোটরযান অধ্যাদেশ, ১৯৮৩ যুগোপযোগী করে প্রণীত সড়ক পরিবহন আইন-২০১৮, ০৮ অক্টোবর ২০১৮ এ গেজেট আকারে প্রকাশিত হয়েছে।

## GOOD PRACTICES (উত্তম চর্চাসমূহ)ঃ

বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি কর্তৃক উত্তম চর্চা হিসেবে নিম্নোক্ত কার্যক্রম গ্রহণ করা হয়েছেঃ

- বিভাগীয় ও জেলা সার্কেল অফিসের সম্মুখভাগে সিটিজেন চার্টার স্থাপন করা হয়েছে।
- মোটরযানের কর ও ফি জমা প্রদানের জন্য ১৭টি ব্যাংকের ৩৩২টি শাখা ও ১৪টি বুথ নির্ধারিত আছে। ব্যাংকের উক্ত শাখা/বুথ নির্ধারিত আছে। ব্যাংকের উক্ত শাখা/বুথের নাম ও ঠিকানা বিআরটিএ'র ওয়েবসাইট (www.brta.gov.bd) এ রয়েছে।
- VISA, Master Card, American Express, Dutch Bangla Bank Ltd. এর সকল কার্ড এবং Dutch Bangla Bank Ltd. এর মোবাইল ব্যাংকিং (রকেট) এর মাধ্যমে (http://ipaybrta.brta.gov.bd) এর মোবাইল ব্যাংকিং (রকেট) এর মাধ্যমে (http://ipaybrta.brta.gov.bd) যে কোন স্থান হতে কর ও ফি প্রদান করা যায়।
- অসুস্থ, বৃদ্ধ ও মুক্তিযোদ্ধাদের জন্য বিআরটিএ মিরপুর সার্কেল অফিসে ব্যাংকের পৃথক কাউন্টার স্থাপন করা হয়েছে।
- ড্রাইভিং লাইসেন্স সেবা প্রার্থীদের জন্য বিআরটিএ মিরপুর সার্কেল অফিসের দর্শনীয় স্থানে ডিজিটাল ডিসপ্লে বোর্ড স্থাপনের মাধ্যমে আবেদনপত্র পূরণের প্রয়োজনীয় শর্ত ও তথ্যাবলী প্রদর্শন করা হচ্ছে।
- বিআরটিএ মিরপুর সার্কেল অফিসে ওয়েটিং রুমের ব্যবস্থা করা হয়েছে।
- ২০১৭ সাল থেকে জাতীয় সড়ক নিরাপত্তা দিবস পালন করা হচ্ছে।
- বিআরটিএ'র ফেসবুক পেজের মাধ্যমে নাগরিকদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেওয়া হয় এবং বিভিন্ন সমস্যা সমাধান করা হয়। বিআরটিএ'র সদর কার্যালয়সহ সকল বিভাগীয় অফিসসমূহে Facebook page খোলা হয়েছে। Facebook- এর মাধ্যমে জনগণ তাদের সমস্যা ও পরামর্শ কর্তৃপক্ষের নজরে আনছেন এবং সংশ্লিষ্ট অফিসের কর্মকর্তাগণ গুরুত্বের সাথে সেসব বিষয়ে ব্যবসথা গ্রহণ করছেন। Facebook এর মাধ্যমে গ্রাহক থেকে বিভিন্ন ধরণের পরামর্শ পাওয়া যাচ্ছে যা সেবার মান উন্নয়নে ভূমিকা রাখছে।
- ২০১৬ সাল থেকে পাবলিক সার্ভিস ডে উদযাপন করা হচ্ছে; যার মাধ্যমে বিআরটিএ'র বিভিন্ন সেবা তাৎক্ষনিকভাবে প্রদান করা হয়ে থাকে।
- দাপ্তরিক কাজে উত্তম চর্চার স্বীকৃতি স্বরুপ কর্মকর্তা/কর্মচারীদের পুরস্কার প্রদান করা হয়েছে। ভবিষ্যতেও এটি চলমান থাকবে।
- রাইডশেয়ারিং সেবাদানকারী প্রতিষ্ঠান এনলিস্টমেন্ট সার্টিফিকেট এবং রাইডশেয়ারিং মোটরযান এনলিস্টমেন্ট সার্টিফিকেটের জন্য ঘরে বসেই আবেদন দাখিল এবং উক্ত সার্টিফিকেটগুলো প্রাপ্তির সুযোগ তৈরি করা হয়েছে।
- বিআরটিএ সার্ভিস পোর্টালের মাধ্যমে ঘরে বসেই শিক্ষানবিশ ড্রাইভিং লাইসেন্সের জন্য আবেদন দাখিল এবং উক্ত লাইসেন্স প্রাপ্তির সুযোগ তৈরী করা হয়েছে।

## সমাপ্ত